ৰ্চিপঞ

***************************************	<u> </u>	A)	A	Ae	and the second
-	-	\$	<del>4</del>	~ ;	
<b>ধৃষ্টিপাত</b> ( উ	७ । अट्टर्ष	<b>জ্ববো</b> ধ	২৮ ৷ বাঞ্জিব তপদ্যা	२१। त्कं क्क्	বিষয়
<b>৩</b> ১। <b>দৃষ্টিপাক</b> (উপক্লাদ) (যাথাবর)	( টুর্কেনিভ থেকে ) মূণালকান্তি পুরকায়স্ক ৮৫ তঃ। প্রেম	( নাটক ) বিজন ভটাচাৰ্য্য	(উপস্থাস) জীগজেন্দ্রমার মিত্র	(কথাচিত্র) শ্রীমণিলাল বন্দ্যোপাগায় ১৭ <sup>।</sup> ৩২। বি <b>জ্ঞান-জগং—</b>	্লেশ্বক
प <b>ड</b>	4	T T	4	<b>.</b>	<b>**</b>
6	& &	3		8	
৮৬ (৫৫। <b>নাট্যশাস্ত্র</b>	প্রেয	प्र ३०। बानोख	( <del>a</del> )	विकान	বিষয়
(প্রবন্ধ)	•	( কবিতা)	ক্লাভেৰ উপাদান (	- STOP	
জ্ঞীঅশোকনাথ শান্ত্ৰী	भनीक्त और	পরিমল রায়	(ক) জ্বগান্তেব উপাদান ( প্রাবন্ধ ) প্রীনিখিলচন্দ্র রায় ১২		(ল্যক
<b>₽</b> ⁄	æ	٧ 6	~		솰

শোধ-বেরিবেরি রোগে সর্বাঞ্চ ফুলিয়া হস্তীর ভাষ	अम्बर्गान्ड *	শোধ-বেরিবেরির অব্যর্থ মহৌষধ	মহালয়ের প্রত্যক্ষ	গভামেণ্ট রেজিক্টার্ড ভিম্যাচাম্য কাবর
শোধ-বেরিবেরি রোগে সর্বাঙ্গ ফুলিয়া হস্তীর ভাষে করে। ডাক্তার আর, বি, সিংহ L. M. P. (দেবীপুর)	অশের ফোলা, যদ্রণাও রক্তপড়া ১ দিনে উপশ্য	ত্ৰ কাৰি *	মহাশায়ের প্রত্যক্ষ ফলপ্রদ ঔষ <b>ধাব</b> লী	গভর্ণমেণ্ট রেজিকডি ভিষ্ণাচাষ্য কাবরাজ—শ্রাঅভয়পদ রায় বিচারত্ব কাবরঞ্জন

				<b>1</b>	म्हिश्व			
	विषश्च		সেথক	166		रियम् .	्डाश्क	南
	(2)	লাস্ম গ্র	লাসন্ন চুভিন্দ ও মেয়েদেৰ কঠিবা ( প্ৰবন্ধ	_	- ::	थं छे	( কবিতা) প্রিম্স মুখোপাধায়	9
			मीवा इटोडिक्शियाम	,b cc	90	म्लिश्डा खीदन	( श्रयः ) म्योवन वरमग्रभाधाव	<b>3</b> 9
	કે (ક્રે)	भरमाञ्जान	( গল ) স্থন ভিত্ত	<b>%</b>	 80 0'	२८। मि एक व्याप	( উপক্লাস ) শিশির সেনগুপ্ত	
	(ব)	সভাসিতা	. ज्याभाष्य्वी त्मरो	e &			জয়স্তকুমার ভাগুড়ী	9
· ~		क्रीध्रमी (स	ষ্ধীদ্পি'গরীয়দী ( উপজাদ ) ঈবিভূদিভগণ ম্থোপংধায় ৫৭	भेषाघ क	90	३०। इसमित	( ক্ৰিড। ) শ্মছ্দেৰ ৰায়	9
2	<b>श्रीनमञ</b> ्डा	_	(প্রবন্ধ ) চিত্রগুপ্	3,	150	२७। दङ्गमेत्र धाँवा	( উণ্ডাস্ ) পঞ্চানন ঘোষাল	e.

### বিশেষ দেউব্য

আহু দুশাক ক ভি হয় লা—াঃ শীকার্ত্তিকচন্দ্র হয় প্রায় অর্জ শাকালী পূর্বে প্রস্তুক করেন। ভাং বড়র ; ল্যাবরেটরীই হংশাক ক্রিংলেব মাদি পুত্তকর্বিক। আহি ক্লে ওনেক

मध्यमित है,



SECURITY OF SECURITY

उरि प्रांद लगदार दी। लिपिएड <u>=</u> कालकाठा

হেড মফিস:—8৫ আমহাই খ্লীট, কলিকাজা। এক্টেণ্ট ও স্টকিষ্ট ভারতের সর্ব্

## The state of the s

## আমেরিকার বিশুদ্ধ হোমিওসার্থিক

क्षेयम् क्षीख छाम ०/১৫ ७ ८० च्याम। अब्दिनकेत्र (भतिहासक) धाः ६७, जि, ८४ — धम, दाय, धम.

াং বেগ, াপ, দেশ-এবা, এম, এম, এইচ, এম, বি (গ্যাহ্চ গণেগিই) ছুতুমুৰ্ব হাউন ফিজিসিমান ক্যাবেদ্য হাসপাভাস এবং হালকাডা হোমিওপ্যাবিক মেডিকেল কলেক

হানিম্যান হোমেও হল :, বিবেকানদ রোড, কলিকাভা।(॥)

ष्ठ कामभाउत्मित्र विकित्मक।

# निग्न गष्टासीद अन्नाम्भा एमध्यम् ग्राह्मिय बाङ्ग्स्नीप्र हिक्थमात्र कृषाख्त

শুহি, মেশ, বীধাবদ্ধক, স্নান্তবিক ও দৌধ্যন্তা **থান্তাহানিতে অন্যোষ**।

ス・ 的女下作う

मृत्त 8 तोका भाष्टम शृथक

বীহাবা প্ৰিক্ৰেণ চিকিৎনায় একেবাকে **নিরাশ হ্ইয়াছেন কেকলবাল** সাহাদিগেৰ জন্ম এই অব্য**ৰ্থ প্ৰত্যক ফলপ্ৰদ মহেবিধ। । দিনে** নিশিতত আবোগ্য । হুৱা ৩, ডাক মাজ**ল খতল**।

কবিগাজ—ললিতমোহন বাদক**গতী** চতুপুকুমার আয়ুকেশি ঔষধা**লয়** গোঃ পাথ্যিয়াঘাটা ফুটি, **দলিকাজ।** 

১ শিশি সাত, গশিশি ৪ । বাঙ্লাদি স্বতস্ত্র।

**डिटन्न**श-निश्चा ७ अनिडिडित बट्डोयध ALECTED BY

**অনুশ্**ল ও পিতুশ্লে প্রত্যেক মানো মুগার উপশ্য

\$74

मधार > । রক্তামাশর-এহণীর মহোমধ

क्रिक रहना \*

ইহা আশ্চহ্য ফলপ্ৰদ মি: এম, এন, ব্যানাৰ্ছিচ D, S. P. রায় সাহেব পুরাতন রক্তামাশয় এহণীর শেষ অবস্থায়ও

**লিথিয়াছেন: "**রোগীর আশ্চর্যা উপকার হইয়াছে। **ভাহাতে** রক্ত নাই, পেটের যন্ত্রণাও নাই।" দাস্ত প্রত্যাহ ৩০।৪০ বার স্থলে ৩।৪ বার হইতেছে;

১৯৭, বহুবাজার খ্লীট, কলিকাজা। [মোতলায়] **चर्डात गृह** द्रांश-विवत्र भाष्ट्रोहिट क्लिट्ब मा। আয়ুর্বেবদীয় ধয়ন্তরি ভবন

> শিশি ১।০, ৩ শিশি ৪,। ডাঃ মাঙল পূথক।

অনুলাজাবন वाधाकत गढोयध

জলপেটেও কোমরে জীব যন্ত্রণা সহ ক্রম্বাভ অল অল প্রত্রোৎপাদিক। শক্তি প্রদান করে। হাইকোর্টের প্রাসিদ্ধ রজ্ঞাব, শিরংপীড়া, মুর্চ্চা প্রভৃতি উপদর্গ দূর করিয়া

অবলা-জীবন ব্যবহার করাইয়া বিশেষ উপকার পাইয়াছি।"

এডভেক্টের মি: এন, ব্যানাজিক লিখিয়াছেন, **"আপনার** 

্ ৰিনি >্ টাকা, ৫ ৰিনি ২॥০ টাকা, ডাঃ মাণ্ডল পুথকু।

वानानिक

करत । श्रीनेन श्रुभातिरण्डेतिक विः धम, त्क, रमसक्ष মৃত্যুয়গ্ৰণাদায়ক উৎকট হাঁপানিও >০ মিনিটে উপশ্য হাপানির মহৌষধ

দাত্ব লিখিয়াছেন, "আপনার খাদারিষ্ট বাবহারে আমার ১ লিলি ১, টাকা, ৩ লিলি ২॥০, ডা: যাশুল শ্বতম্ব। খাস-কট সম্পূর্ণ দূর হইয়াচে, এখন বেশ ভাল আংছি।"

### সাহিত্যিক শন্নৎচক্র

ষাহার অমর স্থান প্রেমেব আসংন, ক্ষতি তার ক্ষতি নয় মৃত্যুর শাসনে। দেশের মাটির থেকে নিল যারে হরি'। দেশের হৃদয় তারে বাবিধাতে বরি'।

- - दवौद्धमाथ

শ্রীহেমেন্দ্রকুমার রায়-লিখিত

এম, সি, সরকার এও সন্স লিমিটেড্ ১৫, কলেজ কোয়ার, কলিকাডা কলিকাতা ১৫ কলেজ স্কোয়ার, এম, সি, সরকার এণ্ড সন্স লিং হইতে প্রীঅপ্র্রকুমার বাগিচি কর্ম্বক প্রকাশিও

দাম বারো আনা

্বনং রামচন্দ্র মৈত্র লেনস্থ ভূনো প্রিন্টিং ওয়ার্কসে শ্রীমোচিতকুমার বন্দ্যোপাধ্যার কর্ত্তুক মৃত্রিত

### শ্রীযুক্ত স্তুরেন্দ্রনাথ সৈত্র করকমনেযু

বন্ধু,

প্রকাশ্রে আগে বিভার রহৎ জাহান্ত চালিরে বিখ্যাত হয়েছেন, ভীরু কাব্যতরণী চলত তথন আপনার মনে সঙ্গোপনে, বিস্তু প্রকাশ্রে আফি কাব্যের রহৎ জাহান্ত চালিয়েছেন প্রাণপণে, সঙ্গুচিত বিভার জাহান্ত তাই তরণীর রূপধারণ করেছে হয়তো গোপনে গোপনে।

কবিবন্ধু সত্যেক্তনাথ দত্তের ছাদের উপরে থিস্কত কবিত্বপূর্ণ সাহিত্য আসরে বছগুণীজনের মধ্যে আপনার সঙ্গে আম'ব প্রথম পরিচয় হয় -- সে আন্ত কত কালের কথা। সেইদিন থেকেই আমি আপনার অন্তরাগী।

আপনার চিত্ত চিংযৌবনের আশীর্কাদে পরম্ফুদর এবং সেইজক্টেই হয়তো ভগবান আপনার মন্তকে পদ্ধকেশ আবির্ভাবের কোন উপায়ই রাখেন নি! বর্ত্তমানের সাহিত্যিক-মনোবৃত্তিহীন সাহিত্যসেবকদের মধ্যে আপনার স্ত্যিকার সাহিত্যনিষ্ঠা অতুলনীয় ব'লেই আপনার স্থ্য আমার গর্বের নিধি।

আপনি আমার অগ্রজপ্রতিম পুরাতন বন্ধু শরংচন্দ্রেরও পুরাতন বন্ধু;

তাই এই রেখাচিত্রথানি আপনাকেই উপহার দিয়ে দক্ত হল্ম; দেখুন দেখি,
আসলের দক্তে থানিকটাও মেলে কিনা ?

ম্বেহাছগত— ্হমেন্দ্রকমার রায়

### "নাচঘতের"র একটি প্রবচ্জের অংশবিদেষ

"হেমেল্রকুমান যথন তক্ষ্ণ ও আমি প্রোচ—সাহিত্যক্ষেত্রে উভয়েই অপরিচিত —তেমন দিনে আরো তু-একটি নবীন সহযোগী নিয়ে প্রতিদিন বস্তুম আমরা একটি ছোট ঘরে অধুনালুপ্ত আমাদের যমুনা কাগজখানি কেন্দ্র ক'রে নিয়ে। তখন থেকে হেমেন্দ্র আমার বন্ধু । যমুনার সম্পাদক ব'লে হেমেন্দ্র নাম ছিল না কিন্তু সম্পাদনার যেটি সবচেয়ে কঠিন কাজ, সেই প্রবন্ধের যাচাই বাছাইয়ের ভার ছিল ভাহার 'পরে। গল্প, কবিতা, সমালোচনা সব-কিছুর ভালোমন্দ স্থির ক'রে দিতেন তিনিই। সাহিত্য রস-বিচারে সেই অল্প বয়সেই আমরা হেমেন্দ্রর দূরদৃষ্টি ও গভীর অন্তভূতির পরিচয় পাই। ললিত-কলার কোনদিকে যে কোনদিন কিছু সৃষ্টি করেনি সে খুঁৎ ধরতে পারে কিন্তু সমালোচন। করতে পাবে না। কেবল দৃষ্টির সমগ্রতার অভাবেই নয়, সমবেদনার অভাবেও। সে তো জানেনা কত ছঃখে একটা জিনিষের সৃষ্টি হয়,—তাই ওর ক্রটি বার করতেই তাব আনন্দ এর সার্থকতার দিকে তার দৃষ্টি যায় না ৷ কিন্তু হেমেন্দ্রকুমারকে নিজেও করতে হয়েছে স্ষ্টি; তাই তাঁর সমালোচনা পড়তে গিয়ে আমার মনে হয় হেমেন্দ্রর বিশ্লেষণ উদ্দিষ্ট বস্তুকে পূর্ণতর ক'ে পুলতেই চায় তাকে বিকৃত-তর ক'রে তুলতে চায় না।

"হেমেন্দ্র রোদার ভাস্কর্যোর আলোচনা আমার মনে আছে। সেই অল্প বয়সেই তিনি যে-জ্ঞান ও রসোপলন্ধির গভার পরিচয় দিয়েছিলেন সে বিশায়কর। সেখানে হেমেন্দ্র ছিলেন একই সঙ্গে কলাবিদ ও কারু-শিল্পের ভব্ব-জিজ্ঞাস্থ ছাত্র।"

১২শে ভাতে ১৩৪০

সামতাবেড়, গাণিত্রাস } শ্রীশরৎ চক্ত চট্টোপাধ্যায় হার্ডড়া

### ভূমিকা

শ্বংচন্দ্রের এই জীবনী লেখা হ'ল আবালবুদ্ধবনিতার উপযোগী ক'রে।

শরৎচন্দ্রের এর চেয়ে বছ জীবনী লেখবার মালমশলা হাতে ছিল, কিছ প্রকাশক চেয়েছেন অল্পন্তার একথানি ছোট্ট জীবনচরিত প্রকাশ করতে, কাজেই বিস্তৃতভাবে কিছিই বলবার জায়গা হ'লনা। পাঠকরা আমার এই শুজ চেষ্টাকে রেখাচিত্র ব'লেই গ্রহণ করবেন। এর মধ্যে বিশেষ ক'বে শরংচন্দ্রের স'হিত্যিক মৃত্তিটিই ফুটিয়ে তোলবার চেষ্টা হল্লেছে। তাই মাছ্যুষ্ শরংচন্দ্রের সাধারণ জীবনের 'আরো অনেক কথা ও কাহিনী জানা থাকলেও বর্তুমান ক্ষেত্রের সেগুলিকে ত্যাগ করতে বাধ্য হয়েছি।

যারা নানা পত্র-পত্রিকার শরংচন্দ্রের জীবন-কথা নিয়ে আলোচনা করেছেন, কাদের কাছ থেকে যেখানে যেখানে সাহায্য পেয়েছি যথাস্থানেই উল্লেখ করেছি। তাঁদের কাভে কৃতজ্ঞ হ'য়ে রইলুম।

এই স্থাবাগে ছটি কথা ব'লে নি। প্রথম, এই জীবনীর ভিতরে ১৩২০
সালের 'যম্না'য় প্রকাশিত শরৎচক্রের আটটি রচনার নাম করা হয়েছে।
কিন্তু তার উপরেও আর একটি গল্প বেরিয়েছিল, তার নাম "আলোও ছায়া"। দিতীয়, শরৎচক্রের আল্পপ্রকাশে প্রথমে য়ায়া সাহায্য করেছিলেন
যথাস্থানে তাঁদের নাম করা হয়েছে বটে, কিন্তু প্রমক্রমে তাঁদের সঙ্গে
শ্রীয়ুক্ত উপেজনাথ গঙ্গোপাধ্যায়ের নাম করা হয় নি। তাঁরও নাম উল্লেখযোগ্য।
শরৎচক্রের পূর্বজীবন সম্বন্ধে বাঁদের কথার উপর নির্ভর করেছি, তাঁদের
মধ্যেও মত্যানৈকা কম নয়। স্মৃতরাং বর্ত্তমান আলোচনাতেও আমার
অজ্ঞাতসারেই অল্পন্ধন্ন তথেকে গিয়েছে ব'লে সন্দেহ হছে। প্রমণ্ডলি কেউত্ত
দেখিয়ে দিলে ভবিয়তে সংশোধনের চেষ্টা করব। ছবিগুলি দিয়ে উপকার
করেছেন "বাতায়ন" সম্পাদক। তাঁকেও ধন্যবাদ। ইতি—

কলিকাতা ২ং /১, অপার চিৎপুর রোড निद्यमक

হেত্যক্রমার রাম্ব

ফাৰ্মন, ১৩৪৪

বাংলাদেশের বালক বালিকাদের জন্ম

मद्र९७८ व्या दाय मान

### চেলেবেলার গল্প

প্ৰকাশক

এম, সি, সরকার এণ্ড সকা লিঃ

### সাহিত্যিক শরৎচন্দ্র

### विक्रगहर्क, त्रवीत्क्रनाथ, भत्र हर्क

গাছ হঠাং জন্মায় না। জন্মের পবেও গাছের বাড়ও স্বাস্থ্য নির্ভর করে সারালো জনির উপরে।

শরংচন্দ্রও হঠাং বড় সাহিত্যিক রূপে জন্মগ্রহণ করের্ম নি।
সাহিত্যিক শরংচন্দ্রের আবির্ভাবের জন্মে আগেকার সাহিত্যিকরা
জনি তৈরি ও বাজ বপন ক'রে গেছেন। আগে তারই একটু
পরিচয় দি।

পৃথিবীর সব দেশেই এক-শ্রেণীর সাহিত্য দেখা দিয়েছে মাকে বলে 'রোমান্টিক' সাহিত্য। বিলাতেব হুল ওয়াল্টার স্কটেব, ফবাসী দেশের ভিক্টর হুগো ও আলেকজান্দার ভুমাসেব এবং বাংলাদেশের বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের হুচিকাংশ উপকাস ঐ 'রোমান্টিক' সাহিত্যের হুন্তর্গত।

ওঁদের উপত্যাসে অসাধাবণ ঘটনার উপরেই বেশী জোর দেওয়া হয়েছে। ওঁরা যে-সব চপিত্রের ছবি এঁকেছেন সাধারণত সেগুলি অতিরিক্ত রংচঙে। ওঁবা যে অস্বাভাবিক চরিত্র স্পৃষ্টি করেছেন, তা নয়; কিন্তু ওঁরা প্রায়ই রঙিন্ কাঁচের ভিত্র দিয়ে চরিত্রগুলিকে দেখেছেন। তাই চরিত্রগুলির উপরে যে-রং পড়েছে তা তাদেব স্বাভাবিক রং নয়। পৃথিবীতে এখন যে-শ্রেণীয় সাহিত্যের বেশী চলন তাকে বলে বাস্তব সাহিত্য। বাংলাদেশে বিশেষ ভাবে এই সাহিত্য সৃষ্টি করেছেন সর্বপ্রথমে রবীন্দ্রনাথ যদিও বঙ্কিম-যুগে—অর্থাং বাংলাদেশে বঙ্কিমচন্দ্রের পূর্ণ-প্রভাবের সময়ে "রাজ্বি" ও "বৌঠাকুরাণীর হাট" রচনাকালে তিনিও 'বোমান্টিক' সাহিত্যকে অবলম্বন করেছিলেন।

বাসেব সাহিত্যের বেথকলা মানুষকে বেমন দেখেন তেমনি আঁচান্ত্র। তাঁরা অতিরঞ্জনের পক্ষপাতী নন এবং অসাধারণ ঘোরালো ঘটনারও উপরে বেশী কোক দেন না। রোজ আমবা মে-সংসারকে দেখি, তারই ছোটখাটো সুখ-ছঃখ হাসি-কান্না নিয়ে সোজা ভাষায় সহজ ভাবে তাঁবা বভ বভ উপত্যাস লিখতে পারেন।

কিন্ত রবীজনাথেরও আগে, বিদ্ধমচন্দ্রের 'বোমাটিক' স'হিত্যেব পূর্ণ-প্রতিপত্তির দিনেই, আব একজন বাঙালা লেখক বাস্তব সাহিত্য রচনা ক'রে নাম কিনেছিলেন। তার নাম বলীয় তারকনাথ গলোপাধ্যার। াং "স্বর্গলতা" হচ্ছে বাংলা-সাহিত্যের একখানি বিখ্যাত উপভাস।

ঘরোরা জ্থ-হ্রথের ত্বত জবি আকার দকণ তারকনাথের মশ শবৎচন্দ্রের মতই কঠাই চাহিদিকে ছড়িয়ে পড়ে এব "মর্ণলতা"র সংস্করণের পর সংস্করণ হ'তে থাকে! বন্ধিম-যুগে আর কোন লেখকের বই এত হাটে নি

"স্থলতা"র কাট্তি দেখে বল লেখক তারকনাথের নকল করতে লাগলেন। কিন্তু ভালেবা অসুকরণ "স্থালতা"র মতন্ , স্থল হয় নি, কারণ নকলকে কেট স্থাদলের দাম দেয় না। তারকনাথ আরো কিছু লিখে গেছেন। কিন্তু তাঁর ক্ষেত্র বিস্তৃত ও শক্তি বড় ছিল না। বঙ্কিম-যুগে তাঁর প্রতিভা কুলিঞ্চের মতই আমাদের চক্ষে পড়ে।

সেইজন্মেই আমরা বলেছি, বাংলাদেশে বিশেষভাবে বাস্তব সাহিত্য এনেছেন রবীন্দ্রনাথই। ভিন্ন ভিন্ন উপস্থাসে তাঁর বিষয়বস্তু ও চরিত্রগুলি ভিন্ন ভিন্ন রূপধারণ করেছে। বাস্তব-সাহিত্যের ক্ষেত্র ও দৃষ্টিশক্তি তিনি বিস্তৃত ক'রে তুলেছেন। কেবল নিত্য-দেখা সংসারকেই তিনি তুলে এনে আবার সাহিত্যের ক্রিছেন। দেখান নি, তার সাহাযো নব নব ভাব ও আদর্শকে খুঁজেছেন। তারকনাথ এ-সব পারেন নি।

শরংচন্দ্র যথন আত্মপ্রকাশ করেন, তথন রবীন্দ্রনাথকে বাদ দিলে বাংলাদেশে সত্যিকার বড় আব কোন ঔপস্থাসিককেই দেখা যেত না। রবীন্দ্রনাথও কেবল উপস্থাস নিয়ে কোনদিনই নিযুক্ত থাকেন নি। কারণ তিনি কেবল ঔপস্থাসিক নন, একাধারে তিনি মহাকবি, নাট্যকার, গীতিকার, ছোটগল্পলেথক, সন্দর্ভকার ও সমালোচক এবং প্রত্যেক বিভাগেই নব নব রসের স্রস্তা। হিসাব করলে দেখা যাবে, তাঁর নানাম্দ্রণীব রচনার মধ্যে উপস্থাস খুব ধেশী জায়গা জুড়ে নেই।

কাজেই বাস্তব-সাহিত্যের ভিতর দিয়ে বাংলার ঘরোয়া আলো-ছায়ার ছবি আঁকতে পারেন এবং কথাসাহিত্যের সাধনাই হবে গাঁর জীবনের প্রধান সাধনা, দেশের তুখন এমন একজন লোকের দরকার হয়েছিল। দেশের সেই প্রয়োজন মিটিয়েছেন শরংচন্দ্র। তিনি একান্ত ভাবেই উপস্থাসিক।

### দাহিত্যিক শরৎচন্দ্র

শরংচন্দ্রের উপরে রবীন্দ্রনাথের বাস্তব-সাহিত্যের প্রভাব পড়েছিল কতটা, "ভারতী"তে তাঁর প্রথম উপত্যাস প্রকাশের সময়েই সেটা জানা গিয়েছিল। গোড়ার দিকে "বড়দিদি" বেরুবার সময়ে লেথকের নাম প্রকাশ করা হয় নি। কিন্তু পাঠকরা লেখা প'ড়ে ধ'রে নেন যে, রবীন্দ্রনাথই নাম লুকিয়ে ঐ 'উপত্যাস লিখছেন! কেউ কেউ নাকি রবীন্দ্রনাথের কাছে গিয়েও জিজ্ঞাসা করেছিলেন!

ক্রবংচন্দ্রের কোন কোন গল্প ও উপস্থাসের বিষয়বস্ত দেখলে তারকনাথ গঙ্গোপাধ্যায়কে মনে পড়বেই। কিন্তু বলেছি, রবীন্দ্রনাথ বাস্তব-সাহিত্যের ক্ষেত্রসীমা ও দৃষ্টিশক্তি বিস্তৃততর ক'রে তুলেছিলেন, তাই পরবর্তী যুগের লেখক শরংচন্দ্রও তারকনাথকে ছাড়িয়ে এগিয়ে যেতে পেরেছিলেন চের বেশীদূর।

এখানে আর-একটা কথাও ব'লে রাথা দবকার। শরং-সাহিত্যের থানিক অংশ রবীন্দ্রপ্রভাবপ্রস্ত বটে, কোন কোন স্থলে তার বিষয়-বস্তু তারকনাথকেও স্থারণ করিয়ে দেয়, কিন্তু তার আনেকটা অংশই একেবারে আন্কোরা। সেখানে শরংচন্দ্র নিজস্থ মহিমায় বিরাজ করছেন এবং দেটা হচ্ছে তার প্রতিভার সম্পূর্ণ নূতন দান। এই নূতনত্বের জন্মেই শরংচন্দ্রের নাম অমর হয়ে রইল।

এইবারে আর-একটি বিষয় নিয়ে কিছু বলব। 'প্তাইল' বা রচনা-ভঙ্গির কথা। যে লেথকেব নিজের রচনাভঙ্গি আছে, লেখার তলায় তাঁর নাম না থাকলেও লোকে কেবল লেখা দেখেই তাঁকে চিনে নিতে পাবে।

আজ প্যান্ত এমন বড় বা ভালো লেখক জনান নি, শার

নিজম বচনাভঙ্গি নেই। ফরাসী দেশে ফ্লবেয়ার নামে একজন লেখক ছিলেন, তিনি অমর হয়ে আছেন প্রধানত তাঁর রচনাভঙ্গির গুণেই।

এক-একজন বড় লেখকের রচনাভঙ্গি আবার এতটা বিশিষ্ট ও শক্তিশালী যে, তা সাহিত্যের এক-একটা বিশেষ যুগকে প্রকাশ করে। কারণ সেই যুগের অন্যান্য লেখকদেরও উপরে তাঁদের রচনাভঙ্গির প্রভাব দেখা যায় অল্পবিস্তর।

বাংলাদেশে ত্ইজন প্রধান লেখকের রচনাভঙ্গি সাহিত্যের, ত্ইটি বিশেষ যুগকে চিনিয়ে দেয়। তাঁরা হচ্ছেন বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ। সাহিত্যের আলোচনায় প্রায়ই 'বঙ্কিম-যুগ'ও 'রবীন্দ্র-যুগে'র কথা শোনা যায়, বঙ্কিম ও রবীন্দ্রের বিশিষ্ট রচনাভঙ্গির প্রাধান্মের জন্মেই ঐ তুই যুগের নামকরণ হয়েছে। বঙ্কিম-যুগের অধিকাংশ লেখকের বচনাভঙ্গির উপবেই বঙ্কিমচন্দ্রের কম-বেশী ছাপ্ পাওয়া যায়। রবীন্দ্র-যুগ সম্বন্ধেও ঐ কথা। এখনকার কোন লেখকই জ্ঞাত বা অজ্ঞাত সারে রবীন্দ্রনাথের রচনাভঙ্গির প্রভাবের ভিতরে না গিয়ে পারেন না। কেউ কেউ প্রোদক্তর নকলিয়া। সাহিত্যে তাঁদের ঠাই নেই।

কোন লেখকই গোড়া থেকেই সম্পূর্ণ-নিজম্ব রচনাভঙ্গির অধিকারী হ'তে পারেন না, কারণ বহু সাধনার ফলে ধীরে ধীরে নিজম্ব রচনাভঙ্গি গ'ড়ে ওঠে। এমন-কি রবীন্দ্রনাথেরও প্রথম ব্য়সের কবিতায় কবি বিহারীলাল চক্রবর্তীর রচনাভঙ্গি আবিষ্কার করা যায়। কিন্তু অদ্বিতীয় প্রতিভার অধিকারী ব'লে রবীন্দ্রনাথ খুব শীঘ্রই বিহারীলালের প্রভাব থেকে মুক্ত হয়েছিলেন্।

বিহারীলালের সব শিষ্য এটা পারেন নি। কবি অক্ষয়কুমার বডালের লেখায় শেষ-পর্যান্ত বিহারীলালের রচনাভঙ্গি বিগুমান ছিল।

শরংচন্দ্রের রচনাভঙ্গি কি-রকম ? তাঁর রচনাভঙ্গি বঙ্গিমচন্দ্র কি রবীন্দ্রনাথের রচনাভঙ্গির মতন অতুলনীয় ছিল না; সমসাময়িক যুগের অধিকাংশ লেখকের রচনাকে বঙ্গিমচন্দ্র ও রবীন্দ্রনাথ যেমন আপন আপন রচনাভঙ্গির দ্বারা আচ্ছন্ন ক'রে রেখেছিলেন, শ্বংচন্দ্র সে-ভাবে বহু লেখককে আকৃষ্ট ক'রে কোন নূতন যুগ-স্থৃষ্টি করতে পারেন নি। তবু তাঁর লেখবার ধরণের মধ্যে এমন একটা-কিছু ছিল যা সম্পূর্ণরূপে তাঁরই নিজের জিনিষ।

শরংচন্দ্রকে তুই যুগপ্রবর্ত্তক বিরাট প্রতিভার আওতায় কলম ধরতে হয়েছিল। প্রথমে বঙ্কিমচন্দ্র, তারপর রবীন্দ্রনাথ। শরংচন্দ্রের প্রথম বয়সের রচনাভঙ্গির উপরে বঙ্কিমচন্দ্রের প্রভাব বেশ স্পষ্ট। পরে বঙ্কিমের প্রভাব ক'মে যায় এবং রবীন্দ্রনাথের প্রভাব বেড়ে ওঠে। কিন্তু কি বঙ্কিমচন্দ্র আর কি রবীন্দ্রনাথ, কেহই শরংচন্দ্রকে বিশেষ বা সমগ্র ভাবে অভিভূত করতে পারেন নি। যারা রঙের কারখানায় কাজ করে তারা গায়ে মুখে ও জামা-কাপড়ে নানা রঙের প্রন্থেশ মেখে বেরিয়ে আসে বটে, কিন্তু তাই ব'লে কেউ তাদের চিনতে ভূল করে না—কারণ তাদের আসল চেহারা অবিকৃতই থাকে। বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথের সাহিত্যের কারখানায় গিয়ে শরংচন্দ্র যে প্রথমে শিক্ষানবিসি করেছিলেন, তার রচনাভঙ্গির ভিতরে কেবল সেই চিহ্নই আছে,—জগতে এমন কোন লেখক নেই, পূর্ব্বর্তী ওস্তাদল্লখকের কাছ থেকে যিনি শিক্ষাগ্রহণ করেন নি; আসলে শরংচন্দ্রের সংলাপ, চরিত্র-চিত্রণ ও বর্ণনা-পদ্ধতির ভিতরে তাঁর নিজস্ব ব্যক্তিবের

প্রভাবই বেশী। রবীন্দ্রনাথের বচনাব মধ্যে শরংচন্দ্রের যে-কোন বচনা না-জানিয়ে রেখে দেওয়া তোক্; যার তীক্ষ্ণৃষ্টি আছে সে শরংচন্দ্রের রচনাকে নেছে নিতে ভুল করবে না।

শরংচন্দ্রের "বড়দিদি" "ভারতী" পাত্রিকায় বেরিয়েছিল লেখকের অজ্ঞাতসারেই। কিন্তু তিনি নিজে আত্মপ্রকাশ করেছিলেন তারও কয়েক বংসব পরে, ১৩১৩ সকে

দে সময়ে নাসিক-সংহিত্যের মধ্যে প্রধান ছিল "ভারতী." "দাহিতা." "প্রবাদী," "নবাভাবত" ও "মানদী"। ক্থাদাহিতো তথন রবীক্রনাথের বাস্তব উপক্য সঞ্চলিব বিপুল প্রভাব। নাট্যসাহিত্যে তখন গিরিশচন্দ্র, অমৃতলাল, ক্ষীবোদপ্রামাদ ও দিজেন্দ্রলালের লেখনী চলেছে: বিশেষ ক'রে ছিজেন্দ্রলালের ঐতিহাসিক নাটকগুলি নিয়ে ভখন মথেষ্ট আলোচনা হছে। কাব্যসাহিত্যে প্রবীণদের মধ্যে ববীন্দ্রনাথ, দ্বিজেন্দ্রলাল, দেবেন্দ্রনাথ সেন, অক্ষয়কুমার বড়াল ও গোবিন্দচন্দ্র দাস এবং নবীনদেব মধ্যে সত্যেন্দ্রনাথ দক্ত, যতীন্দ্রমোহন दांगि ७ कक्रमानिश्चान कल्ला भागास्त्र नाम कटा यास । नाम-্শ্রণীর অ্কাক্ লেখকদের মধ্যে লিপিকুশলতা, রচনাভঙ্গি ও চিন্তাশীলতাৰ জন্মে তথন খ্যাতি অজ্জন করেছেন দ্বিজেল্ডনাথ ঠাকুর, অবনীন্দ্রনাথ ঠাকুর, প্রামণ চৌধুরী বা বীরবল, আক্ষরকুমার মৈত্তেয়, লমেন্দ্রস্থনর জিবেদী, স্থারেন্দ্রনাথ মজ্মদার, প্রভাতকুমার মুখোপাধ্যায়, সুধীন্দ্রনাথ ঠাকুর ও পাঁচকডি কন্দ্যোপাধ্যায় প্রভৃতি। বাংলা সাহিতোর অধিকাংশ লেখনের 'মত শরংচন্দ্রেরও আবির্ভাব মাসিক সাহিত্যক্ষেত্রে এবং ও-ক্ষেত্রে সম্পাদক রূপে তখন স্থারেশচন্দ্র সমাজপতির নাম খুব বেশী। তুবেশচন্দ্র মিষ্ট্র ভাষা ও বিশিষ্ট্র

রচনাভঙ্গির জ্বস্থেও বিখ্যাত ছিলেন; কিন্তু ছুংখের বিষয়, স্থায়ী সাহিত্যের জ্বস্থে তিনি বিশেষ-কিছু রেখে যান নি।

খুব সংক্ষেপেই তথনকার সাহিত্যের অবস্থার ও তার সঙ্গে শরংচন্দ্রের সম্পর্কের কথা নিয়ে আলোচনা করা হ'ল। আমাদের স্থান অল্ল, তাই এখানে বিস্তৃত ভাবে কিছু বলা শোভনও হবে না। তবে আমাদের ইন্সিভগুলি মনে রাখলে শরংচন্দ্রকে বোঝা হয়তো

### শৈশব-জীবন (১৮৭৬-১৮৮৬)

হুগলি জেলার একটি গ্রামের নাম হচ্ছে দেবানন্দপুর। যদিও এক সময়ে দেবানন্দপুরের রায়গুণাকর ভারতচন্দ্রের নামের সঙ্গে জড়েত থাকবার সোভাগা হয়েছিল, তবু একালে এ গ্রামটির নাম কিছুকাল আগে খুব কম লোকেরই জানা ছিল। কিন্তু এখন শরংচন্দ্রের নামের সঙ্গে জড়িত হয়ে দেবানন্দপুর আবার বিখাত হয়ে উঠেছে। পৃথিবীর সব দেশ, নগর ও গ্রাম বড় হয় মানুষেরই মহিনায়। কোন বিশেষ দেশে জন্মেছে ব'লে কোন মানুষ বড় হ'তে পাবে না। অনেকে বড় হবার জন্মে বড় বড় বড় দেশে যান। কিন্তু সভিকোর প্রতিভাবান মানুষ নিজেই বড় হয়ে নিজের দেশকে বড় ক'বে তোলেন।

এই দেবানন্দপুরে মতিলাল চটোপাধাায় নামে এক ব্রাহ্মণ বাস করতেন। মতিলাল ধনী ছিলেন না, ছিলেন তার উল্টোই;—অর্থাৎ গরিব: মতিলাল ছিলেন সেকালকার অনেক ব্রাহ্মণেরই মতন নিষ্ঠাবান, কারণ বাংলাদেশের গ্রামে গ্রামে তথন পাশ্চাত্য সভাতার প্রভাব বেশী বিস্তৃত হ'তে পারে নি। এখন বিলাতী শিক্ষায় অনেকেই ব্রাহ্মণোচিত কর্ত্তবার কথা ভুলে যান, কিছ মতিলাল নাকি এ-দলের লোক ছিলেন না। শরৎচক্রের কথায় জানতে পারি, মতিলালের আর একটি গুণ ছিল তা হচ্ছেন্সাহিত্য-প্রীতি। মতিলালের সহধর্মিণীব নাম ভুবনমোহিনী দেবী। এর কথা ভালো ক'রে এখনো জানা যায় নি, শরংচন্দ্রের উক্তি থেকেও তাঁব কথা জানা যায় না। তবে তাঁর সম্পর্কে-ভাই শ্রীযুক্ত স্থাবন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় লিখেছেনঃ—

"তিনি বড় সাদা-মাঠা লোক ছিলেন। কিন্তু এই নিতাক সাদাসিধা মান্নবটির অন্তরে একটি স্নেহের সমুদ্র নিহিত ছিল। তিনি কোনদিন কাইারো সহিত সম্বন্ধের দাবির দিক দিয়া ব্যবহার করিতেন না। কাঠাবা তাঁহার সেবা-ভক্তিতে মুগ্ধ ছিলেন এবং আমরা ছিলাম সেই বিশুর স্মেহের উপাসক। আজো তাঁর কথা মনে করিতে ব্কের মধ্যে চাপ ব্যোহ মত বোধ হয়—চক্ষ্ণ সর্ম ইইয়া উঠে!"

১৯৮৩ সালের ভাজ মাসেব ৩১শে (ইংবেজী ১৮৭৬ অবেন ১৫ই সেপ্টেম্বর) তারিখে মতিলালের প্রথম পুরলাভ হয়। এই ছেলেটিই বাংলার আদরের নিধি শরংচন্দ্র চট্টোপাধ্যায়। গবিব হ'লেও প্রথম পুত্রসন্থান লাভ ক'বে মতিলাল ও ভুবনমোহিনী যে আনন্দের আতিশয়ে খানিকটা ঘটা ক'রে ফেলেভিলেন, এটুকু জামরা অনায়াসেই ধ'রে নিতে পাবি। কিন্তু শিশুর ললাটে সেদিন বিধাতা-পুক্ষ গোপনে যে অক্ষয় যুশের তিলক এঁকে দিয়েছিলেন, পিতা বা মাতা কেউ সেটা আবিদ্ধার করতে পারেন নি। এবং এই শিশু বড় হয়ে যখন পিতৃকুল ও মাতৃকুল ধন্ম করলেন আপন প্রতিভায়, তুর্ভাগাক্রমে মতিলাল বা ভুবনমোহিনী সেদিন বিপুল আনন্দে পুরকে আশীর্কাদ করবার জন্মে সংসার-নাট্যশালায় উপস্থিত ভিলেন না!

শবংচক্ষের আরো ছ্য়টি ভাই জন্মেছিলেন।

মধ্যম ভাতার নাম প্রভাসচন্দ্র। অল্প বরসেই সন্ন্যাস-ত্রত নিয়ে রামকৃষ্ণ মঠে গিয়ে তিনি নরনারায়ণের সেবায় নিযুক্ত হয়েছিলেন। সন্ন্যাসী প্রভাসচন্দ্রের নাম হয় স্থামী বেদানন্দ। ভারত, সিংহল ও বন্দ্রের দেশে দেশে ছিল তাঁর কার্যাক্ষেত্র। ১৯৩০ খৃষ্টাব্দে তিনি যখন দেশে কিরে আসেন, শরংচন্দ্র তখন পাণিত্রাসে বাস করেছেন। কগ্ন দেহ নিয়ে বেদানন্দ জ্যেষ্ঠ ভ্রাতার আবাসে গিয়ে উঠলেন এবং শরংচন্দ্রেই কোলে মাথা রেখে পৃথিবী থেকে চিরবিদায় নিলেন। কপনারায়ণের তীরে শরংচন্দ্র স্থামী বেদানন্দের স্মৃতিরক্ষার জন্মে একটি সমাধিমন্দির রচনা ক'রে দিয়েছেন এবং পাণিত্রাসে অবস্থানন্দ্র কালে প্রতিদিন সন্ন্যাসী-ভ্রাতার স্মৃতির তীর্থে পুষ্পাঞ্চলি অর্পণ করতেন।

বর্ত্তমান আছেন শরংচন্দ্রের একমাত্র সংগদের শ্রীযুক্ত প্রকাশচন্দ্র চট্টোপাধাার। শবংচন্দ্রের আগ্রহে বিবাহ ক'রে তিনি গৃহী হয়েছেন বটে, কিন্তু তাঁরও প্রথম জীবনের কিছুকাল কেটেছে ভবঘুরের মত।

এবং শরংচন্দ্রও প্রথম যৌবনে ছিলেন ভবঘুরের মত। নাঝে নাঝে গৈরিক বস্ত্র প'রে বেড়াতেন, সন্যাসীদের সঙ্গে নেলামেশা করতেন। স্থতরাং দেখা যাচেছ, নিষ্ঠাবান ব্রাহ্মণ মতিলালের বংশে সন্যাসের বীজ গুপু হয়ে ছিল, তাঁর পুত্রদের সংসারের বাঁধন সহা হ'ত না। এ-সবের উপরে হয়তো মতিলালের কতকটা প্রভাব ছিল।

শরংচন্দ্রের তুই বোন্—শ্রীমতী সনিলা দেবী ও শ্রীমতা মণিয়া দেবী। বড় বোন অনিলা দেবীর নাম নিয়েই শরংচন্দ্র "যমুন্।" পত্রিকায় "নারীর মূল্য" নামে বিখ্যাত রচনা প্রকাশ) করেছিলেন। শরংচন্দ্র এই সোনটির কাছে থাকতে ভালোবাসতেন। তাই অনিলা দেবীব শ্বশুরবাড়ীরই অনতিদূরে পাণিত্রাসে এসে নিজের সাধের পল্লীভবন স্থাপন করেছিলেন। ছোট বোন মণিয়া দেবীর শৃশুরালয় হচ্ছে আসানসোলে।

শরংচন্দ্রের নাতামহের নান স্বর্গীয় কেদারনাথ গঙ্গোপাধায়।
তিনি হালিসহবের বাসিন্দা ছিলেন। তার গুই পুত্র, বিপ্রদাস ও
ঠাকুবদাস। তাবা ভগলপুরে প্রবাসী হয়েছিলেন। ঠাকুবদাস স্বর্গে।
শরংচন্দ্রের একমাত্র নিজের মামা বিপ্রদাস এখন পাটনায় থাকেন।

ু হালিসহর ও কাঁচড়াপাড়া একই জায়গার ছটি নাম। নৈহাটিও এর পাশেই। একসময় এ-অঞ্চল সাহিত্যচর্চ্চার জন্মে প্রসিদ্ধ হয়ে উঠেছিল। রামপ্রসাদ, ঈশ্বর গুপু, বিষ্কমচন্দ্র, সঞ্জাঁবচন্দ্র ও হরপ্রসাদ শান্ত্রী প্রভৃতি বহু বিখ্যাত সাহিত্যসেবকেরই জন্মভূমি হচ্ছে এই অঞ্চলে। শরংচন্দ্রের মাতামহ-পরিবারেও যে সাহিত্য-চর্চ্চার বীজ ছিল, তার প্রমাণ পাওয়া যায়। শুতরাং ওদিক থেকেও তার কিছু-কিছু সাহিত্যান্থবাগের প্রেবণা আসা অসম্ভব নয়। প্রেরণা বে কোন্ দিক থেকে কখন্ কেমন ক'রে আসে তা বলা বড় শক্ত। সকলের অগোচরে স্ফুলিঙ্গের মত সে মান্তবের মনে ঢোকে। তারপর যখন অগ্নিতে পরিণত হয়, সকলের চোখ পড়ে তার উপরে। তবে শরংচন্দ্রের নিজের বিশ্বাস, তিনি পিতারই সাহিত্যান্থবাগের উত্তরাধিকারী হয়েছিলেন।

ঠাকুরমা নাকি শরংচন্দ্রকৈ অত্যন্ত আদর দিতেন, নাতির ইটের বকম ছ্টামি দেখেও তার হাসিখুসি একটুও মান হ'ত নাঃ এবং শোনা বায় বালক শরংচন্দ্রের ছ্ট্রামির কিছু-কিছু পরিচয় লিপিবদ্ধ আছে "দেবদাসে"র প্রথমাংশে। নিজের বাল্যজীবনের প্রথমাংশের কথা শরংচন্দ্র এই ভাবে বলেছেন:—\*

"ছেলেবেলার কথা মনে আছে। পাড়াগাঁয়ে মাছ ধ'রে, ডোঙা ঠেলে, নৌকা বয়ে দিন কাটে, বৈচিত্রের লোভে মাঝে মাঝে যাত্রার দলে সাগরেদি করি, তার আনন্দ ও আরাম যথন পরিপূর্ণ হয়ে ওঠে তথন গামছা কাঁধে নিরুদ্দেশ যাত্রায় বার হই, ঠিক বিশ্বকবির কাব্যের নিরুদ্দেশ যাত্রা নয়, একটু আলাদা। সেটা শেষ হ'লে আবার একদিন ক্ষত্রিক্ষত পায়ে নিজ্জীব দেহে ঘরে ফিরে আদি। আদর-অভ্যর্থনার পালা শেষ হ'লে অভিভাবকেরা পুনরায় বিভালয়ে চালান ক'রে দেন, সেথানে আর এক দফা সম্বর্দনা লাভের পর আবার "বোধোদয়", "পত্রপাঠে" মনোনিবেশ করি। আবার একদিন প্রতিজ্ঞা ভূলি, আবার ছষ্ট সরস্বতী কাঁধে চাপে। আবার সাগরেদি স্কুর্ক করি, আবার্ম, নিরুদ্দেশ যাত্রা, আবার ফিবে আদা, আবার আদর আপ্যায়ন সম্বর্দ্ধনার ঘটা। এমনি "বোধোদয়" "পত্রপাঠে" ও বাল্যজীবনের এক অধ্যায় সান্ধ হ'ল।" \*

এইটুকুর ভিতর থেকেই বালক শরংচন্দ্রের অনেকখানি পরিচয়
পাওয়া যাচ্ছে! তিনি স্থাবোধ বা শাস্ত বালক ছিলেন না।
লেখাপড়ায় তাঁর মন বসত না। যখন পাঠশালায় যাবার কথা,
শরংচন্দ্র তখন পাড়ার আরো কতকগুলি তাঁরই মতন 'শিষ্ট'
ছেলের সঙ্গে ছপুরের রোদে হাটে-বাটে-মাঠে টো-টো ক'রে ঘুরে
বেড়াতেন, কখনো ঘাটে বাঁধা নৌকো নিয়ে নদীর জলে ভেঙ্গে
যেতেন, কখনো খালে-বিলে ছিপ্ ফেলে মাছ ধরতেন, কখনো
যাত্রার দলে গিয়ে গলা সাধ্তেন, আবার কখনো বা নিজক্ষে

<sup>\*</sup> শরৎচন্দ্রের ইংরেজীতে লেথা "আত্মজীবনী"র অন্তবাদ একাধিক সাময়িক পত্রে প্রকাশিত হয়েছে। এথানে "বাতায়নে"র অন্তবাদ গৃষ্ধীত হ'ল ৮—লেং

হয়ে কোথায় বেরিয়ে পডতেন এবং গুরুজনরা দিনের পর দিন তাঁর কোন খোঁজ না পেয়ে ভেবে সারা হতেন! তারপর হঠাৎ একদিন দেখা যেত, ক্তবিক্ষত পায়ে, ধূলো-কাদা-মাথা গায়ে, উদ্ধ্যুক্ষো চলে দীন বেশে অপরাধীর মত ঘরের ছেলে ঘরে কিরে এসেছে! গুরুজনরা "আদর-আপ্যায়নের পালা" 'স্কুরু कदलन- अर्थाए ४ भक, शालाशालि, উপদেশ, घूमि ठछ कान्यल। —হয়তো বেত্রাঘাতও! তারপর বিদ্যালয়ে গিয়ে অনুপস্থিতির জ্ঞে গুরুমশাইয়ের কাছ থেকে আর একদফা "আদর আপ্যায়ন" লাভ! অভার্থনার গুরুষ দেখে শরংচন্দ্র ভয়ে আবার কিছুদিনের জন্মে লক্ষীছেলের মতন "বোধোদয়" খুলে বসতেন! কিন্তু মাথায় যার 'আড্ভেঞ্চরে'র ঘুর্ণী ঘুরছে, ডানপিটের উদ্দান স্বাধীনতা একবার যে উপভোগ করেছে, এত সহজে সে-ছেলের বোধোদয় হবার নয়—ঝড়কে কেউ বাক্সবন্দী ক'রে রাখতে পারে না! গায়ের ব্যথা-মরার সঙ্গে সঙ্গে শরংচন্ত্রে মন আবার উদ্ল-উদ্লু করে, তখন কোথায় প'ড়ে থাকে 'প্রস্পাঠে'র শুক্নো কালো অক্ষরগুলো, আর কোথায় অদৃশ্য হয়ে যায় গুরুজনের রক্তচক্ষুর বিভীষিকা! ইস্কুলের ঘণ্টা বাজলে পর দেখা যায়, শরংচন্দ্র তার জায়গায় হাজির নেই! শরংচন্দ্রের প্রথম বাল্য-জীবনের এই স্মৃতি থেকেই হয়তো তাঁর অতুলনীয় কথাসাহিতের কোন কোন অংশের উৎপত্তি! একটি বালিকাও নাকি দেবানন্দপুরে শরংচন্দ্রের শৈশবলীলাসঙ্গিনী ছিল এবং তার কাহিনী তিনি পরে কোন কোন বন্ধুর ,কাছে 'কিছু-কিছু ব'লেছিলেন। কিন্ত এই হরৈঁক হাটির নাম কেট তার মুখে শোনেনি। সমবয়দী মেয়েদের এবং শোনা

সঙ্গে পুতুলের সংসার নিয়ে এই অনামী মেয়েটির খেলা করতে ভালো লাগতনা, সেও গুৰুজনদের শাসন না মেনে যাত্রা করত তুলি তুলে শরংচল্রের সঙ্গে বেপরোয়া খেলার জগতে,— যেখানে প্রচণ্ড রৌদ্রে বিপুল প্রান্তর দক্ষ হয়ে যায়, যেখানে নিবিড় অরণ্যের ভয়ভরা অরুকারে দিনের আলো মূর্চ্ছিত হয়ে পড়ে, যেখানে বর্ষার ধার্য়ে ফাত নদীর প্রবাহে শরংচল্রের নোকা ঝোড়ো-হাভয়ার পাণলানির আবর্ত্তে পাড়ে তুলে তুলে ওঠে! মেয়েটির মন ছিল মেয-রৌদ্রে বিচিত্র,—মুখ-চোখ ঘ্রিয়ে বগড়া করতেও জানত, আবার হেসে গায়ে পাড়ে ভাব করতেও পারত। শরংচল্রের কথাসাহিত্তেও কোন কোন নারী-চরিত্রের মধ্যে, নাকি এই মেয়েটির ছবি আকা আছে, কিন্তু কোন কোন চরিত্রে


এন্নি বারক্ষেক পলায়ন ও প্রত্যাগননের পর মতিলাল ছেলেকে নিয়ে প্রাম ছাড়লেন। তাগলপুরে ছিল শরংচন্দ্রের দূর-সম্পাকীয় মাঞ্লালয়। এর পারে সেইখানেই শরংচন্দ্রের আবির্ভাব। তার সঙ্গে আমরাও দেবানন্দপুরের কাছ থেকে বিদায়গ্রহণ করছি। দেবানন্দপুরের জল-মাটি শরংচন্দ্রের দেহকে যে ভাবে গঠিত ও পরিপুষ্ট ক'বে তুলেছিল, তার ভিতর থেকেই ভবিষ্কাতে আত্ম-প্রেমা করেন বঙ্গসাহিত্যের শরংচন্দ্র! শিশু-শরংচন্দ্রের কথা আরো ভালো ক'রে জানা থাকলে তার সাহিত্যজীবনের ভিত্তির কথাও আবো ভালো ক'রে বলতে পারা যেত। কিন্তু শিশু-শবংচন্দ্রকে সজ্ঞানে দেখেছে এমন কোন লোকও আজ বর্ত্তমান নেই এবং গরিব বামুনের এক তুরন্ত ভেলের আবপ্রথণতার দি

্রীথেকে উল্লেখযোগ্য কিছু আবিকার করবার আগ্রহও কারুর তখন ্ত্য় নি। দেবানন্দপুরে শরংচজ্রের বাল্যজীবনের সম্পূর্ণ ইতিহাস সংগ্রহ করা অত্যস্ত কঠিন।

দেবানন্দপুর থেকে বিদায় নিচ্ছি বটে, কিন্তু কিছুকাল পরে শারংচন্দ্রকে আবার কিছুকালের জন্মে দেবানন্দপুরে ফিরতে হয়েছিল। তথন ভাগলপুর থেকে তিনি বালকের পক্ষে অপাঠ্য পুস্তক পাঠের কোক নিয়ে এসেছেন। এ সম্বন্ধে তিনি বলছেনঃ—

"কিন্তু এবারে আর "বোধোদর" নয়, বাবার ভাঙা দেরাজ খুলে বার করলাম "হরিদাদের গুপুকথা"। আর বেরোলো "ভবানী পাঠক"। শুরুজনদিথের দোষ দিতে পারিনে, ক্লের পাঠ্য তো নয়, ওগুলো বদ্ছেলের অপাঠ্য পুশুক। তাই পড়বার ঠাই ক'রে নিতে হলো আমাকে বাডীর গোয়াল্যরে। সেগানে আমি পড়ি, তারা শোনে। এখন আর পড়িনে, লিখি। সেগুলো কারা পড়ে, জানিনে। একই স্কুলে বেশীদিন পড়লে বিগা হয় না, মান্তারমশাই একদিন স্নেহবশে এই ইঞ্চিতটুকু দিলেন। অতএব আবার দিরতে হলো মহরে। বলা ভাল, এর পরে আর স্থুল বদলাবার প্রয়োজন হয় নি।"

এইখানে প্রকাশ পাচ্ছে, দ্বিতীয়বার দেবানন্দপুরে এসে
শরংচন্দ্রের দৃষ্টি ফিরেছে সাহিত্যের দিকে। তথন দেশে শিশুপাঠ্য
সাহিত্য ছিল না। তাই শরংচন্দ্রের মত আরো বহু বিখ্যাত
সাহিত্যিককেই প্রথম মনের খোরাক যুগিয়েছে ঐ "হরিদাসেব গুপ্তকথা" বা ঐ শ্রেণীরই পুস্তকাবলী। আরো দেখা যাচ্ছে, তথন কলম না ধরলেও নিষিদ্ধ পুস্তকের পাঠক বা কথক শরংচন্দ্র গোয়ালঘরে কতকগুলি শ্রোতা জ্টিয়েছেন। তারা কারা ? হৃত্ত্রেকিছা যারা স্কুলে বন্দা হওয়ার চেয়ে শরংচন্দ্রের 'টোটো এবং শোনা



トセミラン・ラー・ウーダー・ファイン アナアルコ



পানিবাদের বাসভবন

কোম্পানী'তেই চুকে হাটে-মাঠে পথে-অপথে বেড়াবার জক্তে অধিকতর আগ্রহ প্রকাশ করত! সে-দলের কারুর পাকা মাথার সন্ধান যদি আজ পাভয়া যায়, তা'হলে শরংচন্দ্রের হলভি বাল্য-জীবনের বহু উপকরণই সংগৃহীত হ'তে পারে। আশা করি, শরংচন্দ্রের বৃহত্তর জীবনীর লেখক এ-চেষ্টা করতে ভুলবেন না।

দেবানন্দপুরে শরংচন্দ্রের পৈতৃক বাস্তুভিটা এখন **অন্য লোকের** হস্তগত। সে ভিটার সঙ্গে তাঁর শৈশব-শ্বতির অনেক মধুর স্থ-ছঃখ জড়িত আছে ব'লে পরিণত বয়সে শরংচন্দ্র বাড়ীখানি আবার কেনবার চেষ্টা কবেছিলেন; কিন্তু চেষ্টা সফল হয় নি।

### বাল্যজীবন ও প্রথম যৌবন (১৮৮৬-১৮৯৬)

"এলাম সহরে। একমাত্র "বোধোনয়ে"র নজিরে গুরুজনেরা ভর্তি ক'লে দিলেন ছাত্ররতি কাগে। তার পাঠ্য—"সীতার বনবাস", "চারুপাঠ". "মন্তাব-সদ্গুরু" ও মন্ত নোটা ব্যাকরণ। এ শুরু প'ছে যাওয়া নয়, নাসিকে সাধ্যাহিকে সমালোচনা লেখা নয়, এ পণ্ডিতের কাছে মুখোমুখি দাঁড়িছে প্রতিদিন পরীক্ষা দেওয়া। সতবাং অসকোচে বলা চলে যে, সাহিত্যের সঙ্গে আমার প্রথম পরিচয় ঘটলো চোথের জলে। তারপরে বহু ছঃথে আন আর একদিন সে মিয়াদও কটিলো। তথন ধারণাও ছিল না যে, মাছ্যকে ছঃখ দেওয়া ছাডা সাহিত্যের আর কোনো উদ্দেশ্য আছে।"

ভাগলপুরের বাংলা ইস্কুলে চুকে শরৎচন্দ্রের মনের ভাব হয়েছিল কি-রকম, তার উপর-উদ্ধৃত উল্তি থেকেই সেটা বোঝা মাবে ছাত্রমন্তি কেলাসে ভত্তি হয়ে শরৎচন্দ্র আবিষ্কার করলেন, তার সহপাঠীরা তার চেয়ে অনেক বেশী অগ্রসর। কিন্তু জীবনে বা সাহিত্যে কারুর পিছনে প'ড়ে থাকবেন, এটা বোধ হয় তাঁর ধাতে ছিল অসহনীয়। লেখাপড়ায় তথনি তার ঝোক হ'ল। একপ্রে মনে বিভাচর্চা ক'রে অল্লিনের ভিতরেই তিনি তাঁর সহপাঠীলেব নাগাল ধ'রে ফেললেন।

স্থ্যাম ছেড়ে এতদূরে দূরসম্পর্কীয় মামার-বাড়ীতে থেকে বিজ্ঞা-শিক্ষা করার একটা প্রধান কারণত বোধ হয় শরৎচন্ত্রের দারিস্রা এই দারিস্রোর ভিতর দিয়েই শরৎচন্ত্রের যৌবনের অনেকখানি নই হয়ে গিয়েছিল এবং পরে আমরা দেখাব যে, শরৎচন্ত্রের ঐ দারিদ্রো জন্মে বা লা সাহিত্যও কভখানি ক্ষতিগ্রস্ত হয়েছে! ছাত্রবৃত্তি-কেলাসে শরৎচন্দ্র ও তাঁর সাঙ্গপাঞ্চনের তুপ্টবৃদ্ধি সম্বন্ধে একটি মজার গল্প আছে। ইন্ধুলের যে-ঘড়ী দেখে ছুটি দেওয়া হ'ত, শবংচন্দ্র ও তাঁর সঙ্গীরা রোজ কাঁধাকাঁধি ক'রে দেওয়ালের উপরে উঠে সেই বড় ঘড়ীটার কাঁটা এত এগিয়ে দিতেন যে, অনেক সময়ে প্রধান শিক্ষক সেই বেঠিক ঘড়ীকে বিশ্বাস ক'রে এক ঘটা আগেই ইন্ধুল বন্ধ করতে বাধ্য হ'তেন। শেষে যেদিন ছেলেবা ধরা পড়ল, সেদিন কিন্তু দোযীদের দলে শরংচন্দ্রকে আবিক্ষার করা যায় নি! তিনি অভিমন্থা-জাতীয় বালক ছিলেন না, বিপদের মৃত্রের বৃহে ভেদ ক'রে স'রে পড়তে পারতেন যথাসময়ে।

শরংচন্দ্র ভাগলপুরের যে বাংলা ইস্কুলে ঢ়কে ১৮৮৭ অক্ষে
ভার্থতি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিলেন, সেটি নাকি এখনো বিভ্যমান।
এব পব তিনি ওখানকারই তেজনারায়ণ জুবিলি কলেজিয়েট ইস্কুলে
ভিত্তি হন। ওখানে গিয়ে নাকি তাঁর পড়াশুনায় মতি হয়েছিল,
কারণ "আনন্দবাজার পত্রিকা" খবর দিয়েছেন, "তিনি অল্পদিনের
মধ্যেই শিক্ষকগণের প্রিয় হইয়া উঠেন। মনোযোগী ছাত্র হিসাবে
ভাহার বেশ স্থনাম ছিল।" "ভারতবর্ষে"র সংক্ষিপ্ত জীবনীতে

"এন্ট্রান্স্ পাশ করিয়া সেই স্কুলেরই সংযুক্ত কলেজে এফ-এ পড়িতে থাকেন। কিন্তু পরীক্ষার পূর্বের নাত্র ২০ টাকা ফী দিতে না পারিয়া তিনি বিরক্ত ছইয়া কলেজ পরিত্যাগ করেন এবং প্রতিজ্ঞা করেন চৌদ্র বৎসর ধরিয়া তিনি প্রতিদিন চৌদ্র ঘটো করিয়া বিভাশিকা করিবেন। সেই প্রতিজ্ঞা তিনি পালন করিয়াছিলেন।"

কুড়ি টাকার অভাবে তাঁর লেখাপড়া ছেড়ে দেওয়ার কথা

আরো অনেকেই লিখেছেন। কিন্তু এ-কথার প্রতিবাদও বেরিয়েছে। তিনি নাকি চাকরি ক'রে পিতার অর্থকষ্ট দূর করবার জন্মেই কলেজ ছেড়ে দিয়েছিলেন। শরৎচন্দ্র প্রবেশিকা পরীক্ষা দেন ১৮৯৪ অব্দে, সতেবো বৎসর বয়সে। কলেজ ছাড়বার কিছু 'পরেই (১৮৯৬) তিনি মাতৃহীন হন।

ইস্কুলের কেলাসে শরংচন্দ্রের পাঠ্যপুস্তকভীতি হয়তো দূর হয়ে
গিয়েছিল, হয়তো তিনি 'গুড বয়' খেতাবও পেয়েছিলেন। কিন্তু
ইস্কুলের বাইরে খেলাধূলার উৎসাহ তাঁর কিছুমাত্র কমে নি এবং
এ-বিভাগে তাঁর দক্ষতাও ছিল নাকি যথেষ্ট। দল গ'ড়ে নিজে
দলপতি হবার শক্তিও যে তাঁর হয়েছিল, সে পরিচয়ও আছে। তার
মাতুল-সম্পর্কীয় বন্ধু ও সাহিত্যিক শ্রীযুক্ত স্থুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়
বলেছেনঃ—

"শৈশবে আমরা শরৎকে আমাদের থেলার দলের দলপতিরূপে পাইরাছিলাম। 
ডাকাতের দলের সর্দারের দোষগুণ বিবৃতিতে সিক্ত হৃদয় যেমন যুগপৎ আনন্দবিষাদে মথিত হইয়া ওঠে,—আজও আমাদের দলপতির কথা স্থরণ করিলে
অন্তরের মধ্যে তেমনি হর্ষ-ব্যথার স্থর বাজিতে থাকে। একদিকে ইস্পাতের
মত কঠিন—অন্তদিকে নবনীকোমল। অন্তায়কে পদদলিত করিবার তর্দ্ধ
সন্ধার, আবার তর্বলের পরম কারুণিক আশ্রেয়দাতা। বালক শরং রুদ্রতায়
বজ্রের মতই কঠোর ছিল। সময় সময় মনে হইত সে হৃদয়হীন। যাহারা সেই
দিকের পরিচয় পাইল তাহারা তাহার শক্রই রহিয়া গেল; কিন্তু অশেষ ক্ষেহ
ভাজনের দলের ত' অভাব নাই।"

পরের জীবনেও তাঁর এই স্বাতন্ত্র্য লক্ষ্য করা যায়। কোন-দিনই তিনি কোন দলে মিশে দিতীয় বা তৃতীয় স্থানে সবস্থান করাটা পছন্দ করতেন না। এমন-কি যে-দলে তাঁর সমবয়সীর সংখ্যাই বেশী, সেখানেও যৌবন উত্তীর্ণ হবার আগেই শরংচন্দ্র নিজেকে 'বুড়ো' ব'লে মুক্তবিআনা করতে ভালোবাসতেন এবং দলপতি হবার কোন কোন গুণও তাঁর ছিল।

ভাগলপুরে গিয়েও অক্যান্স খেলাধূলার সঙ্গে থিয়েটারের আকর্ষণ ভিনি এড়াতে পানেন নি। কেউ কেউ লিখেছেন, তিনি নিজেও নাকি ভালো থিয়েটারি অভিনয় করতে পারতেন। বঙ্কিমচন্দ্রের "মৃণালিণী"তে তিনি নাকি একটি নারী-ভূমিকায় গানে ও অভিনয়ে স্থনাম কিনেছিলেন! থিয়েটারে সখের অভিনয় করবার জন্মে হয়তো শরৎচন্দ্রের আগ্রহের অভাব ছিল না, হয়তো কোন কোন দলে গিয়ে ছোটখাটো ভূমিকায় তিনি মহলাও দিয়েছেন, কিন্তু প্রকাশ্য ভাবে রঙ্গমঞ্চে নেমে অভিনয় ক'রে তিনি অতুলনীয় নাম কেনেন-নি নিশ্চয়ই। কারণ ও-বিভাগে তাঁর চেয়ে শ্রেষ্ঠ ছিলেন 'রাজু"। তার কথা পরে বলব।

তাঁর নিজের মূথে আমরা এই গল্পটি শুনেছিঃ "সথের থিয়েটারে স্টেজে উঠে যেদিন প্রথম কথা কইবার স্থযোগ পেলুম, সেদিন স্থযোগের সন্থ্যবহার করতে পারি নি। আমার পার্টে কথা ছিল মোটে এক লাইন! আর-একটি ছেলের সঙ্গে আমি স্টেজে নামলুম। আগে তারই পার্ট বলবার কথা। কিন্তু সে তো নিজের পার্ট বললেই, তার উপরে আমি মুখ খোলবার আগেই আমার জন্মে নিন্দিষ্ট এক লাইন কথাও অম্লানবদনে ব'লে গেল। আমি হাঁ ক'রে দাঁড়িয়ে রইলুম।"

ত্বংসাহসী ডানপিটে ছেলের যে-সব থেলা, ভাগলপুরে গিয়ে°

বিচ্যাচর্চার অবকাশে সর্দার শরৎচন্দ্র তাঁর তুরস্ক ছেলের দলটি নিয়ে সেই-সব খেলাতেও যে মেতে উঠতেন, ভাতে আর সন্দেহ নেই। এই খেলার জগতে তিনি এক নৃতন সঙ্গী ও বড় বন্ধুও লাভ করলেন। ছেলেটির নাম রাজু বা রাজেন্দ্র এবং সর্ফারিতে তার আসন বোধ হয় শরংচন্দ্রেও উপরে ছিল। শবং ও রাজ্র নায়কতায় যে হুষ্টু ছেলের দলটি ভাগলপুরের আকাশ-বাভাস ও গঙ্গাতটকে মুখর ক'রে তুলত, তথনকার বয়োক্দদের পক্ষে তারা যে যথেষ্ট তুর্ভাবনার কারণ হয়ে উঠেছিল, এটুকু বুঝতে বেশী কল্পনাশক্তির দরকার হয় না। এই রাজ হচ্চে একটি অত্যন্ত চিত্রাকর্ষক চরিত্র। গুণ্ডামি, ফুটবল-খেলা, ঘুড়ি-উড়ানো, সাতার, জিম্নাষ্টিক, হাতের লেখা, ছবি-আঁকা, পড়াশুনো, বাঁশী-হারমোনিয়ম বাজানো, গান-গাওয়া ও অভিনয় প্রভৃতি প্রভোকটি ৰিষয়ে রাজ ছিল অদ্বিতীয় প্রতিভার অধিকারী! বালাবয়সেই তাব সাহস ও তেজের অসাধারণতা ছিল বিস্ময়কর! ভাগলপুরের এক সাহেবের সথের আমোদ ছিল, কালা-আদ্মির পৃষ্ঠদেশে চাবুক চাসনা! ইস্কুলের জনৈক মাষ্টার বারংবার তাঁর বিলাতী চাবুকের আদরে কাতর হয়ে শেষটা রাজ্ব আশ্রয় গ্রহণ করলেন। রাজ্ তখনি তার দলবল নিয়ে ছুটে গিয়ে সাহেবের টমটম্-শুদ্ধ ঘোড়াকে দডীর ফাঁদে বন্দী ক'রে সেই শ্বেতাঙ্গ অবতারকে এমন শিক্ষা দিয়ে এল যে, তারপর থেকে সথের চাবুক-চালনা একেবারে বন্ধ হয়ে গেল! পরিণত বয়সে শরংচন্দ্র নাকি তাঁর "শ্রীকান্তে"র ইন্দ্রনাথ চরিত্রে বাল্যবন্ধু রাজুকে অমর ক'রে রাখবার চেষ্টা করেছেন। এ কথা মৃত্য হ'লে মানতে হয়, রাজুর ভিতরে অসাধারণ ব্যক্তিরের অভাব

ছিল না। এবং সে রাজ্ আজ কোথায় ? ইহলোকে, না পরলোকে ? তবে এইটুকু মাত্র জানা গিয়েছে যে, রাজ্ব মনে তকণ বয়সেই বৈরাগ্যের উদয় হয়েছিল। গঙ্গার তীবে নির্জ্ঞান শাশানে গিয়ে সে ধ্যানস্থ হ'ত, উপবাস করত, শিশু ছাড়া আব কারুর সঙ্গে কথাবার্তা কইত না এবং স্বচক্ষে "ঈশ্বরেব জ্যোতি" দেখে খাতায় তা একে রাখত। তারপব একদিন সে ভাগলপুর থেকে অদৃশ্য হ'ল এবং আজও তার সন্ধান কেউ জানে না। হয়তো রাজ্

এই সময়েই বোধহয় শবংচন্দ্র নিজের অজ্ঞাতনাবেই ললিজ-কলার নানা বিভাগের দিকে আকৃষ্ট হয়েছিলেন। জড় লোহা নিশ্চয়ই জানে না, চৃত্বক তাকে আকৃষ্টণ করে। ভবিষ্যুতে যে শিল্পী হবে, তরুণ বয়সে সেও নিশ্চয় শিল্পী ব'লে নিজ্ঞাক চিনতে পারে না। তবু তার মনেব গড়ন হয় এমনধারা যে, আট তাব মনকে টানবেই। এমন-কি আটের যে-সব বিভাগ পরে তার নিজের বিভাগ হবে না, সে-সব ক্ষেত্রেও সে প্রাণের সাড়া পায়; কারণ সব আটেরই মূলবস হচ্ছে এক।

যাত্রা-থিয়েটারের দিকে শরংচন্দ্রের ঝোঁক ছিল, কাবণ ওটা হচ্ছে আর্টেরই আসর। তিনি নিজে বিখ্যাত অভিনেতা না হ'লেও পরে বাংলাদেশের নাট্যকলা তারই কথাসাহিত্যকে বিশেষ-ভাবে অবলম্বন ক'রে অল্ল পৃষ্টি লাভ করে নি। এবং সে-হিসাবে তাকে অনায়াসেই নাট্যজগতের একজন ব'লে ধ'রে নেওয়া যায়। তারপর ভাগলপুরেই হয়তো শরংচন্দ্রের সঙ্গীতকলার প্রতি অনুরাগ হয়। তিনি নিয়মিত ভাবে কণ্ঠসাধনা করেছিলেন ব'লে প্রকাশ নেই;

কিন্তু আমরা স্বকর্ণে শুনে জেনেছি যে, শরংচন্দ্র ঈশ্বরদন্ত স্ক্রকণ্ঠর অধিকারী ছিলেন: তিনি নিজের চেষ্টায় শুনে এমন গান শিখেছিলেন এবং সে গান এমন কৌশলে গাইতে পারতেন যে, শ্রোতারা তন্ময় হয়ে শুনত। যন্ত্রসঙ্গীতেও তার হাত ছিল, ব'লেই শুনেছি। এবং কিছু কিছু ছবি আঁকতেও পারতেন। (পাঠকরা লক্ষ্য করলে দেখবেন, রাজুর সঙ্গে শরংচন্দ্রেও মিল ছিল কতথানি!) সাহিত্যক্ষেত্রে না এলে শরংচন্দ্র মিল ছিল কতথানি!) সাহিত্যক্ষেত্রে না এলে শরংচন্দ্র পরে হয়তো শ্রেষ্ঠ গায়ক, বাদক বা চিত্রকর রূপে আত্মপ্রকাশ করতেন; কারণ যথার্থ কলাবিদের স্বভাব নয় চিরদিন আত্মগোপন ক'রে থাকা: আটের কোন-না-কোন পথ বেছে নিয়ে একদিন-না-একদিন তিনি বাইরে বেরিয়ে পড়বেনই। ত্রাহ্মণের গায়ত্রী মন্তের মত লুকিয়ে রাখবার জিনিষ নয় আটে।

এবং ইতিমধ্যে অতি গোপনে চলছিল সাহিত্য চর্চা।
মাতুলালয়ে থেকে শরৎচন্দ্র কেবল নিজেই লেখাপড়া করতেন না.
বাড়ীর ছেলে-মেয়েদের পড়ানোরও ভার ছিল তার উপরে। এসবের পালা চুকিয়ে গভীর রাত্রি পর্য্যন্ত চলত তার সাহিত্যের
অমুশীলন।

শরৎচন্দ্র পরে একাধিক বন্ধুর কাছে বলেছেনঃ "আমি অনেক দলে গিয়ে মিশেছি, অনেক ভালো-মন্দ সাধারণ লোকের সঙ্গে আমার আলাপ হ'য়েছে, কিন্তু কোথাও আমি নিজেকে হারিয়ে ফেলি নি। সর্ববদাই আমার মনে হ'য়েছে, আমি ওদের কেউ নই।".....এই যে মনে-মনে নিজেকে আলাদা ক'রে রাখা, এটা 'হচ্ছে বড় কলাবিদের লক্ষণ। দেবানন্দপুরের গরিবের ঘরের দামাল ছেলে শরংচন্দ্র ভাগলপুরে এসে উচ্চতর কর্ত্তবাসাধনের জন্ফে নিজেকে যদি আলাদা ক'রে না রাখতে পারতেন, তাহ'লে তাঁকেও আজ যবনিকার অন্তরালে বাঁস করতে হ'ত। যে নদী সমুদ্রের ডাক শুনেছে, মাঝপথে নিজের শাখা-প্রশাখাকে অবলম্বন ক'রে সমস্ত জলধারা সে নিঃশেষিত ক'রে ফেলে না, তাঁর প্রধান গতি হবে সমুদ্রের দিকেই। লোকে যাকে কবিতা বলে শরংচন্দ্র তেমন কবিতা কখনো লেখেন নি বটে, কিন্তু তাঁর গতারচনার মধ্যে কাব্যসৌন্দর্যোর অভাব নেই কিছুমাত্র। অতি-তরুণ বয়সেই — ভাগলপুরে থাকতেই—তাঁর চিত্ত যে কাব্যরসে স্নিগ্ধ হ'য়ে উঠেছিল শ্রীযুক্ত শুরেক্রনাথ গঙ্গোপাধ্যায় শরংচন্দ্রের বাল্যজীবন বর্ণন করতে গিয়ে তার স্থন্দর পরিচয় দিয়েছেন :

"ঘোষেদের পোড়োবাভীর একধারে উত্তর দিকে গঙ্গার উপরেই একটা ঘরের পিছনে করেকটা নিম আর দাঁতরাঙ্গা গাছে একটুথানি ছোট জায়গাকে অক্ষকারে নিবিড় কবিয়া রাগিয়াছিল। নিমের গোলঞ্চ মদনের কাঁটা-লতা চারিদিক তইতে এই স্থানটিকে এমনভাবে বেড়িয়া থাকিত যে, তাহার মধ্যে মাছব প্রবেশ করিতে পারে এ বিশ্বাস বড কেহ করিতে পারিত না। এক একদিন দলপতি কোথাও উবাও হইয়া যাইত; জিজ্ঞাসা করিলে বলিত, "তপোবনে ছিলাম।"

হঠাৎ একদিন আমার সোভাগ্যের উদয় হইয়াছিল বোধ করি। আমাকে "তপোবন" দেখানো হইবে জানিতে পারিয়া আমার হৃদয় আনন্দে গুরু গুরু করিতে লাগিল। কিন্তু অবশেষে শরৎ বলিল, "তুই যদি আর কাউকে ব'লে দিস শূঁ পূর্বদিকে ফিরিয়া স্থ্য সাক্ষ্য করিয়া বলিলাম, "কাউকে বল্বো না।" কিন্তু তাহাতে সে নিরস্ত হইল না, বলিল, "উত্তরদিকে ফের্, ফিরে গঙ্গা আর হিনালয়কে সাক্ষ্য ক'রে বল।" তাহাও করিলাম। তথন সে আমাকৈ

সঙ্গে করিয়া অতি সন্তর্পণে লতার পদা সরাইয়া একটি সুপরিচ্ছন্ন জয়গায়
লইয়া গেল। সবৃজ পাতার মধ্যে দিয়া ফুর্ম্যের কিরণ প্রবেশ করার জলা
একটা স্লিগ্ধ হরিতাভ আলোয় সেই জায়গা চক্ষ্ম ও মনকে নিমেমে শাল্প
করিয়া অগলোকে উত্তীর্ণ করিয়া দেয়। প্রকাণ্ড একথানা পাথরের উপর
উঠিয়া বিসয়া সে স্লেহভরে ডাক্ দিল—"আয়।" তাহার পাশে বসিয়া নীচে
চাহিয়া দেখিলাম—খরস্রোতে গঙ্গা বহিয়া চলিয়াছে। দূরে —গঙ্গার ও-পারে
—নীলাভ গাছপালার ধোঁয়াটে ছবি পাতার কাকে কাকে দেখা য়য়। শতল
বাতাস ঝির্ ঝির্ কবিয়া বহিতেভিল। সে বলিয়, "এইখানে ব'সে ব'সে
আমি সব বছ বছ কথা ভাবি।" উত্তরে বলিল্মে,—"তাইতে বৃক্ষি তুমি
কয়তে একশোর মধ্যে একশোই পাও গু" সে অবজ্ঞাভরে বলিল্য,—"দং!"

ফিরিবার সময় সে বলিল, "কোনোদিন এথানে একলা আসিস্ নে—"

"কেন ?"---

"ভয় আছে।"—

"95 ?"-

দে গম্ভীর স্বরে বলিল, "ভূত-টুত কিছু নেই।"

"তবে ?"—

"এথেনে সাপ থাকে।"

এর আগেই আমরা দেখিয়েছি, ইতিম্ধ্য একবার দেবানন্দপুরে
গিয়ে শরৎচন্দ্র ইন্ধুলের বই ফেলে লুকিয়ে "হরিদাসেব গুপুকথা"
ও "ভবানীপাঠক" (ওদের লেখক ভুবনমোহন মুখোপাধ্যায়
একসময়ে বাঙালী পাঠকের কাছে অত্যন্ত জনপ্রিয় লেখক ছিলেন
এবং তার একটি নিজম্ব 'স্টাইল'ও ছিল) প্রভৃতি পড়তে মুক
ক'রে সাহিত্যচর্চ্চার একটি পিচ্ছল সোপানের উপরে উঠেছেন।
ভারপরের কথাও শরংচন্দ্রের নিজের মুখেই শুমুনঃ

"এইবার থবর পেলুম বিদ্যাচন্দ্রের গ্রন্থাবলীর। উপসাস-সাহিত্যে এর পরেও যে কিছু আছে তথন ভাবতেও পারতাম না! প'ড়ে প'ড়ে বইগুলো ফন মুথস্থ হয়ে গেল। বোধ হয় এ আমার একটা দোষ। অন্ধ অন্ধকরণের চেষ্টা যে না কবেছি তা নয়। লেথার দিক দিয়ে সেগুলো একেবারে বার্থ হয়েছে, কিন্তু চেষ্টার দিক দিয়ে তার সঞ্চয় মনের মধ্যে আজও অন্ধতন কবি।"

দেখা যাচ্ছে, বঙ্কিমচন্দ্রের গ্রন্থাবলীর মহিমায় শরংচন্দ্রের নিজেরও লেখনীধারণের লোভ হয়েছে! এইভাবে তরুণ বয়ংস বঙ্কিমের কত পাঠক যে লেখকে পরিণত হয়েছে, তার থবর কেউ রাখেনা! বঙ্কিমের লেখায় যে-যাত্ আছে, শরংচন্দ্র যে তার দ্বারা কতথানি অভিভূত হয়েছিলেন সেটাও লক্ষ্য করবার ও স্থারণ রাখবার বিষয়। শেষ-জীবন পর্যান্ত বঙ্কিমের প্রভাব যে তিনি ভুলতে পারেন নি, সে ইঞ্জিতও আছে। অতঃপর শুরুনঃ

"তারপরে এল 'বঙ্গদর্শনে'র নব-পর্য্যায়ের নুগ। রণীন্দ্রনাথের "চোথের বালি" তথন ধারাবাহিকভাবে প্রকাশিত হচ্ছে। তাষা ও প্রকাশ ভঙ্গির যেন একটা নৃত্রন আলো এসে চোথে পড়ল। সেদিনের সেই গভীর ও স্থতীক্ষ স্মৃতি আমি কোনদিন তুলব না। কোনো কিছু যে এমন ক'রে বলা যায়, অপরের কমার ছবিতে নিজের মনটাকে যে পাঠক এমন চোথ দিয়ে পায়, এর পূর্বের কথনো স্বয়েও ভাবিনি। এতদিন শুধু কেবল সাহিত্যের নয়, নিজেরও যেন একটা পরিচয় পেলাম। অনেক পড়লেই যে তবে আনেক পাওয়া যায়, এ কথা সত্য নয়। ওই তো খানকয়েক পাতা, তার মধ্য দিয়ে যিনি এত বড় সম্পদ্ আমার হাতে পৌছে দিলেন, তাঁকে ক্রজ্ঞতা জানাবার ভাষা পাওয়া যাবে কোথায় 'শ

শরংচন্দ্র ভাষা ও রচনাপদ্ধতির জয়ে বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথের

কাছে ঋণী বটে, কিন্তু নিজের লেখনীধারণের গুপুকথা এই ভাবে তিনি ব্যক্ত করেছেন:

"আমার শৈশব ও যৌবন ঘার দারিদ্রোর মধ্যে দিয়ে অতিবাহিত হয়েছে। অর্থের অভাবেই আমার শিক্ষালাতের সৌভাগ্য ঘটে নি।,পিতার নিকট হ'তে অস্থির ঘভাব ও গভীর সাহিত্যান্থরাগ ব্যতীত আমি উত্তরাধিকারসূত্রে আর কিছুই পাই নি। পিতৃদত্ত প্রথম গুণটি আমাকে ঘরছাড়া করেছিল—আমি অল্ল বয়নেই সারা ভারত গুরে এলাম। আর পিতার দিতীর গুণের ফলে জীবন ভ'রে আমি কেবল যথ দেখেই গেলাম। আমার পিতাব পাণ্ডিত্য ছিল অগাধ। ছোট গল্প, উপন্সাস, নাটক, কবিতা—এক কথার সাহিত্যের সকল বিভাগেই তিনি হাত দিয়েছিলেন, কিন্তু কোনটাই তিনি শেষ করতে পারতেন না। তাঁর লেখাগুলি আজ্ব আমার কাছে নেই—কবে কেমন ক'রে হারিয়ে গেছে. দে কথা আজ্ব মনে পড়ে না। কিন্তু এখনও স্পষ্ট মনে আছে, ছোটবেলার কতবার তাঁর অসমাপ্ত লেখাগুলি নিয়ে ঘণ্টার পর ঘণ্টা কাটিয়ে দিয়েছি। কেন তিনি এগুলি শেষ ক'রে যান নিএই ব'লে কত ত্রুথই না করেছি। অসমপ্ত অংশগুলি কি হ'তে পারে ভাবতে ভাবতে আমার অনেক বিনিদ্র রঙ্গনী কেটে গেছে। এই কারণেই বোধহর সতের বৎসর বয়সের সময় আমি লিখতে মুক্ব করি।"

যদি শরংচন্দ্রের স্মৃতির উপরে নির্ভর করি তাহ'লে বলতে হয়, ১৮৯৩ খৃষ্টাব্দের কাছাকাছি কোন সময়ে, পিতার অসমাপ্ত রচনাগুলি শেষ করবার আগ্রহে সর্ব্বপ্রথমে তিনি কলম ধরেন এবং সম্ভবত তথন তিনি ইন্ধুলের প্রথম শ্রেণীতে পড়েন, কারণ শরংচন্দ্র ১৮৯৪ খৃষ্টাব্দে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিলেন ব'লে প্রকাশ। শরংচন্দ্র প্রকাশ সাহিত্যক্ষেত্রে স্বেচ্ছায় আত্মপ্রকাশ করেছিলেন ১৯১৯ খৃষ্টাব্দে। তাঁর প্রথম লেখনীধারণ ও আত্ম-

প্রকাশের মাঝখানে কেটে গিয়েছে প্রায় ছাব্বিশ-সাতাশ বংসর।

যারা বলেন শরংচল্র ধৃমকেতুর মত জেগে একেবারে সাহিত্যগগনকে আচ্ছন্ন ক'রে ফেলেছিলেন, তাঁরা ভ্রান্থ। দীর্ঘকাল ধ'রে
প্রস্তুত না হ'লে ও সাধনা না করলে সাহিত্যিক শ্রেষ্ঠতা লাভ
কবা যায় না। শরংচল্র সকলের চোথেব সামনে ধীরে ধীরে
পরিপূর্ণতা লাভ করেন নি, অধিকাংশ সাহিত্যিকের—এমন-কি
বৃদ্ধিমচন্দ্র ও ববীন্দ্রনাথেরও সঙ্গে শরংচন্দ্রের পার্থক্য হ'চ্ছে এইখানে।
এই স্থুদীর্ঘ-কালের মধ্যে শরংচন্দ্র কখনো ভেবেছেন, কখনো
কলম ধ'রেছেন এবং কখনো কলম ছেড়ে প'ড়েছেন—অর্থাৎ
সাহিত্যের ও আটের অনুশীলন করেছেন এবং সেটাও চরম
আল্প্রকাশের জন্মে প্রস্তুত হওয়া ছাড়া আর কিছুই নয়! হেটো
আর বোকা লোকেই বলবে, শ্রংচন্দ্র কলম ধ'রেই সাহিত্য-রাজ্য
জয় ক'রে ফেললেন। আসলে যা বাইরের নয়, যা অন্থরের
সত্য, শরংচন্দ্র নিজেই তা এইভাবে প্রকাশ করেছেনঃ

"এর পরেই সাহিত্যের সঙ্গে হ'লো আমার ছাড়াছাড়ি, ভূলেই গেলাম যে জীবনে একটা ছত্রও কোনো দিন লিখেছি। দীর্ঘকাল কাটলো প্রবাসে, —ইতিমধ্যে কবিকে কেন্দ্র ক'রে কি ক'রে যে নবীন বাঙ্গালা সাহিত্য জ্রুত্ত-বেগে সমৃদ্ধিতে ভ'রে উঠলো আমি তার কোনো থবরই জানিনে। কবির সঙ্গে কোনোদিন ঘনিষ্ঠ হ'বাবও সৌভাগ্য ঘটেনি, তাঁর কাছে ব'সে সাহিত্যের শিক্ষা গ্রহণেরও স্থযোগ পাইনি, আমি ছিলাম একেবারেই বিচ্ছিন্ন। এইটা হলো বাইরের সত্য, কিন্তু অন্তরের সত্য সম্পূর্ণ বিপরীত। সেই বিদেশে আমার সঙ্গে ছিল, কবির খানকয়েক বই—কাব্য ও কথা-সাহিত্য'। এবং মনের মধ্যে ছিল পরম শ্রন্ধা ও বিশ্বাস। তথন সুরে সুরে ওই ক'থান: বইই বারবার ক'রে পড়েছি,—কি তার ছন্দ, কটা তার অক্ষর, কাকে বলে Art, কি তার সংজ্ঞা, ওজন মিলিয়ে কোথায়ও কোনো ত্রুটি ঘটেছে কি না—এ সব বছ কথা কথনও চিন্তাও করিনি—ওসব ছিল আমার,কাছে বছেলা। শুরু সুদ্ত প্রত্যরের আকারে মনের মধ্যে এইটুকু ছিল বে, এব চেলে পূর্ণতর সৃষ্টি আর কিছু হ'তেই পারে না। কি কাব্যে, কি কথ-সাহিত্যে, আমার এই ছিল পুঁজি।"

এইটুকুর মধ্যে রবীন্দ্রনাথের প্রতি শরংচন্দ্র কেবল নিজেব অপরিশোধা ঋণস্বীকারই করেন নি, প্রকাশ করেছেন যে, দীর্ঘকাল প্রবাদে থেকেও এবং লেখনী ত্যাগ ক'রেও 'পূর্ণতর স্পৃষ্টি'র জন্মে মনে নিন প্রস্তুত হয়ে উঠছিলেন। ১৩১৯ সালে কেউ কেউ দৈবগভিকে তার আত্মপ্রকাশের উপলক্ষ্য হয়েছিলেন বটে, কিন্তু তারা না থাকলেও শরংচন্দ্র আর বেশীদিন আত্মন্দ্রের তারা না থাকলেও শরংচন্দ্র আর বেশীদিন আত্মন্দ্রের পার্বিন করতে পার্বেন না। বড়নদীর স্রোতকে কেউ চারিদিকে পাথরের পাঁচিল তুলে একেবারে রুদ্ধ করতে পারে না। যত উচু পাঁচিলই তোলো, তুদিন পরে নদী বাধা ছাপিয়ে উপছে পড়বেই।

রবীন্দ্-প্রতিভাকেই আদর্শরূপে সামনে রেখে শরংচন্দ্র খনেশে ও প্রবাসে সাহিত্যসাধনা করেছিলেন। এ আদর্শ তার স্থম্থ থেকে কখনো সারে গিয়েছিল ব'লে মনে হয় না, শরংচন্দ্রের পরিণত বয়সেও তার রচনার ভাষা ও চরিত্রস্থীর উপরে রবি-করের লীলা দেখা যায়। যখন বাংলার জনসাধারণের মাঝখানে তাবে আসন স্থনিকিই হয়ে গেছে, যখন তার অনেক শ্রেষ্ঠ রচনা বাইরের

আলোকে এদেছে, তখনও (১৫—১১—১৯১৫) একখানি পত্তে তিনি তাঁর কোন বন্ধুকে লিখেছিলেনঃ

"অনি আনাব একটা গল্প (উপসাস ?) লিখছি। -----এ গল্পটা গোরার পিবেশবার্ব ভাব নেওল। অথাৎ নিজেদের কাচে বলতে 'অন্ত্করণ' তাবে ধরবার জো নেই।"

স্থতরাং এ কথা স্বীকার করতেই হবে, সমগ্র ভাবে না হোক, আংশিক ভাবেও শরং-সাহিতোর উৎস খুঁজলে রবীক্র-সাহিতাকেই দেখা যাবে।

শবংচন্দ্র থৌবনের প্রথমেই লেখকের আসনে এসে বসলেন। সেই সময়ে বা ভার কিছু আগে-পরে শবংচন্দ্র নিজের চারিপাশে কয়েকটি তরুণকে নিয়ে একটি লেখক-গোষ্ঠা গঠন ক'রে নিয়েছিলেন এবং তাদের দলপতির আসনে অধিষ্ঠিত করেছিলেন নিজেকেই। তাদের অবিকংশই এখন বালেং সাহিতো স্থপরিচিত হয়েছেন, যেমন—শ্রীমেতী নিরুপমা দেবী, শ্রীসৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়, স্বর্গীর গিরীন্দ্রমায় গঙ্গোপাধ্যায়, শ্রীষ্টপেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, শ্রীষ্টপেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, শ্রীষ্টপেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, শ্রীষ্ট্রন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় ও শ্রীবিভৃতিভূষণ ভট্ট প্রভৃতি। (বনিও সৌরীন্দ্রমোহন উ উপেন্দ্রনাথকে ভাগলপুরের "সাহিতা-সভা"র নিয়মিত সভা না ব'লে "ভবানীপুর সাহিতা-সমিতি'র সভা বলাই উচিত। সৌরীন ছিলেন কলকাতার ছেলে।)

তথনকার দিনের ঐ তরুণের দল নিয়মিত ভাবে যে-আসরে এসে সমবেত হ'তেন তার নাম ছিল নাকি "সাহিতা সভা"। বারো প্রথম সাহিত্য-সেবাকেই জীবনের ত্রত ক'রে তুলতে চান, তাদের পক্ষে এ রকম আসরের দরকার হয় সত্য-সতাই। এ-সং


আসরে পরস্পরের সঙ্গে ঘনিষ্ঠ আলাপ-আলোচনার ফলে পাওয়া ষায় সাহিত্য-স্প্রতির জন্মে নব নব প্রেরণা। উক্ত সভার মুখপত্রের মতন ছিল একথানি হাতে-লেখা মাসিকপত্র, নাম "ছায়া"। এই মতী অমুরূপা দেবী আর-একখানি পত্রিকার নাম করেছেন—"ভবনী"। কিন্তু এই "তরণী" আত্মপ্রকাশ করে কলকাতার ভবানীপুরে। এবং তার নিয়মিত লেথক ছিলেন শ্রীযুক্ত সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়, ঞ্জীযুক্ত উপেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, শ্রীযুক্ত নলিনীমোহন শান্ত্রী, প্রীযুক্ত প্রমথনাথ সেন (সেন-বাদার্স), ও প্রীযুক্ত শ্রামবতন চট্টোপাধ্যায় প্রভৃতি। "ছায়া" ও "তর্গী" ছিল পরস্পরের প্রতি-্যাগী। ডাক্যোগে তারা কলকাতা থেকে ভাগলপুরে কিংবা ভাগলপুর থেকে কলকাতায় আনাগোনা করত এবং 'ছোয়া' করত 'ভরনী''র লেখার উত্তপ্ত ও স্থৃতিক্ত সমালোচন। এবং "তর্ণী"তে "ছায়া"র লেখা সম্বন্ধে যে সব মতামত থাকত তারও তীব্রতা কম ধারালো ভিল ব'লে মনে করবার কারণ নেই। 'ছায়া''র সফত্নে বাঁধানো। খাতা পরে "যমুনা"র খোরাক জোগাবার জন্মে নিঃশেষে আত্মদান করেছিল। প্রতিযোগী "তরণী" এখন আর কল্পনা-সায়রে ভাসে না বটে, কিন্তু তার কিছু-কিছু নমুনা নাকি আজও পাওয়া যায়!

হাতে-লেখা পত্রিকায় শরংচন্দ্রের প্রথম বয়সের অনেক রচনা প্রকাশিত হয়েছিল। 'বাগান' নামে অন্থ খাতায় অন্থান্থ বচনাও তোলা ছিল। কি কি রচনা, তার সঠিক হিসাব পাওয়া যায় নি, নানা জনে নানা লেখার নাম উল্লেখ করেছেন, হয়তো নামের তালিকা নির্ভুল নয়। বিভিন্ন ব্যক্তির কাছ থেকে আমরা এতগুলি লেখার নাম পেয়েছিঃ "কাক-বাসা", "অভিমান",









( "ইষ্টলিনে"র ছায়ানুসরণ ), "পাষাণ", ( Mighty Atoman. অনুসরণ , "বোঝা", "কাশীনাথ", "অনুপমার প্রেম", "কোরেল" "বডদিদি", "চন্দ্রনাথ", "দেবদাস", "শুভদা", "বালা", "শিশু", "ত্বকুমারের বাল্যকথা", "ছায়ার প্রেম", "ব্রহ্মদৈভা", ও 'বামুন ঠাকুর'' প্রভৃতি। হয়তো এদের কোন-কোনটি 🔌 হাতে-লেখা কাগজের সম্পত্তি নয়, স্বাধীন উপস্থাস বা গল্পের আকারেই আত্মপ্রকাশ করেছে। কোন-কোনটি হয়**ে। শরং-**ী চন্দ্রের ভাগলপুর ত্যাগের পর লিখিত। দেখছি, শরৎচন্দ্রের তখনকার রচনার মধ্যে একাধিক অনুবাদও ছিল। কিন্তু পরের বয়সে অনুবাদ-সাহিত্য সম্বন্ধে শরংচক্রের মত পরিবর্তিত হয়েছিল। কারণ তাঁকে বলতে শোনা .গেছে—"অনুবাদ আর পণ্ডশ্রম করা একই কথা। ও আমার ভালো লাগে না।'' শরংচন্দ্রের পূর্ব্বোক্ত রচনাগুলির কয়েকটি পরে ''যমুনা'' ও ''সাহিত্য'' প্রভৃতি পত্রিকায় প্রকাশিত হয়েছি**ল। কোন-কোনটি** হারিয়ে বা নই হয়ে গেছে। সৌরীল্রমোহন বলেন, শরৎচক্ত তখন নাকি এই নাম ব্যবহার করতেন—St. C. Lara অর্থাৎ St =শরং : C -চন্দ্র : এবং Lara অর্থে শরংচন্দ্রের ডাকনাম "খাডা" !—অপূর্বে ছলনাম !

''কাকবাসা' সম্বন্ধে শ্রীযুক্ত স্থরেন্দ্রনাথ গ**ঙ্গোপাধ্যায়** লিখেছেন :—

"উপন্তাস লেথার এই বোধ করি আদি চেষ্টা। এখানি পড়িবার। অযোগ ঘটে নাই, কিন্তু সে সময় এথানি লিখিতে তাহাকে বহু সময় ব্যয় করিতে দেখিয়াছি। ঘন্টার পর ঘন্টা কোথা দিয়া কাটিয়া যাইত— সে মহানিবিষ্ট মনে লিথিয়াই চলিয়াছে ! শেলাধা পছন্দ হয় নাই বিলিয়া দে এই বইথানি ফেলিয়া দিয়াছিল ! শ

স্বেনবাবুর শেষ কথাগুলি পড়লে অধিকাংশ সাধারণ নূতন লেথকের সঙ্গে শরৎচন্দ্রের পার্থকা বোনা যায়। সাধারণ্ড নিম্ন-শ্রেণীর লেখকরা নিজেদের লেখার সম্বন্ধে হন অন্ধ, তাঁদের বিশ্বাস তাঁরা যা লেখেন সবই অমূলা রত্ন, সমজদার স্থ্যাতি না করলে তাঁদের দ্বিতীয় রিপু হয় প্রবল! কিন্তু প্রথম বয়স্থেকেই নিজের রচনার তালো-মন্দ সম্বন্ধে শরৎচন্দ্র ছিলেন সচেতন, যা লিখনেন তাইই তাঁর মনের মত হ'ত না এবং পছন্দ না হ'লে নির্মাম ভাবে তাকে তাগে করতেও পারতেন! এটা হচ্ছে প্রতিভাধরের লক্ষণ, তাঁর বিচারনিপুণ মন নিজের কাজেও তৃপ্ত নয়!

আজকালকার নূতন লেখকদেরও দেখি, প্রথম লিখতে শিখেই
মাসিক সাহিত্যের আসবেন আল্প্রপ্রকাশ করবার জয়ে তারা
মহাবাস্ত হয়ে ওঠেন। কিন্তু সব আর্টের মতন সাহিত্যের
আসবেও যে শিক্ষাকাল আছে, এটা হয়তো তারা বিশ্বাস
করতে রাজি নন। গত-যুগের অবিকাংশ সাহিত্যিকই কোন
সংগুরুর শিশ্বস্থগ্রহণ বা কোন বড় লাদর্শকে সামনে রেখে হাতমক্র
করতেন, কাগজে কালির আঁচড় কাটতে শিখেই মাসিকপত্রের
আফিসের দিকে ছুটতেন না। শরংচন্দ্রও এই নীতি মেনে
চলতেন। তাই তাঁব প্রথম জীবনের প্রত্যেক রচনার দৌড় ছিল
হাতে-লেখা পত্রিকার আসর পর্যান্ত। সে-সময় তিনি যে বাতিল
হবার মতন লেখা লিখতেন না তার প্রমাণ তাঁর তখনকার

মনেক লেখাই বহুকাল পরে প্রকাশ্য সাহিত্যের দরবারে এসে অসাধারণ সম্মান ও জনপ্রিয়তা অর্জন করেছে।

শরংচন্দ্রের জনপ্রিয়তা দেখেই যে পরে তাঁর প্রথম বয়সের রচনা "সাহিত্যে"র মত বিখ্যাত পত্র প্রকাশ করতে রাজি হয়েছিল, তা নয়; তার মধ্যে বাস্তবিকই বস্তু ছিল। এরও প্রমাণ আছে। "ভারতী"ও ছিল একথানি প্রথম শ্রেণীর মাসিক পত্রিকা। "ভারতী" যখন লেখকের অজ্ঞাতসারে যেচে "বড়দিদি"কে গ্রহণ করেছিল, তখন শরংচন্দ্র নামক সাহিত্যিকের অস্তিহও জনসাধারণের জানা ছিল না এবং প্রথমে শরংচন্দ্রের নাম পর্যান্ত "ভারতী"তে প্রকাশ করা হয় নি! তবু সাধারণ পাঠকদের উপভোগের পক্ষে "বড়দিদি"ই হয়েছিল আশাতীত রূপে যথেষ্ট।

কিন্তু শরংচন্দ্রের নিজের বিচারে "বড়দিদি" প্রভৃতি তাঁর আদর্শের কাছে গিয়ে পৌছতে পারে নি, তাই তথনকার মত তারা হস্তলিখিত পত্রিকার মধ্যেই বন্দী হয়ে রইল, বন্ধুরা বহু অনুরোধ ক'রেও তাদের কোনটিকে প্রকাশ্য সাহিত্য ক্ষেত্রে হাজির করবার অনুমতি পেলেন না! এবং আত্মরচনা বিচার করতে ব'সে শরংচন্দ্রের ভুল হয়েছিল ব'লেও মনে করি না। কারণ তাঁর আত্মপ্রকাশের যুগের রচনাগুলির সঙ্গে মিলিয়ে দেখলেই বেশ বোঝা যায় যে, প্রকাশভঙ্গি, রচনারীতি ও চরিক্র-চিত্রণের দিক দিয়ে পূর্ব্ববর্তী গল্প বা উপস্থাসগুলি সত্য সত্যই অপেক্ষাকৃত নিম্প্রেণীর! এথেকেই প্রমাণিত হয়, জনসাধারণের বিচার আর শিল্পীর বিচার এক নয়!

আসল কথা, শিল্পী শরংচন্দ্রের মনের ভিতরে সাহিত্যের সৌন্দর্য্য তথন পরিপূর্ণ মহিমায় বিকশিত হয়ে উঠেছে; সে আর অল্পে তৃষ্ট হ'তে পারছে না। তিনি এমন কিছু সৃষ্টি করতে চাইছেন, তাঁর প্রাথমিক শক্তি যাকে প্রকাশ করতে অক্ষম! তাঁর সাহিত্য-সাধনার ধারা তখন যদি অব্যাহত থাকতে পারত, তাহ'লে অনতিকাল পরেই হয়তো বাংলাদেশে আমরা শরংচন্দ্রের প্রকাশ্য আবির্ভাব দেখবার সুযোগলাভ করতুম। কিন্তু শরৎচন্দ্রের যে দারিদ্যর কথা আমরা আগেই উল্লেখ করেছি, সেই দারিন্দ্যের হুর্ভাগ্যের জ্বয়েই তাঁকে ভাগ**লপু**র পরিত্যাগ করতে হ'ল। তারও পরে কিছুকাল তিনি লেখনীকে একেবারে তুলে রাখেন নি বটে, কিন্তু নানাস্থানী হয়ে তাঁর নিয়মিত সাহিত্যচর্চ্চার স্থবিধা আর বোধহয় হ'ত না। দারিন্দ্র্য বহু শিল্পীর সর্ব্বনাশ করেছে এবং শরংচন্দ্রের দান থেকেও দীর্ঘকাল বাংলাদেশকে বঞ্চিত রেখেছে। নইলে শরংচ<u>ন্</u>দের গ্রন্থাবলীর আকার আরো কত বড় হ'ত কে তা বলতে পারে ?

এই অধ্যায় শেষ করবার আগে মানুষ-শরংচন্দ্রের চরিত্রের আর-একদিকে একবার দৃষ্টিপাত করতে চাই। দেখি, ছেলেবেলা খেকেই তিনি কোন-একটা নির্দিষ্ট জায়গায় স্থির হয়ে বেশীদিন খাকতে পারেন না। এমন কি যে-বয়সে মায়ের কোলই ছেলেদের সব চেয়ে নিরাপদ আশ্রয়, তখনও তিনি মাঝে মাঝে নিরুদ্দেশ-যাত্রায় বেরিয়ে পড়েছেন! শোনা যায়, তিনি নাকি একবার পায়ে হেঁটে পুরীতেও গিয়েছিলেন! রেঙ্গুনে পালাবার আগে তিনি যে কতবার কত জায়গায় ঘোরাঘুরি করেছেন,

কারুর কাছে তার সঠিক হিসাব আছে ব'লে জ্বানা নেই।
এমন-কি মাঝে মাঝে তিনি দস্তরমত সন্ন্যাসী সেজেও ডুব মেরেছেন!
রেঙ্গুন থেকে ফিরে এসেও তিনি তাঁর সাহিত্যিক যশের লীলাক্ষেত্র কলকাতায় দীর্ঘকাল ধ'রে বাস করতে পারেন নি।
কখনো থেকেছেন পাণিত্রাসে, কখনো থেকেছেন বেনারসে, কখনো
ছুটেছেন উত্তর-পশ্চিম ভারতে, শেষ-জীবনে কালাপানি লজ্বন
করবারও চেষ্টায় ছিলেন,—রুদ্ধ বয়সেও তাঁর ঘর-পালানো মন
তাঁকে 'অচলায়তনে'র মধ্যে বাঁধা পড়তে দেয় নি। এটা ঠিক
প্রতিভার অন্থিরতা নয়, কারণ পৃথিবীর জ্বনেক প্রতিভাই
স্বদেশের সামা ছাড়িয়ে বাইরে বেঞ্চতে রাজি হয় নি। যদিও
বাংলাদেশের আর এক বিরাট প্রতিভার. মধ্যে বিচিত্র অন্থিরতা
দেখা যায় এবং তিনি হচ্ছেন রবীক্রনাথ।

## মধ্যকাল (১৮৯৭—১৯১৩)

আমরা সাহিত্যিক শরংচন্দ্রকেই অল্পের মধ্যে যতটা-সম্ভব ভালো ক'রে দেখাতে চাই। কিন্তু এখন আমরা শরংচন্দ্রের জীবন-নাট্যের যে-অংশে এসে উপস্থিত হয়েছি, সেখানে দারিদ্রের বেদনা, মানসিক অন্থিরতা, পিতৃশোক ও জীবনের লক্ষাহীনতা প্রভৃতির জ্বন্থে কাতর এমন একটি মানুষকেই বেশী ক'রে দেখতে পাই, যাঁর মধ্যে সাহিত্যপ্রতিভা ছাইচাপা আগুনের মত প্রায়নিজ্কিয় হয়ে আছে। এর প্রথম দিকটায় মাঝে মাঝে অন্থক্তন হাওয়ায় ছাই উড়ে আগুনের দীপ্তি বেরিয়ে পড়েছে, কিন্তু সে অল্পেনের জন্মে। ১৯০৩ খৃষ্টাব্দ পর্যান্ত শরংচন্দ্র কলমের সঙ্গে সম্পর্ক একেবারে তুলে দেন নি বটে, কিন্তু তারপরেই তার লেখা-টেখা বহুকালের জন্মে ধামাচাপা পড়ে। এই সময়টায়—তার নিজেরই কথায়—শরংচন্দ্র ভুলে গিয়েছিলেন যে, কোনকালে তিনি সাহিত্যস্থিষ্টি করেছিলেন।

বাংলাদেশের আর কোন সাহিত্যিক এমন দীর্ঘকাল সাহিত্যকে ভূলে থেকে আবার সহসা আত্মপ্রকাশ ক'রে পরিপূর্ণ মহিমায় সকলকে অবাক ক'রে দিতে পারেন নি। পৃথিবীর অক্যান্য দেশেও এর ভূলনা হলভ। এমন সাহিত্যিকের অভাব নেই, যারা প্রথম জীবনে অপূর্ব্ব সাহিত্য-স্প্রতীর দারা বিদগ্ধমগুলীর দৃষ্টি আকর্ষণ ক'রেও জ্বনভার অভিনন্দন পেয়ে আচম্বিতে সাহিত্যধর্ম

ভাগ ক'রে কোথায় অনৃশ্য হ'য়ে গেছেন, আর দেখা দেন নি।

যেমন ফরাসী কবি Arthur Rimband; তাঁর সতেরো বছর

বয়সের সময়ে সারা ফ্রান্স তাঁকে অতুলনীয় প্রতিভাবান ব'লে

অভ্যর্থনা করেছিল, কিন্তু সাহিত্য-সমাজের দলাদলিতে বিরক্ত হয়ে কলম ছুঁড়ে ফেলে দিয়ে হঠাৎ একদিন তিনি স'রে পড়লেন;

চ'লে গেলৈন একেবারে আবিসিনিয়ায়; এবং বাকি জীবন

ব্যবসায়ে মেতে আর কবিহের স্বপ্ন দেখেন নি।

কিত্র আমরা একজন কবিকে জানি, শরংচন্দ্রের সঙ্গে যার ভলন। করা চলে। তিনিও জাতে ফরাসী, নাম Paul Valery। বিশ বংসর ব্যুসে তিনি কবিষশোপ্রার্থী হয়ে পারি সহরে এলেন। তাঁর অসাধারণ কবিহু দেখে জনকয়েক রসিক সাহিত্যিক তাঁকে খুব আদর করতে লাগলেন। কিন্তু Valory কিছুদিন পরেই আবিষ্ণার করলেন যে, শরীরী মানুষের পক্ষে কবিত্বের চেয়ে অভাবের তাড়না ও পেটের দায় হচ্ছে বড় জিনিষ। তিনি ছিলেন Stephane Mallarme-র মতন মতন সেই শ্রেণীর কবি, কবিতা প'ড়ে লোকে সহজে বুঝতে পেরে ত্বখ্যাতি করলে যাঁরা খুসি হ'তেন না! তুতরাং তেমন কবিতা লিখে অরসংগ্রহের উপায় নেই দেখে Valery হঠাৎ একদিন ডুব মারলেন। ..... বছরের পর বছর যায়, Valeryর কোন পাতা নেই। যে-ছচার-জন কবিবন্ধ তাঁকে ভোলেন নি তাঁরা অবাক হয়ে ভাবেন, कवि निक़रफ्रम श्रेलन कोथाय । अनुग ना श्रेल এजितन না-জানি তাঁর কত যশই হ'ত! কিন্তু কেউ খবর পেলে না যে, Valery তথন কোন ব্যবসায়ীর সেক্রেটারি-রূপে অজ্ঞাতবাস করছেন এবং অবসরকালে করছেন কাব্যের বদলে গণিতবিজ্ঞানের চর্চচা!

স্থার্ঘ বিশ বংসর কেটে গেল! তারপর আচম্বিতে একদিন ফরাসী সাহিত্যক্ষেত্রে কবি Valeryর পুনরাবির্ভাব! এখন তিনি আধুনিক ফরাসী সাহিত্যে একজন অমর কবি রূপে অত্যন্ত প্রাসিক! তাঁর এক টুক্রো কবিতার নমুনা হচ্ছে এই:

> "The Universe is a blemish In the purity of Non-being."

শরংচন্দ্রের জীবনের সঙ্গে অতটা না মিললেও, ফরাসী গল্প ও উপত্যাস লেখক গীদে মোপাসার কথাও এখানে উল্লেখযোগ্য। ক্লবেয়ারের অধীনে অপূর্ব্ব ধৈর্য্যের সঙ্গে দীর্ঘকাল অপ্রকাশ্যে শিক্ষানবিসি ক'রে মোপাসাঁ একটিমাত্র গল্প নিয়ে প্রথম যেদিন আত্মপ্রকাশ করলেন, বিখ্যাত হয়ে গেলেন সেই দিনই। তারপর মাত্র দশ-বারো বংসর লেখনী চালনা ক'রেই মোপাসাঁ নিজের বিভাগে বিশ্বসাহিত্যে আজও অমর এবং অদ্বিতীয় হয়ে আছেন!

সাধারণত যে-সব উদীয়মান স্থালেখক হঠাৎ লেখা ছেড়ে দিয়ে কার্য্যান্তরে মন দেন, দীর্ঘকাল পরে কলম ধরলেও অনভ্যাসের দরুণ আর তাঁরা ভালো লিখতে পারেন না। সেই জন্মেই সাহিত্যক্ষেত্রে এ সব লেখকের পুনরাগমন বার্থ হয়ে যায়। এই শ্রেণীর একজন লেখককে আমরা বহুকাল পরে উৎসাহিত ক'রে কলম ধরিয়েছিলুম। যে-বংসরে "যমুনা" পত্রিকায় শরংচন্দ্রের "বিন্দুর ছেলে" প্রকাশিত হয়, সেই বংসরেই এবং এ কাগজেই আমরা প্রকাশ করেছিলুম তাঁর একাধিক রচনা। কিন্তু এ পর্যান্ত।

তাঁর পুনরাগমন সফল হ'ল না। অথচ পুরাতন "ভারতী" পত্রিকায় রবীন্দ্রনাথের সঙ্গে তিনি যখন সাহিত্য-সমাজের দৃষ্টি আকর্ষণ করেছিলেন তখন সকলেই জানত, তিনি একজন খুব বড় লেখক হবেন। আমরা তাঁর নাম করলুম না, কারণ তিনি হয়তো এখনো ইহলোকেই বিভামান।

কিন্তু আগেই দেখিয়েছি, শরংচন্দ্র ঐ-শ্রেণীর লেখকদের দলে গণা হ'তে পারেন না। সমসাময়িক সাহিত্য-সমাজ্ঞ থেকে নির্বাসিত ও জাবনযুদ্ধে প্রবৃত্ত হয়ে তিনি লেখনীতাগি করেছিলেন বটে, কিন্তু তার চিন্তাশীল মন নিশ্চিন্ত হয়ে থাকে নি। শ্রেষ্ঠ সাহিত্যিকদের—বিশেষ ক'রে রবীন্দ্রনাথের—রচনা বরাবরই তার বুভুক্ষ্ মন্তিক্ষের খোরাক যুগিয়েছে। অর্থাৎ তিনি কলমই ছেড়েছিলেন, সাহিত্যকে ছাড়েন নি। মন ছিল তার সক্রীয়। এবং মনই করে সাহিত্য সৃষ্টি।

সাহিত্যিক শরংচন্দ্র যথন থেকে মানুষ শরংচন্দ্রে পরিণত হতে বাধ্য হ'লেন, তাঁর তথনকার কার্য্যকলাপ খুব সংক্ষেপে বর্ণনা করতে হবে। বেশী কথা বলবার মালমশলাও আমাদের হাতেনেই।

নানাকারণে তাঁদের আত্মসম্মানে বারংবার আঘাত লাগায় পিতার সঙ্গে ভাগলপুর ছেড়ে শরংচন্দ্র থপ্পরপুর, তারপর অক্যান্য জায়গায় যান—চাকরির সন্ধানে। শরংচন্দ্রের পিতা মতিলালের বিরুদ্ধে সব চেয়ে বড় নালিস ছিল, তিনি সাহিত্য ও শিল্লের অনুরাগী! বই পড়তে ভালোবাসেন, লেখার অভ্যাস আছে, নক্মা আঁকেন, ফুলের মালা গাঁথেন, অথচ টাকা রোজগার করতে পারেন না! শশুরবাড়ীতে তাই গরিব ও বেকার জামাইয়ের আর ঠাঁই হ'ল না এবং সংসারে এইটেই স্বাভাবিক। ভাগল-পুরের আত্মীয়-আলয়ে মতিলাল ও শরংচল্রের অনেক নির্যাতনের কাহিনী আমরা শুনেছি, কিন্তু এখানে তার উল্লেখ ক'রে কাজ নেই। তার পরের কথা শ্রীমতী অন্তরপা দেবীর ভাষাতেই শুনুন। তখন হাতে-লেখা খাতায় বা মাসিকপত্রে শরংচল্রের অনেকগুলি রচনা প'ড়ে তিনি মুগ্ধ হয়েছেন:

"হঠাৎ একদিন আমার স্বামীর মৃথে শুনিলাম, সেই অপ্রকাশিত লেখার লেখক মজঃফরপুরে আমাদের বাসায় অতিথি। আমি সে সময় ভাগলপুরে। আমার স্বামী আমার মুথেই ইতিপূর্ব্বে শরৎবাবুর লেথার প্রশংসা শুনিয়া-ছিলেন, তাই নাম জানিতেন। মজঃফরপুরে আমার সম্পর্কিত একটি দেবর ছিলেন। গান-বাজনায় তাঁর খব সথ ছিল। তিনি একদিন আসিয়া বলেন, "একটি বান্ধালী ছেলে অনেক রাত্রে ধম্মশালার ছাদে বসিয়া গান গায়, বেশ গায়, অবশু পরিচয় নিতে যাওয়ায় নিজেকে বেহারী বলেই পরিচয় দিলেন; কিন্তু লোকটি বান্ধালীই, একদিন গান শুনবে? নিয়ে আসবো তাকে?"

বাড়ীতে সন্ধ্যা বেলা এক একদিন গান বাজনার আসর বসিত।
নিশানাথ শরংবাবুকে লইয়া আসে, ইহার পর মাস তুই শরংবাবু আমাদের
বাড়ীতে অতিথিরূপে এথানেই ছিলেন। কি জন্ম তিনি গৃহ ত্যাগ করিয়া
আসিয়াছিলেন বলিতে পারি না; কিন্তু তথন তাঁহার অবস্থা একেবারে
নিংম্বের মতই ছিল। সে সময় তিনি কিছু ন্তন রচনা না করিলেও
তাঁহার যে স্টুনোমুখ প্রতিভা তাঁহার মধ্যে অপেক্ষা করিয়াছিল তাহা
তাঁহার ব্যবহারকেও অনেকথানি সৌজন্মন্তিত এবং আকর্ষণীয় করিয়া
বীথিত। শ্রীযুক্ত শিধরনাথবাবু এবং তাঁহার বন্ধুবর্গ তাঁহার সহিত কথা-

বার্ত্তায় বিশেষ তৃপ্তি অন্তভ্ব করিতেন। শরৎবাব্র মধ্যে কতকগুলি বিশেষ গুণ ছিল যাহার পরিচয় এখনকার লেথক শরৎচন্দ্রের সহিত বিশেষ পরিচিত লোকও অবগত নন। অসহায় রোগীর পরিচয়্যা, মৃতের সংকার এমনই সব কঠিন কার্য্যের মধ্যে তিনি একান্তভাবে আত্মনিয়োগ করিতে পারিতেন। এই সব কারণে মজঃফরপুরে শরৎ বাবৃ শীঘ্রই একটা স্থান করিতে পারিয়াছিলেন। শ্রীয়ুক্ত শিথর বাব্র বাড়ী থাকিতে থাকিতে মজঃফরপুরের একজন জমিদার মহাদেব সাহুর সহিত শরৎচক্দ্রের পরিচয় ঘটে। কিছুদিন পরে শরৎচক্দ্র তাঁহার নিকট চলিয়া যান। এই মহাদেব সাহুই শ্রীকান্তের' কুমার সাহেব তাহাতে সন্দেহ নাই। মজঃফরপুর হইতে চলিয়া যা ওয়ার পরও শরৎচক্দ্র শিথরনাথ বাব্কে বার কয়েক পত্র দিয়াছিলেন। তাহার পর আর বহুদিন তাঁহার সংবাদ জানা যায় নাই। পরে শ্রীবিভৃতি ভ্রমণ ভট্ট প্রমুখাৎ শুনি তিনি বর্ম্মা চলিয়া গিয়াছেন। মধ্যে সেথানে তাহার মৃত্যু সংবাদও রাটয়াছিল।"

সাধারণ মানুষ শরৎচন্দ্রের তথনকার যে ছবিটি কল্পনায় আসছে, তা হ'চেছ এইরকম। একটি বোগাসোগা কালো যুবক, চোখে প্রাস্ত স্বপ্নবিলাসের ছাপ আছে, চেহারায় ও কাপড়-চোপড়ে পারিপাট্য নেই, লাজুক অথচ মিষ্টভাষী, মাঝে মাঝে সাহিত্য-আলোচনায় উৎসাহিত হয়ে ওঠেন, খোসগল্পেও স্থপটু, কিন্তু ব্যক্তিষে আঘাত লাগলে হন বজের মতন কঠিন, আত্ম-পরিচয় দিতে নারাজ, সর্ব্বাঙ্গে ফোটে আলাভোলা বৈরাগ্যের ভাব, পরহুংথে কাতর, পর-সেবায় তৎপর, স্থন্ধ্য, বাঁশী ও তবলায় দক্ষ! এমন একজন মানুষ যে সকলের প্রিয় হয়ে উঠবেন, এটা আশ্চর্য্য কথা নয়। কিন্তু এঁকে অপমান করতে গেলে সাহসীকেও আগে ভাবতে হয়!

মহাদেব সাহুর কাছে কাজ করবার সময়ে শরংচক্রের শিকারেরও সথ হয়। অবসরকালে প্রায়ই তিনি বন্দৃক হাতে ক'রে বনে বনে ঘুরে বেড়াতেন। ব্রাহ্মণ শরংচন্দ্রের মনের কোথার খানিকটা যে ক্ষাত্রবীর্যা ছিল, সেটা পরেও লক্ষ্য করা গেছে। যখন রেঙ্গুন থেকে কলকাতায় ফিরে এসেছেন, সেই পরিণত বয়সেও পকেটে তিনি ধারালো বড় ছোরা রেখে পথে বেরিয়েছেন। একথা সত্য কিনা জানি না, তবে কেউ কেউ লিখেছেন শরংচন্দ্র নাকি সাহেবের সঙ্গে হাতাহাতি ক'রেই রেঙ্গুনের কাজ ছেড়ে দিয়েছিলেন। কিন্তু এ কাহিনী আমরা শরংচন্দ্রের মূখে শুনি নি। তবে সমস্ত্র থাকবার দিকে তাঁর একটা ঝোঁক ছিল বরাবরই। বন্ধবয়নও—ছোরা ত্যাগ করলেও—এমন এক ভীষণ নোটা লগুড় হাতে নিয়ে নিরীহ বন্ধুদের বৈঠক-খানায় এসে বসতেন, যার আঘাতে বন্য মহিষও বধ করা যায়!

১৯০৩ খৃষ্ঠান্দে শরংচন্দ্র একবার কলকাতায় আসেন।
কলকাতার ভবানীপুরে থাকতেন তাঁর সম্পর্কে-মামা
উকিল লালমোহন গঙ্গোপাধ্যায়, তিনি "বিচিত্রা" সম্পাদক
শ্রীযুক্ত উপেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়ের দাদা। হিন্দী কাগজ্পত্র
অন্ধরাদ করবার জন্মে তাঁর একজন লোকের দরকার হয়েছিল।
ভাগিনেয় শরংচন্দ্র সেই কাজটি পেলেন। এই সময়ে শরংচন্দ্রের
পিতৃদেব স্বর্গারোহণ করেন। তথনো তাঁর পুত্রের সমুজ্জল ভবিষ্যুৎ
কল্পনা করবারও সময় আসে নি। চির-গরিব বাপ, ছেলেকেও
দেখে গেলেন দারিন্দ্যের পক্ষে নিমজ্জিত পরাশ্রিত অবস্থায়।
স্বীথচ এমন ছেলের জন্মদাতা তিনি!

এইসময়ের একটি উল্লেখযোগ্য গল্প আছে। তাঁর চিয়ে বয়সে-ছোট সম্পর্কে-মামা, অথচ বন্ধুস্থানীয় কারুর কারুর সথ হয়েছিল তারা একটি হার্মোনিয়ম কিনবেন! অথচ সকলেরই ট্যাক গড়ের মাঠ! অতএব সকলে গিয়ে শরংচন্দ্রকে গ্রেপ্তার করলেন। বক্তব্যটা এই: তুমি আমাদের একটা গল্প লিখে দাও, আমরা সেটা কুন্থলীন-পুরস্কার প্রতিযোগিতায় পাঠাব। পুরস্কার পেলে আমাদের হার্মোনিয়ম কেনবার একটা উপায় হয়! দেখা যাচ্ছে, তথনই ওঁদের মনে ধারণা ছিল যে, শরংচন্দ্র গল্প লিখলে সেটি পুরস্কৃত হবেই!

শরংচন্দ্রের তথন নাম হয় নি। এবং তিনিও তথন নিজের লেখাকে প্রকাশযোগ্য ব'লে বিবেচনা করেন না। তবু নিজের নামে প্রতিযোগিতায় গল্প পাঠাতেও তার আত্মসম্মানে বাধে। তাই সকলের স্থৃদৃঢ় অনুরোধে সেইদিনই তাড়াতাড়ি "মন্দির" নামে একটি গল্প লিখতে বাধ্য হ'লেন বটে, কিন্তু লেখক-রূপে নাম রইল শ্রীযুক্ত স্থ্রেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়ের।

গল্লটি প্রতিযোগিতায় হ'ল প্রথম এবং এই হ'ল সাত্মীয়-সভার বাইরে শরৎপ্রতিভার প্রথম সফল পরীক্ষা ও প্রথম গৌরবজনক আত্মপ্রকাশ! কিন্তু দীর্ঘকালের জন্যে সাহিত্যক্ষেত্র থেকে বিদায় নেবার আগে এ "মন্দির"ই হচ্ছে শরংচজ্রের শেষ-রচনা!

শুনেছি, ভবানীপুরেও আত্মীয়-আলয়ে শরংচন্দ্র নিজের মন্তয় হকে অক্ষুন্ন ব'লে মনে করতে পারেন নি—প্রায়ই প্রাণে তাঁব আঘাত লাগত। শেষটা নিতান্ত মনের হুংখেই তিনি আত্মীয় ও বন্ধুবান্ধবের সঙ্গে সকল সম্প্রার্ক-ঘুচিয়ে দিয়ে সাগর পার হয়ে গেলেন একেবারে

অজানা দেশ রেঙ্গুনে। এত দেশ থাকতে ঐ স্থুদূর প্রবাদে গেলেন যে তিনি কোন্ ভরদায়, দেটা প্রথম দৃষ্টিতে রহস্তময় ব'লেই মনে হয়। তবে শুনেছি, তাঁর আত্মীয়-সম্পর্কীয় ও রেঙ্গুন-প্রবাদী স্বর্গীয় মঘোরনাথ চট্টোপাধ্যায়ের কাছ থেকে তিনি কিঞ্চিৎ ভরস। পেয়েছিলেন। কিন্তু মৃত্যু হঠাং এসে তাঁর পথ থৈকে এ বান্ধবটিকেও সরিয়ে নিয়ে গিয়েছিল। আমাদের বিশ্বাস, এই ত্বঃসময়ে শরংচন্দ্র কোন আত্মীয়হীন দেশে গিয়ে নৃতন ভাবে জীবনযাত্র। স্থুরু করতে চেয়েছিলেন। শরৎচন্দ্রের মনে যে শিক্ষা ও সংস্কৃতির অভাব ছিল না, সেটা বলা বাহুলা। তার উপরে তার ভিত্রে ছিল শিল্পীর ভাবপ্রবণতা। সাধারণ লোকের মত আজীয়-বন্ধুদের অবহেলা অনায়াদে সহ্য করবার ক্ষমতা তাঁর মধ্যে না থাকাই স্বাভাবিক। আগে তাঁব মত অনেক বেকার দরিদ্রই যেতেন ব্রহ্মদেশে ভাগাাদেষণে। নিজের দারিতাকে ধিকার দিয়ে তিনিও যখন সেই পথ অবলম্বন ক'রে রেন্ধুনে গিয়ে হাজির হন, ভার সম্বল ছিল নাকি মাত্র ছই টাকা! এবং এ ছই টাকা ফুরিয়ে যেতেও ্দেরি লাগে নি। তথন রেঙ্গুনপ্রবাসী বাঙালীরা কিছুদিন শরংচন্দ্রের অভাব মেটালেন-কারণ লোকের স্নেহ-শ্রদ্ধা আকর্ষণ করতে পারতেন তিনি থুব সহজেই। তারপর সওদাগরি আপিসে তার সামান্ত মাহিনার একটি চাকরি জুটল। তাঁর তথনকার অসহায় অবস্থার পক্ষে সেই কাজটিই বোধকরি যথেষ্ঠ ব'লে বিবেচিত হয়েছিল !

কিছুদিন পরে তিনি ডেপুটি একাউন্টেট-জেনারেলের আফিলে একটি কাজ পেলেন। এখানে চাকরি ছাড়বার আগে তাঁর মাহিন। একশো টাকা পর্যান্ত উঠেছিল। এই রেঙ্গুন প্রবাদের সময়ে শরংচন্দ্রের মনের বৈরাগ্য বোধহয় ক্ষীণ হয়ে এসেছিল। কারণ তাঁর সংসারী হবার সাধ হ'ল এবং তাঁর সে সাধ পূর্ণ করলেন জ্রীমতী হিরণ্ময়ী দেবী। কিন্তু এর আগেই তিনি একটি মেয়েকে কুপাত্রের কবল থেকে উদ্ধার করবার জন্মে বিবাহ ক'রে নিজের মহত্বের পরিচয় দিয়েছিলেন এবং সেই বিবাহের ফলে লাভ করেছিলেন একটি পুত্রসন্থান। কিন্তু ছুর্দ্ধান্ত প্রেগ এসে তাঁদের সেই স্থুখের সংসার ভেঙে দেয় এবং শরংচন্দ্র হন মাবার একাকী!

আমাদের এক নিকট-আত্মীয় রেঙ্গুনে ডাক্টারী করেন।
তাঁর সঙ্গে শরংচন্দ্রের অত্যন্ত ঘনিষ্ঠতা হয়েছিল। তারই মৃথে
শুনেছি, রেঙ্গুন-প্রবাসী বাঙালী-সমাজে শরংচন্দ্র খুব আসর
জনিয়ে তুলেছিলেন। গানে-গল্পে তিনি সকলকেই মোহিত
করতেন। সেখানে গান, গল্প, বই-পড়া, ছবি-আঁকা আর
চাকরি ছাড়া তাঁর জীবনের যে আর কোন উচ্চ লক্ষ্য আছে,
বাহির থেকে নেখে সেটা কেউ বৃঝতে পারত না। শরংচন্দ্রের
এই আর একটা বিশেষহ ছিল; মনে মনে নিজেকে তিনি যত
আলাদা ক'রেই রাখুন, বাহিরে আর দশজন সাধারণ মান্তুষের
সঙ্গে একেবারে এক হয়ে যেতে পারতেন। এ বিশেষহ বিদ্ধিনচন্দ্রে ছিল না, সাধারণ মান্তুষ্র সঙ্গে মিশিয়ে যেতে পারেন না।

শ্বংচন্ত্রের ব্রহ্মপ্রবাদী বন্ধু শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ সরকার অধুনালুপ্ "বাঁশবী" পত্রিকায় একটি ধারাবাহিক স্মৃতিকথা প্রকাশ কবেছিলেন, তার নাম "ব্রহ্মপ্রবাদে শ্বংচন্দ্র"। এ লেখাটিতে ব্রহ্মদেশে শরংচন্দ্রের কার্য্যকলাপ সম্বন্ধে অনেক গল্প পাওয়া বা যায়। কিন্তু অধিকাংশ গল্পের সঙ্গেই শিল্পী বা সাহিত্যিক শরংচন্দ্রের বিশেষ সম্পর্ক নেই ব'লে কেবল গল্পের খাতিরে এই সংক্ষিপ্ত আলোচনার ভিতরে তাদের আর টেনে আনা হ'ল না।

তবে শরংচন্দ্রের জীবনী-কথা হিসাবে, ব্রহ্মদেশের ত্ব-একটি ঘটনা উল্লেখ করা দরকার। যদিও শরংচন্দ্র রেঙ্গুনে সাধানত আত্ম-গোপন ক'রে চলতেন, তবু অবশেষে রসিক লোকরা তাকে আবিন্ধার ক'রে ফেলেছিলেন। তার ফলে "বেঙ্গল সোঞাল ক্লাবে"র সভাদের প্রবল অন্ধরোধে শরংচন্দ্রকে আবার "অন্ত্র বরতে" হয়! তিনি "নারীর ইতিহাস" নামে স্থরহং এক প্রবন্ধ রচনা করেন। প্রকৃষ্ঠি সভায় লেখাটি তার পড়বার কথাছিল এবং সভার মধ্যিখানে শরংচন্দ্র ছিলেন চিরদিনই কাপুক্ষ'—মসী-বীর হ'লেই যে বাক্যবীর হওয়া যায় না তারই মৃত্তিমান দৃষ্টাস্ত ! অতএব প্রবন্ধটি সভার জন্মে বাসায় রেখে, লেখক পড়লেন কোথায় স'রে! যা-হোক্ প্রবন্ধটি সভায় পঠিত হয় এবং শরংচন্দ্রের নামে ধন্য-ধন্য রব প'ড়ে যায়!

শরংচন্দ্র বরাবরই উচ্চশ্রেণীর সাহিত্যের অমুরাগী ছিলেন ব'লে তাঁর রেঙ্গুনের বাসাতেও ছোটখাটো একটি মূল্যবান পুস্তকালয় স্থাপন করেছিলেন। হঠাৎ বাসায় আগুন লেগে সেই সমত্নে সংগৃহীত পুস্তকাবলীর সঙ্গে তাঁর রচিত একাধিক গ্রন্থের পাণ্ডলিপি ও তাঁর অন্ধিত চিত্রের প্রশংসিত নমুনা প্রভৃতি নম্ভ হয়ে যায়।

শরংচন্দ্রের মুখে রবীন্দ্রনাথের নব নব গীত শুনে রেদুনের বাঙালীরা আনন্দে মেতে উঠতেন,—বৈষ্ণব প্রদাবলী প্রভৃতিতেও ার দক্ষতা ছিল অপূর্ব্ব ! কবি নবীনচন্দ্র সেন নিজের সম্বন্ধনা-ভায় শরংচন্দ্রের কণ্ঠে উবোধন-সঙ্গীত শুনে তাঁকে নাকি 'রেঙ্গুন-রত্ন" ব'লে সম্বোধন করেছিলেন!

রেঙ্গুন-প্রবাদের মধ্যে সব-চেয়ে উল্লেখ্য ঘটনা হচ্ছে এই: ওখানে গিয়েছিলেন তিনি অজ্ঞাতবাস করতে, কিন্তু ওখান খেকেই হ'ল তাঁর প্রথম আত্মপ্রকাশ! সে কথা বলবার আগে আর একটি দিকেও সকলের দৃষ্টি আকর্ষণ করি। শরংচন্দ্রের 'বাদের অ্মতি', 'পথনির্দ্দেশ', ''বিন্দুন ছেলে', ''নারীর মলা'', ''চরিত্রহীন'' প্রভৃতি আরো অনেক শ্রেষ্ঠ রচনার জন্ম শি রেঙ্গুনেই। সেজন্মেও তাঁর সাহিত্য-জীবনে রেঙ্গুনের নাম চিথ-স্মবনীয় হয়ে থাকবে। এবং রেঙ্গুন আশ্রয় না দিলে বাংলার শরংচন্দ্রের ছুভাগাতাড়িত জীবন কোন্ পথে ছুটত, সেটাও মনে রাখবার কথা।

শরৎচন্দ্র যখন রেঙ্গুনে, কলকাতায় তাঁর অজ্ঞাতে তখন এক কাপ্ত হ'ল। প্রীমতী সরলা দেবী তখন "ভারতী"র সম্পাদিকা এবং প্রীযুক্ত সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায় কলকাতায় থেকে তাব নামে কাগজ চালান। সৌরীন্দ্রমোহন জানতেন যে, শরংচন্দ্র রেঙ্গুনে যাবার সময়ে তাঁর বচনাগুলি রেখে গেছেন প্রীযুক্ত স্থরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়ের কাছে। সৌরীক্রমোহন স্থরেনবাবুর কাছ থেকে ছোট উপত্যাস "বড়দিদি" আনিয়ে তিন কিস্তিতে "ভারতী" পত্রিকায় ছাপিয়ে দিলেন। শরংচন্দ্রের মত নেওর। হ'ল না, কারণ তাঁদের হয়তো সন্দেহ ছিল যে, মত নিতে গেলে গল্প কারণ হবে না! এটা ১০১৪ সালের কথা। গ্রীযুক্ত উপেক্রনাথ গঙ্গোপাধ্যায় লিখেছেনঃ

"এই "বড়দিদি" সম্পর্কে একটি বেশ কৌতৃকপ্রদ কাহিনী আছে, "বড্দিদি" মধ্ম "ভারতী"তে প্রকাশিত হয় তথন নবপর্য্যায় "বঙ্গদর্শন" চলছিল এবং তার সম্পাদক ছিলেন রবীক্রনাথ। "ভারতী"তে "বডদিদি"ব প্রথম কিন্দ্রি পাঠ ক'রে "বঙ্গদর্শনে"র কার্য্যাধ্যক্ষ শৈলেশচক্র, মজুমদার তৎক্ষণাৎ রবীক্রনাথের নিকট উপস্থিত হন এবং নিজের কাগ্য বঙ্কদশনের দাবী অগ্রাহ্য ক'বে ভারতীতে লেখা দেওয়ার অপরাধে গুরুত্ব-ভাবে তাঁকে অভিযুক্ত কবেন। অপরাধ মোচনের উদ্দেশ্যে রবীক্রনাং বলেন, "তা হয়েছে, কথনো হয়ত ওরা কবিতা-টবিতা সংগ্রহ ক'রে রেং পাক্রে, প্রকাশ করেচে।" শৈলেশচন্দ্র চক্ষ্র বিদ্ফারিত ক'রে বললেন "কবিতা-টবিতা কি বলছেন মশায়? উপকাস!" কথা শুনে রবীন্দ্রনাঃ ত' অবাক্! বললেন, "উপন্তাস কি বলছ শৈলেশ ? উপন্তাস লিখ্লাম: বা কথন আর ভারতীতে তা প্রকাশিত হ'লই বা কেমন ক'রে? তুঃ নিশ্চয়ই কিছু ভূল করছ।" পকেটের মধ্যে প্রমাণ বর্ত্তমান তবু বলবেন ভুল করছ! বিরক্তি-গম্ভীর মুথে পকেট থেকে স্থা-প্রকাশিত "ভারতী' বাব ক'রে বছদিদির পাতাটি খুলে রবীন্দ্রনাথের সম্মুখে স্থাপন ক'ল टेमटनम रात् वनटनन, "नाम न! मिटनरे कि ध आंशनि नुकित्म ताथ्ट পারেন ? এখনো কি অস্বীকার করছেন ?" শৈলেশচন্দ্রের অভিযোগে প্রাবলো ঔৎস্কা বশতই হোক অথবা বড়দিদির প্রথম ঘু'চার লাইন প'ে আরুষ্ট হয়েই হোক রবীন্দ্রনাথ নিঃশন্তে সমস্ত লেথাটি আতোপাস্ত প' শেষ করলেন, তারপর বললেন, "লেখাটি সত্যিই ভারি চমৎকার-কি তবুও আমার ব'লে স্বীকার করবার উপায় নেই, কারণ লেখাটি সতা 'শক্ত লোকের।'' রবীক্রনাথেব কথা শুনে শৈলেশচক্র ক্ষণকাল নির্বা বিশ্বয়ে তাঁর মৃথের দিকে চেয়ে রইলেন তারপর অফটস্বরে বললে "আপনার নয় ?" এ অবশ্য প্রশ্ন নয়, প্রশ্নের আকারে ুবিদার প্রকা

করা, স্থতরাং রবীক্সনাথ এই অনাবশুক প্রশ্নের মৃথে কোনো উত্তর না দিয়ে শুধু মাথা নাড়লেন।"

"বড়দিদি" প্রথম প্রকাশের সময়ে জনসাধারণের মধ্যে বিশেষ একটা উত্তেজনার স্বষ্টি করতে পেরেছিল ব'লে মনে হচ্ছে না। কিন্তু যাঁরা লেখার পাকা কারবারী, তাঁরা এই নৃতনলেথকটির মধ্যে প্রচুর সম্ভাবনা আছে দেখে, শরংচন্দ্রের উল্লেশ কৌতৃহলী দৃষ্টিনিক্ষেপ করলেন। সে-সব দৃষ্টি শরংচন্দ্রকে আবিক্ষার করতে পারলে না। এবং শরংচন্দ্রও জানলেন না যে, তাঁর জন্মে কোথাও কোন কৌতৃহল জাগ্রং হয়েছে! (এখানে আর-একটি কথা বলা যেতে পারে। পরে শরংচন্দ্রের নাম যখন দেশব্যাপী, তখন একমাত্র "পরিণীতা" ছাড়া আর কোন উপস্থাসেরই "বড়দিদি"র মতন এত-বেশী সংস্করণ হয় নি।)

তিনি তখন কেরাণী। তিনি তখন সংসারী। এমন-কি জীবন-যাত্রার দিক দিয়েও তিনি তখন অনেকটা নিশ্চিন্ত! তুর্লভ সরকারি চাকরি করেন, ক্রমেই মাহিনা বাড়বার সম্ভাবনা, অনাহারের ভয় আর নেই। ''গল্পরচনা অকেজাের কাজ," তা নিয়ে কে আর।মাথা ঘামায়?

শরংচন্দ্রের প্রথম যৌবনে যে ত্ব-চারক্ষন নবীন সাহিত্যয়শপ্রার্থী তাঁর সংস্পর্শে এসেছিলেন তাঁরা মাঝে মাঝে প্রবাসী বন্ধুর কথা ভাবেন। যে ত্ব-চারক্ষন সাহিত্যিকের "বড়দিদি" ভালো লেগেছিল, তাঁদের চোথে শরংচন্দ্রের আর কোন নৃতন লেখা এসে পড়ল না, তাঁরা "বড়দিদি" কথাও ভুলে গেলেন। নব্য বাংলা সাহিত্যের অপূর্বে প্রতিভাযে মগের ম্লুকে অজ্ঞাতবাস করছে, এমন সন্দেহ তথন কেউ হ্রতে পারে নি।

## প্রকাশ্য সাহিত্য-জীবন

"একদিন অপ্রত্যাশিতভাবে হঠাৎ যখন সাহিত্য সেবার ডাক এলো, তথন যৌবনের দাবী শেষ ক'রে প্রৌচ্ছের এলাকায় পা দিয়েছি। দেহ শ্রান্ত, উন্নম সীমাবদ—শেথবার বয়স পার হয়ে গেছে। থাকি প্রবাসে, সব থেকে বিচ্ছিন্ন, সকলের কাছে অপরিচিত, কিন্তু আস্নানে সাডা দিলাম, ভয়ের কথা মনেই হোলোনা।

আঠার বৎসর পরে হঠাৎ একদিন লিখতে আরম্ভ করলাল। কারণটা দৈব তুর্ঘটনারই মত। আমার গুটিকয়েক পুরাতন বন্ধু একটি ছোট মাসিক পত্র বের করতে উত্তোগী হলেন। কিন্তু প্রতিষ্ঠাবান লেথকদের কেউই এই সামান্ত পত্রিকায় লেখা দিতে রাজী হলেন না। নিরুপায় হয়ে তাঁদের কেউ কেউ আমাকে শারণ করলেন। বিশুর চেষ্টায় তার। আমার নিকট থেকে লেখা পাঠাবার কথা আদায় ক'রে নিলেন। এটা ১৯১০ সনের কথা। আমি নিমরাজী হয়েছিলাম। কোন-রুক্মে তাঁদেব হাত থেকে রেহাই পাওয়ার জন্মেই আমি লেখা দিতেও স্বীক'র হয়েছিলাম। উদ্দেশ্য—কোন রকমে একবার রেম্বনে পৌছতে পারলেই হয়। কিন্তু চিঠির পর চিঠি আর টেলিগ্রামের তাড়া আমাকে অবশেষে সতাসতাই আবার কলম ধরতে প্ররোচিত করল। আমি তাঁদের নবপ্রকাশিত "যমনা"র জন্ম একটি ছোট গল্প পাঠালাম। এই গল্লটি প্রকাশ হ'তে না হ'তেই বাংলার পাঠক সমাজে সমাদর লাভ করল: আমিও একদিনেই নাম ক'রে বসলাম। তারপর আমি অভাবধি নিয়মিত-ভাবে লিখে আস্ছি। বাংলাদেশে বোধ হয় আমিই একমাত্র সৌভাগ্যবান লেখক বাকে কোন দিন বাধার ঘর্ভোগ ভোগ করতে হয় न।"

উপরের কথাগুলি শরংচন্দ্রের। ঐ হ'ল তাঁর সাহিত্যক্ষেত্রে পুনরাগমনের সংক্ষিপ্ত ইতিহাস। কিন্তু ব্যাপারটা আমরা একটু খুলেই বলতে চাই। কারণ আমাদের চোখের সামনে ঘটেছে প্রায় সমস্ত ঘটনাই। এবং এখন থেকে শরংচন্দ্রের জীবনী লেখবার জন্মে আমাদের আর জনশ্রুতির বা অন্য কোন লেখকের উপরে নির্ভর করতে হবে না।

''যমুনা'' একখানি ছোট মাসিক কাগ**জ। ''লক্ষীবিলাস** তৈলে"র সহাধিকারীরা প্রথমে এই কাগজখানি বের করেন। তারপর এর ভার নেন, শ্রীযুক্ত ফণীন্দ্রনাথ পাল। সে হচ্ছে ১৩১০ খৃষ্টাব্দের কথা। প্রথমে ''যমুনা"র গ্রাহক তুইশতও ছিল কিনা সন্দেহ। কিন্তু তখনকার উদীয়মান এবং কয়েকজন নাম-করা লেখক লেখা দিয়ে ''যমুনা''কে সাহায্য করতেন। যেমন স্বৰ্গীয় কবি দেবেন্দ্ৰনাথ সেন, স্বর্গীয় কবি রসময় লাহা, স্বর্গীয় কবি সত্যেব্রনাথ দত্ত, স্বর্গীয় কৃষ্ণচন্দ্র কুণ্ড, স্বর্গীয় যতীন্দ্রনাথ পাল, স্বর্গীয় হেমেন্দ্রলাল রায়, স্বর্গীয় সতীশচন্দ্র ঘটক, স্বর্গীয় ইন্দিরা দেবী, ডক্টর শ্রীযুক্ত সতীশচন্দ্র বাগচী, শ্রীমতী নিরুপমা দেবী, শ্রীযুক্ত মোহিতলাল মজুমদার, শ্রীযুক্ত কুমুদরঞ্জন মল্লিক, প্রীযুক্ত কালিদাস রায়, প্রীমতী অনুরূপা দেবী, শ্রীযুক্ত উপেব্রুনাথ গঙ্গোপাধ্যায়, শ্রীযুক্ত সৌরীব্রুমোহন মুখোপাধ্যায়, শ্রীযুক্ত স্থরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, শ্রীযুক্ত করুণানিধান বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত, শ্রীযুক্ত শরচ্চত্র ঘোষাল, শ্রীযুক্ত বিভূতিভূষণ ভট্ট ও শ্রীযুক্ত বজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রভৃতি আরো অনেকে। স্বতরাং শরৎচন্দ্রের এই উক্তিটির মাধ্য অতিরঞ্জন আছে—"প্রতিষ্ঠাবান লেখকদের কেইই

এই সামান্ত পত্রিকায় লেখা দিতে রাজি হলেন না।" উপরে বাঁদের নাম করা হ'ল তাঁদের অনেকেই তখন জনসাধারণের কাছে শরংচল্রের চেয়ে ঢের বেশী বিখ্যাত এবং তাঁদের সাহায্যে অনেক বড় বড় মাসিকপত্র চলছে।

তবু যে "যমুনা"র সম্পাদক শ্রীযুক্ত ফণীন্দ্রনাথ পাল বিশেষভাবে শরংচন্দ্রকে নিজের কাগজের প্রধান লেখক করবার জন্মে ব্যগ্র হয়ে উঠলেন, তার একমাত্র কারণ এই যে, শরৎচন্দ্রের মধ্যে তিনি প্রথম থেকেই বৃহৎ প্রতিভার অস্তিত্ব অমুভব করেছিলেন। ফণীন্দ্রনাথের অমন অতিরিক্ত আগ্রহ না থাকলে শরংচন্দ্রকে পুনর্কার সাহিত্যের নেশা অত সহজে পেয়ে বসত না বোধ হয়। একখানি বিখাত মাসিকপত্তে সংপ্রতি বলা হয়েছে, শরংচক্রকে আবিষ্কার করার জন্মে "স্বর্গীয় প্রমথনাথ ভট্টাচার্য্যের দাবি সর্ব্বাগ্রগণ্য"। একথা সম্পূর্ণ শরৎচন্দ্রের একথানি পত্তেও (২৮—৩—১৯১৬) দেখেছি, তিনি স্পষ্ট ভাষাতেই ফণীবাবুকে লিখেছেনঃ "আপনার claim যে আমার উপর first তাহাতে আর সন্দেহ কি ?" শরংচন্দ্রকে পুনর্কার কলম ধরাবার জয়ে প্রমথবাব প্রথমে কোন চেষ্টাই করেছেন ব'লে জানি না। এ-সম্পর্কে প্রমণ-বাবুর কথা নিয়ে পরে আলোচনা করব। আপাতত কেবল এইটুকু বললেই যথেষ্ট হবে যে, শরংচন্দ্রকে আবার সাহিত্যক্ষেত্রে স্থায়ীভাবে আনবার জন্মে যাঁরা বিশেষ চেষ্টা করেছিলেন তাঁদের মধ্যে প্রধান হচ্ছেন শ্রীযুক্ত ফণীন্দ্রনাথ পাল, শ্রীযুক্ত সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায় 🧸 ও শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়।

এ-সম্বন্ধে সৌরীক্রমোহনের বিবৃতি উদ্ধারযোগ্যঃ

"১০১৯ সাল-পূজার সময় হঠাৎ শরৎচন্দ্র আসিয়া উপস্থিত। আমার বলিলেন-বড়দিদি গল্পটা আমায় পড়িতে দাও-

বেশ মনে আছে দেদিন কালীপূজা। বেলা প্রায় ছটার সময় আমার গৃহে বাহিরের ঘরে শরৎচন্দ্র, উপেন্দ্রনাথ ও আমি—বাঁধানো ভারতী খুলিয়া আমি 'বড়দিদি' পড়িতে লাগিলাম। শরৎচন্দ্র শুইয়া দে গল্প শুনিতে লাগিলেম। মাঝে মাঝে উঠিয়া বদেন। আমার হাত চাপিয়া ধরিয়া বলেন—চুপ। তার চোথ অশ্র-সজল, হুর বাষ্পার্ট। শরৎচন্দ্র মুগ্ধ বিশ্বয়-ভরা দৃষ্টিতে বলিলেন—এ আমার লেখা। এ গল্প আমি লিখিয়াছি!

তাঁর যেন বিশাস হয় না! আমরা তাহাকে তিনপার করিলাম—
লেখা ছাড়িয়া কি অপরাধ করিতেছ, বলো তো! শরৎচক্র উদাস মনে
বিসায়া রহিলেন—বহুক্ষণ পরে নিশাস ফেলিয়া বলিলেন—লিখবো। লেখা
ছাড়া উচিত হয় নাই। লেখা ভালো—আমার নিজের বৃক্ট কাঁপিয়া
উঠিতেছিল! তিনি বলিলেন,—চাকরীতে একশো টাকা মাহিনা পাই।
অনেককে খরচ দিতে হয়। শরীর অস্তত্ত্ব—সে দেশে আর কিছুদিন
খাকিলে যক্ষারোগে পড়িবেন—এমন আশক্ষাও জানাইলেন।

আমি বলিলাম—তিন মাদের ছুটী লইয়া আপাততঃ কণিকাতায় চলিয়া এসো। মাদে একশো টাকা উপাৰ্জন হয়—সে ব্যবস্থা আমরা করিয়া দিব। শরৎচন্দ্র কহিলেন—দেখি।

তার প্রায় তিনমাস পরে। শরৎচন্দ্র আবার কলিকাতায় আসিলেন।

'যম্না'-সম্পাদক কণীন্দ্র পাল আমায় ধরিয়াছেন—ঐ 'যম্না'কে তিনি
জীবন-সর্বস্ব করিতে চান, আমার সহযোগিতা চাহেন।

শরৎচন্দ্র আসিলে তাকে ধরিলাম—এই যমুনার জন্ম লিখিতে হইবে।
শরৎচন্দ্র বলিলেন—একথানা উপন্থাস চরিত্রহীন লিখিতেছি। পড়িয়া
কাথো চলে কি না!

প্রায় পাঁচ আনা অংশ লেখা 'চরিত্রহীনের' কাপি তিনি আমার হাতে

দিলেন। পড়িলাম। শরৎচক্র কহিলেন—নায়িকা কিরণময়ী। তার এখনে: দেখা পাও নাই। খুব বড় বই হইবে।

'চরিত্রহীন' যমুনায় ছাপ। হউবে স্থির ইউয়া গেল।—তিনি অনিলঃ দেবী ছন্ম-নামে 'নারীর মূল্য' আমায় দিয়া বলিলেন—আমার নাম প্রকাশ করিয়ো না। আপাতত যমুনায় ছাপাও।

তাই ছাপানো হইল। তাবপর দিলেন গল্প—"রামের স্থমতি।" যম্নার ছাপা হইল। বৈশাঝের যম্নার জল আবার গল্প দিলেন—পথনির্দেশ।"

শরৎচন্দ্র এই সময়ে "যমুনা"-সম্পাদককে রেমুন থেকে যে-সব পত্র লিখেছিলেন, সেগুলি পড়লেই বেশ বুঝা যায় যে, পাথর-চাপঃ উংসের মুখ থেকে কেউ পাথর সবিয়ে দিলে উৎস যেমন কিছুতেই আর নিজের উচ্ছুসিত গতি সংবরণ করতে পারে না, শরংচন্দ্রের অবস্থা হয়েছিল অনেকটা সেইরকম। অনেক-দিন-চেপে-রাখা সাহিত্যের উন্মাদনা আবার নৃতন মুক্তির পথ পেয়ে শরংচন্দ্রকেও এমনি মাতিয়ে তুলেছিল যে, "যমুনা"র ভালো-মন্দের জ্বতো যেন সম্পাদকের চেয়ে তাঁরই দায়ির ও মাথাব্যথা বেশী! একলাই প্রত্যেক সংখ্যার সমস্তটা লিখে ভরিয়ে দিতে চান এবং একাধিকবার তা দিয়েছেনও। এমন-কি কেবল গল্প নয়, কবিতা ছাডা বাকি প্রত্যেক বিষয় নিয়ে কলম চালাবার ইচ্ছাও তাঁর হয়েছিল! মাঝে মাঝে ছদ্ম-নামে তিনি সমালোচনা পর্যান্ত লিখতে ছাড়েন নি! তাদের মধ্যে বিশেষভাবে উল্লেখ্য হচ্ছে "নারীর লেখা" ও "কাণকাটা" নামে প্রবন্ধ তু'টি; যুক্তিসঙ্গত মতামত, সতেজ ভাষা এবং হাস্ত ও বিদ্রোপ-বদের জ্বস্থে সমালোচক শরংচন্দ্রকে মনে রাখবার মত; কিন্তু তাঁর গ্রন্থাবলীতে ও-চুটি রচনা এখনো পুর্ন মুদ্রিত হয় নি।

"যম্না'য় প্রথমেই বেরুলো শরংচন্দ্রের ন্তন গল্প "রামেব প্রমতি'। এ গল্পতির ভিতরে ছিল জনপ্রিয়তার অপূর্বর উপাদান এবং শবংচন্দ্রের পরিপক্ষ হাতের লিপিকুশলত।। তার উপরে "রামের প্রমতি'র আর একটি মস্ত বিশেষর হচ্ছে, সার্বজনীনতায় সে অতুলনীয়! কাবণ "রামের প্রমতি'' কেবল বয়স্ব পাঠকের উপযোগীনয়, তাকে অনায়াসেই শিশু-সাহিত্যেরও সমুজ্জল কোহিন্র ব'লে গ্রহণ করা যেতে পারে। প্রকাশ্য সাহিত্যক্ষেত্রে সর্বপ্রথম আবির্ভাবের জন্মে এমন আবালর্দ্ধবনিতার উপযোগী বিষয়বস্তু নির্বাচন ক'রে শরংচন্দ্র নিজের আশ্চর্য্য তীক্ষবুদ্ধির পরিচয় দিয়েছেন। কারণ সেই একটিমাত্র গল্প স্বর্বশেশীর পাঠককে বৃঝিয়ে দিলে যে, বাংলাঃ সাহিত্যক্ষেত্র নৃতন এক অসাধারণ প্রতিভার উদয় হ'য়েছে।

সেদিনের কথা মনে আছে। তখন "ভারতী," 'প্রবাসী,"
"মানসী" ও "নব্যভারত" প্রভৃতি প্রধান পত্রিকায় লিখে অল্পবিস্তর
নাম কিনেছি—অর্থাং সম্পাদকরা লেখা পেলে বাতিল করবার আগে
কিঞ্চিৎ ইতঃস্তত করেন! কিন্তু 'রামের স্থমতি" প'ড়ে নিজের ক্ষুত্রত্ব
সম্বন্ধে সচেতন না হয়ে পারলুম না! একেবারে এত শক্তি নিয়ে কি
ক'বে তিনি দেখা দিলেন? সাহিত্যিক বন্ধুদের কাছ থেকে খোঁজ
নেবার চেষ্টা করলুম—কে এই শরং চট্টোপাধ্যায়? কোথায় থাকেন,
কি করেন? অনুসন্ধানে জানতে পারলুম, শরংচন্দ্র অকস্মাৎ লেখক
হন নি, ১০১৪ সালে তাঁরই লেখনী গাতা 'বড়দিদি' 'ভারতী'র আসরে
গিয়ে হাজিরা দিয়েছে! মনে একটা বদ্ধমূল সংস্কার ছিল, কলম
ধ'রেই কেউ পূরোদস্তর লেখক হ'তে পারে না; ''রামের স্থমতি"র
শরংচন্দ্র সেই সংস্কারের মূল আল্গা ক'রে দিয়েছিলেন। এখন

আশ্বস্ত হয়ে বুঝলুম, শরংচন্দ্র নৃতন লেখক নন—"রামের স্থুমতি"র পিছনে আছে আত্মসমাহিত সাধকের বহুদিনের গভীর সাধনা! আটের আসর আর 'ম্যাজিকে'র আসর এক নয়—এক মিনিটে এখানে ফলন্ত আমগাছ মাথা চাগাড় দিয়ে ওঠে না।

১০২০ সালের বৈশাখ থেকেই শরংচন্দ্র "যমুনা" তথা বঙ্গসাহিত্যের আসরে অবতীর্ণ হ'লেন পূর্ণ উছামে। ঐ প্রথম
সংখ্যাতেই বেরুলো তাঁর পুরাতন ক্রমপ্রকাশ্য উপন্যাস "চন্দ্রনাথ,"
নবলিখিত ক্রমপ্রকাশ্য প্রবন্ধ ''নারীর মূল্যা" ও সছারচিত বড়
গল্প 'পথনির্দ্দেশ"। 'নারীর মূল্যো"র নূতন-রকম নবযুগের
উপযোগী জোরালো যুক্তি এবং ''পথনির্দ্দেশে''র লিপিকুশলতা
আবার সকলের বিশ্বিত দৃষ্টি আকর্ষণ করলে। (যদিও জনপ্রিয়তার হিসাবে এ গল্পটি 'রামের স্থমতি''র মতন সাফল্য
অর্জন করে নি)। প্রাবণ সংখ্যায় আত্মপ্রকাশ করলে "বিন্দৃর
ছেলে''। এ গল্পটি সাহিত্যক্ষেত্রে যে-উত্তেজনা স্পৃষ্টি করেছিল তার
আর তুলনা নেই এবং এর পরে কথাসাহিত্যের আসরে শরংচন্দ্রের স্থান
কোথায়, সে-সম্বন্ধে কারুর মনে আর কোন সন্দেহ রইল না।

১৩২০ সালের ''যমুনা''র শরংচন্দ্রের নিম্নলিখিত রচনাগুলি প্রকাশিত হয়েছিলঃ ॥১॥ ''নারীর মূল্য'' সম্পাকীয় পাঁচটি প্রবন্ধ ॥২॥ কাণকাটা (প্রতিবাদ বা সমালোচনা)॥ ৩॥ গুরু-শিষ্ম-সংবাদ (প্রচ্ছন্নহাস্থরসাত্মক নাট্য-চিত্র)॥৪॥ পথনির্দেশ (বড় গল্ল)॥ ৬॥ পরিণীতা (বড় গল্ল)॥ ৭॥ চন্দ্রনাথ (উপত্যাস) ও॥ ৮॥ চরিত্রহীন (উপত্যাস)।

ইতিমধ্যে একটি ঘটনা ঘটেছে। "রামের স্থমতি" বেকবার অনতিকাল পরেই শ্রীযুক্ত প্রভাতচন্দ্র গঙ্গোপাধ্যায় (বর্তমানে "আনন্দবাজার পত্রিকা"র সম্পাদক-মণ্ডলীভুক্ত) একদিন বিখ্যাত কবি ও সাহিত্যিক শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদারের কাছে গিয়ে ঐ গল্পটি প'ড়ে শুনিয়ে এসেছেন। বিজয়বাবু প্রশংসায় একেবারে উচ্ছসিত হ'য়ে উঠলেন। এবং তাঁর মুখে শুনে স্বর্গীয় দিক্তেন্দ্র লাল রায়ও 'রামের স্থুমতি' পাঠ ক'রে অভিভূত হ'য়ে যান। তখন দ্বিজেন্দ্রলালের সম্পাদকতায় মহাসমারোহে "ভারতবর্ষ" প্রকাশের উদ্যোগ-পর্ব্ব চলছে। দিজেন্দ্রলাল শবৎচন্দ্রকে "ভারতবর্ষে"র লেখক রূপে পাবার জক্তে আগ্রহবান হন। দ্বিজেব্রুলালের পৃষ্ঠপোষকতায় তখন একটি সৌখীন নাট্য-সম্প্রদায় চলছিল এবং সেখানকার সভা স্বর্গীয় প্রমথনাথ ভট্টাচার্য্য ছিলেন শরংচন্দ্রের পরিচিত ব্যক্তি। তিনি শরংচন্দ্রকে দিজেন্দ্র-লালের আগ্রহের কথা জানালেন এবং তার ফলে লাভ করলেন শরৎচন্দ্রের ''চরিত্রহীন'' উপন্যাসের প্রথম অংশের পাণ্ডুলিপি। সকলেই জানেন, "চরিত্রহীন" কোনকালেই ক্রচিবাগীশদের মানসিক খাজে পরিণত হ'তে পারবে না। রুচিবাগীশ বলতে যা বোঝায় দিজেন্দ্রলাল তা ছিলেন না বটে, কিন্তু তার কিছু আগেই তিনি করেছিলেন ''কাব্যে তুর্নীতি''র বিরুদ্ধে বিষম যুদ্ধঘোষণা। কাজেই তাঁর নৃতন কাগজে তিনি "চরিত্রহীন" প্রকাশ করতে ভরসা পেলেন না। "চরিত্রহীন" বাতিল হয়ে ফিরে আন্সে এবং পরে "যমুনা"য় বেরুতে আরম্ভ করে। এই প্রত্যাখ্যানের জন্মে শরংচন্দ্র মনে যে-আঘাত পেয়েছিলেন, সেটা তথনকাব অনেক

সাহিত্যিক বন্ধুর কাছে প্রকাশ না ক'রে পারেন নি। কিন্তু সেজক্যে আত্মশক্তির উপরে তাঁর নিজের বিশাস ক্ষুণ্ণ হয়নি কিছুমাত্র। "যমুনা"তে যখন "চরিত্রহীন" প্রকাশিত হ'তে থাকে তখনও একশ্রেণীর লোক তার বিরুদ্ধে তুমুল আন্দোলন উপস্থিত করে। কিন্তু শরংচন্দ্র ছিলেন—অটল!

১৩২০ সালে শরৎচন্দ্র রেঙ্গুন থেকে ছুটি নিয়ে কলকাতায় ফিরে আসেন। সে-সময়ে "যমুনা"র আপিস উঠে এসেছে ২২।১, কর্ণগুয়ালিস খ্রীটে। শ্রীমানী মার্কেটের সামনে এখন যেখানে ডি রতন কোম্পানীর আলোক-চিত্রালয়, ঐখানে ছাদের উপবে সতরঞ্চ বিছিয়ে রোজ সন্ধ্যায় বসত "যমুনা"র সাহিত্য-আসর। শরৎচন্দ্রকেও সেখানে দেখা যেত প্রত্যহ। ও্থানকার কিছু-কিছু বিবরণ পরিশিষ্টে মংলিখিত "শরতের ছবি"র মধ্যে পাওয়া যাবে।

এবারে শরংচন্দ্র কলকাতায় এলেন বিজয়ী বেশে! "য়য়ৄনা"য়
প্রকাশিত রচনাবলী তথন তাঁকে সাহিত্যিক ও পাঠক সমাজে স্থপ্রসিদ্ধ
ক'রে তুলেছে এবং "য়য়ৄনা"-কার্য্যালয় থেকেই গ্রন্থাকারে তাঁর প্রথম
উপন্তাস "বড়দিদি" মুদ্রিত হয়েছে। প্রতিদিনই নব নব অপরিচিত
ভক্ত একান্ত স্থপরিচিতের মতন আসেন তাঁর সঙ্গে আলাপ ক'রে ধন্ত
হ'তে এবং আরো আসেন মধুলুক্ধ ভ্রমরের মত প্রকাশকের দল!
চারিদিক থেকে নিমন্ত্রণ-আমন্ত্রণের অন্ত নেই! শরংচন্দ্র এবারে
এসে বাসা বেঁধেছিলেন মুক্তারামবারু দ্বীটের এক মোড়ে। সেই
বাসা তুলে দিয়ে আবার যথন তিনি রেঙ্গুনে ফিরে গেলেন,
তখন তিনি নিশ্চয়ই বুঝতে পেরেছিলেন যে, আর তাঁকে
কৈরাণীগিরি ক'রে স্থানুর প্রবাসে জীবন্যাপন করতে হবে না!

\$

মানুষের পক্ষে এই সফল উচ্চাকাক্ষার অনুভূতি হি] সমধুর!

হ'লও তাই। পর-বংসরেই কেরাণী শরংচন্দ্র হ'লেন পূরোপূরি সাহিত্যিক শরংচন্দ্র। এবং তখন তাঁর জনপ্রিয় গ্রন্থাবলী প্রকাশের ভার পেলেন সর্বপ্রথমে "যমুনা"-আসরেরই অক্সতম সভা শ্রীযুক্ত স্থারচন্দ্র সরকার,—এখন "রায় এম, সি, সরকার এণ্ড্ সন্স্" নামক স্থাবিখ্যাত পুস্তকালয়ের একমাত্র সহাধিকারী। প্রসঙ্গক্রমে ব'লে রাখি, শরংচন্দ্রের শেষ পুস্তক "ছেলেবেলার গল্প" প্রকাশেরও অধিকার পেয়েছেন ঐ স্থারবাবুই।

ঐ সময়ে শরংচন্দ্রের অদ্তুত জনপ্রিয়তা কতথানি চরমে উঠেছিল, একটিমাত্র ঘটনাই তা প্রমাণিত করবে। "এম, সি, সরকার" থেকে যখন "চরিত্রহীন" পুস্তকাকারে প্রকাশিত হ'ল, তখন সেই সাড়ে-তিনটাকা দামের গ্রন্থ প্রথম দিনেই সাড়ে চারশত খণ্ড বিক্রা চয়ে যায়! আর কোন বাঙালী লেখক বাংলাদেশের পাঠক-সনাজের ভিতরে প্রথম দিনেই এত মোটা প্রণামী পেয়েছেন ব'লে শুনি নি! পরে তাঁর 'পথের দাবী" নাকি এর চেয়েও বেশী আদর পেয়েছিল!

## গৌরবময় সাহিত্য-জীবন

শরংচন্দ্রের মতন বৃহৎ প্রতিভা "যমুনা"র মতন ছোট পত্রিকার বেশীদিন বন্দী থাকবার জন্মে স্পৃষ্ট হয় নি। অবশ্য শরংচন্দ্র যদি "যমুনা"কে ত্যাগ না করতেন, তাহ'লে "যমুনা" যে কেবল আজ পর্যান্থ বেঁচে থাকত তা নয়; আকারে ও প্রচারে আজ দে হয়তো বিপুল হ'য়ে উঠতে পারত, কারণ ১৩২০ সালেই তার গ্রাহক-সংখ্যা বেড়ে উঠেছিল আশাতীত। কিন্তু "যমুনা" বেশীদিন আর শরৎচন্দ্রের ধ'রে রাখতে পারলে না। "যমুনা"র সম্পাদক রূপে পরে শরৎচন্দ্রের নাম বিজ্ঞাপিত হ'ল বটে, কিন্তু "ভারতবর্ষ" তার সবল বাহু বাড়িয়ে তথন শরৎচন্দ্রেক টেনে নিয়েছে। সম্পাদক শরৎচন্দ্রের চেয়ে ঔপত্যাসিক শরৎচন্দ্রের পসার বেশী। তার সমস্ত নৃতন রচনা "ভারতবর্ষে"ই প্রকাশিত হ'তে লাগল।

"যমুনা"র সর্বনাশ হ'ল বটে, তবে শরংচন্দ্রের দিক থেকে এটা হ'ল একটা মঙ্গলমর ঘটনা। কারণ "যমুনা" ধনীর কাগজ ছিল না, শরংচন্দ্রকে সে কোনরকম অর্থসাহায্য করতে পারত না। কিন্তু "ভারতবর্ষে"র স্বাধিকারীরা হচ্ছেন বাংলাদেশের সর্ব্বপ্রধান প্রকাশক এবং তাদের নিয়মিত অর্থসাহায্যের উপরেই নির্ভর ক'রে নিজের ভবিষ্যুৎ সম্বন্ধে নিশ্চিন্ত হয়ে শরংচন্দ্র দাসৰ ত্যাগ ক'রে সাহিত্য-জীবনকেই গ্রহণ করলেন একান্ত ভাবে। শরংচন্দ্রের মতন শিল্পীকে বাধীনতা দিয়ে "ভারতবর্ষে"র স্বাধিকারীরা যে বঙ্গসাহিত্যেরই

#### সাহিত্যিক শরংচক্স

উপকার করলেন, এ সত্য মানতেই হবে। এবং এইখানেই স্বর্গান্ধ এ প্রমথনাথ ভট্টাচার্য্যের কৃতিত্বের কথা মনে ওঠে। কারণ শরংচক্রতে "ভারতবর্ষে"র বড় আসরে হাজির করবার জন্যে তিনি যথেষ্ট—এমন-কি প্রাণপণ চেষ্টাই ক'রেছিলেন।

''যমুনা''য় কথাসাহিত্যের যে উৎসব আরম্ভ, 'ভারতবর্ষে''র মস্ত আসরে স্থানাকরিত হ'য়ে তার সমারোহ বেড়ে উঠল! শরৎচন্দ্র তখন বাংলাসাহিত্যের জয়ে নিজের সমস্ত শক্তিপ্রয়োগ করলেন, তাঁব লেখনীর মসী-ধারা অকস্মাৎ যেন প্রপাতে পরিণত হ'তে চাইলে বিপুল আনন্দে! সে তো বেশীদিনের কথা নয়, আজও অধিকাংশ } পাঠকের মনেই তখনকার সেই বিস্ময়কর মহোৎসবের স্মৃতি নিশ্চয়ই বিচিত্র রঙের রেখায় আঁকা আছে! মোপাসার সাহিত্য-জীবনের মত শরংচন্দ্রের নবজাগ্রত সাহিত্যজীবনও প্রধানত একযুগের মধ্যেই 🕽 মাতৃভাষার ঠাকুরঘরে অধিকাংশ শ্রেষ্ঠ অর্ঘ্য নিবেদন ক'রেছিল! 🖁 প্রতি মাসে নব নব উপহার—নব নববৈচিত্রা—নব নব বিস্ময়। পরিচিতরা অবাক হয়ে ভাবতে লাগলেন, ঐ তো এক রোগজীর্ণ, শীর্ণদেহ অতিসাধারণ ছট্ফটে মানুষ, যাঁর মুখে ক্ষুদ্র সাহিত্যিকদেরও মত বড় বড় বুলি শোনা যায় না, বিদ্বানদের সভায় গিয়ে যিনি ছুটো লাইনও গুছিয়ে বলতে পারেন না, রাজপথের জনপ্রবাহের মধ্যে যিনি কারুর দৃষ্টি আকর্ষণ করেন না, তাঁর মধ্যে কেমন ক'রে সম্ভব হ'ল এই মহামানুষোচিত শক্তির প্রাবল্য, নরজীবন সম্বন্ধে এই অদূত অভিজ্ঞতা, মানবতার আদর্শ সম্বন্ধে এই উদার উচ্চধারণা, সংকার্ণ প্রচলিতের বিরুদ্ধে এই সগর্ক বিদ্রোহিতা এবং কল্পনাতীত সৌন্দর্য্যের এই অফুরন্থ ঐশ্বর্যা!

ু কৈবল "ভারতবর্ষ" নয়, পরে মাঝে মাঝে "বঙ্গবাণী", "নারায়ণ" ও "বিচিত্রা" প্রভৃতির আসরে গিয়েও শরৎচন্দ্র দেখা দিয়ে এসেছেন, তাঁর কোন কোন উপস্থাস একেবারে গ্রন্থাকারে প্রকাশিত হয়েছে (যেমন 'বামুনের মেয়ে'), কোন কোন উপত্যাস সমাপ্ত হয় নি, কোনখানির পাণ্ডলিপি নষ্টও হয়ে গিয়েছে ( যেমন 'মালিনী' )। "ভারতবর্ষে"র সঙ্গে সম্পর্ক স্থাপনের পরে শরংচন্দ্র এই উপত্যাস বা গল্প গুলি লিখেছিলেনঃ বিরাজ-বৌ, পণ্ডিত-মশাই, বৈকুণ্ঠের উইল, স্বামী, মেজদিদি, দর্পচূর্ণ, আঁধারে আলো, শ্রীকান্ত (১ম, ২য়, ৩য় ও ৪র্থ পর্বে), দত্তা, পল্লীসমাজ, মালিনী, অরক্ষণীয় ক্রিছ,তি, গৃহদাহ, দেনা-পাওনা, বামুনের মেয়ে, নকুবিধান, হরিলক্ষ্মী, মহেশ, পথের দাবী, শেষ-প্রশ্ন, বিপ্রদাস, জাগরণ (অসমাপ্ত ), অমুরাধা. সতী ও পরেশ, আগামী কাল (অসমাপ্ত), শেষের পরিচয় (অসমাপ্ত), এবং ভালো-মন্দ (১ম পরিচ্ছেদ)। মধ্যে মধ্যে প্রবন্ধও লিখেছেন। শেষের দিকে শিশু-সাহিত্যেরও প্রতি তাঁর দৃষ্টি পডেছিল, কিন্তু এ-বিভাগে বিশেষ রূপে উল্লেখযোগ্য নৃতন কিছু করবার আগেই তাঁকে মহাকালের অহ্বানে সাড়া দিতে হয়েছে। তিনি অনেক পত্র রেখে গেছেন, তারও অনেকগুলির মধ্যে শর্ৎ-প্রতিভার স্পষ্ট ছাপ আছে এবং একত্রে প্রকাশ করলে সেগুলিও সাহিত্যের অন্তর্গত হ'তে পারে।

দেশবন্ধু চিত্তরঞ্জন শরৎচন্দ্রের প্রতি যে সম্মান দেখিয়েছিলেন, তার তুলনা নেই। "নারায়ণ" পত্রিকার জন্মে গল্প নিয়ে শরৎ-চিন্দ্রের কাছে একথানি সই-করা চেক পাঠিয়ে দিয়ে দেশবন্ধ

#### সাহিত্যিক শরৎচন্দ্র

লিখেছিলেন—আপনার মতন শিল্পীর অমূল্য লেখার মূল্য স্থিত্ব করবার স্পর্কা আমার নেই, টাকার ঘর শৃষ্ম রেখে চেক পাঠালুম, এতে নিজের খুসি-মত আন্ধ বসিয়ে নিতে পারেন! ------সাধারণের দৃষ্টিতে শরংচন্দ্রও হয়তো বোকার মতন কাজ করেছিলেন,—কারণ নিজের অসাধারণতার মূল্য নিরুপণ করেছিলেন তিনি মাত্র একশো টাকা!

বর্ত্তমান ক্ষেত্রে শরং-সাহিত্য নিয়ে অমরা কোন কথা বলতে চাই না, কারণ শরংচন্দ্র পরলোকে গমন করলেও তাঁর অন্তিকের স্মৃতি এখনো আমাদের এত নিকটে আছে যে, সমালোচনা করতে বসলে আমরা হয়তো যথার্থ বিচার করতে পারব না; লেখনী দিয়ে হয়তো কেবল প্রশংসার উচ্ছাসই নির্গত হ'তে থাকবে, কিন্তু তাকে সমালোচনা বলে না! এবং এখন উচিত কথা বলতে গেলেও অনেকের কাছে তা অস্থায়-রকম কঠোর ব'লে মনে হ'তে পারে। স্মৃতরাং ও-বিপদের মধ্যে না-যাওয়াই সঙ্গত।

অতঃপর বাংলা রঙ্গালয়ের সঙ্গে শরংচন্দ্রের সম্পর্কের কথা সংক্ষিপ্ত ভাবে বলতে চাই! তাঁর যে-উপস্থাস নাট্যাকারে সর্ব-প্রথমে সাধারণ রঙ্গালয়ে উপস্থিত হয়েছিল, তার নাম হচ্ছে 'বিরাজ্ব-বৌ'। নাট্যরূপদাতা ছিলেন শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এবং নাট্যমঞ্চ ছিল 'ষ্টার থিয়েটার'! যশস্বী নট-নটীবাই এই নাটকের বিভিন্ন ভূমিকায় রঙ্গাবতরণ করেছিলেন বটে, কিন্তু নানা কারণে 'বিরাজ্ব-বৌ'য়ের পরমায়ু স্থুদীর্ঘ হয় নি।

তারপর শ্রীযুক্ত শিশিরকুমার ভাহড়ী যখন "মনোমোহন

40

র্নাট্টামন্দিরে"র প্রতিষ্ঠা করলেন, তখন "ভারতী"-সম্প্রদায়ভুক্ত সাহিত্যিক বন্ধুদের বিশেষ অন্তুরোধে শরৎচন্দ্র পুরাণো বাংলার ইতিহাস-সম্পর্কীয় একখানি নৃতন নাটক লেখবার জ্বন্যে উৎসাহিত ষ্ট্যে উঠেছিলেন। শরৎচন্দ্রের অনুরোধে "নাচঘর"-সম্পাদক সেই ষ্মুখবর জ্বনসাধারণেরও কাছে বিজ্ঞাপিত করেছিলেন। শিশির-কুমার সে-সময়ে "ভারতী"র আসরে নিয়মিত রূপে হাজিরা দিতেন। নৃতন নাটক নিয়ে শরংচন্দ্রের সঙ্গে তিনি জল্পনা-কল্পনা করেছিলেন ব'লেও স্মরণ হচ্ছে। শরংচন্দ্রের নিজেরও দুঢ়বিশ্বাস ছিল, তিনি নাটক লিখতে পারেন। এবং তাঁর সাহিত্যিক বন্ধুদেরও দৃঢ়বিশ্বাস ছিল, যাঁর উপত্যাসে এত নাটকীয় ক্রিয়া, সংলাপ ও ঘটনা-সংস্থান আছে, তাঁর লেখনী নিশ্চয়ই নাট্যসাহিত্যকে নুতন ঐশ্বর্যা দান করতে পারবে। তুর্ভাগ্যক্রমে শেষ পর্য্যন্ত কারুর বিশ্বাস্থ সতো পরিণত হ'ল না। যদিও এখনো আমাদের বিশ্বাস আছে যে, নাটক লিখলে শরৎচক্রের লেখনী বিফল হ'ত না।

শিশিরকুমার তথন "নাট্যমন্দিরে" ব'সে নৃতন নাটকের অভাব অমুভব করছেন এবং থিয়েটারি নাট্যকারদের তথাকথিত রচনা তাঁর পছন্দ হচ্ছে না। ওদিকে "ভারতী" ইতিমধ্যে আবার শ্রীমতী সরলা দেবীর হস্তগত হয়েছে। সেই সময়ে শ্রীযুক্ত শিবরাম চক্রবর্তী "ভারতী"র পৃষ্ঠায় শরৎচন্দ্রের "দেনা-পাওনা" উপত্যাসকে "যোড়শী" নামে নাট্যাকারে প্রকাশ করেছেন। তার মধ্যে সাফল্যের সম্ভাবনা দেখে শিশিরকুমার তথনি শরৎচন্দ্রের আশ্রয় নিঙ্গেন। শরৎচন্দ্রের হস্তে পরিবর্জিত, পরিবর্জিত ও পরিবর্তিত হয়ে "যোড়শী" 'নাট্য-

মন্দিরে'র পাদপ্রদীপের আলোকে দেখা দিয়ে কেবল সফলই হ'ল না, নাট্যজগতে যুগান্তর উপস্থিত করলে বললেও অত্যুক্তি হবে না। সেই সময়ে শরৎচন্দ্র আর-একবার উৎসাহিত হয়ে বলেছিলেন, "এইবারে আমি মৌলিক নাটক লিখব!" কিন্তু তাঁর সে-উৎসাহও দীর্ঘস্থায়ী হয় নি!

"ষোড়নী"র সাফল্য দেখে শরংচন্দ্রের উপস্থাস থেকে রূপান্তরিত আরো অনেকগুলি নাটক একাধিক সাধারণ রঙ্গালয়ের জন্মে গ্রহণ ও অভিনয় করা হয়েছিল, যথা — 'পল্লীসমাঙ্কা' বা "রমা", "চন্দ্রনাথ", 'চরিত্রহীন", "অচলা" ও "বিজয়া" প্রভৃতি। অভিনয়ের দিক দিয়ে কোনখানিই ব্যর্থ হয় নি। যদিও নাটকত্বের দিক দিয়ে সবগুলি সফল হয়েছে বলা যায় না—বিশেষত "চরিত্রহীন"। বলা বাহুল্য শরংচন্দ্রের আর কোন উপস্থান্দের নাট্যরূপই "ষোড়নী"র মত জনপ্রিয়তা লাভ করতে পারে নি।

বাংলার চলচ্চিত্র প্রথম থেকেই শরংচন্দ্রের প্রতিভাকে অবলম্বন করতে চেয়েছে। এ-বিভাগেও সর্ব্বাগ্রে শরংচন্দ্রকে পরিচিত করেন শিশিরকুমার, তাঁর ''আঁধারে আলো''র চিত্ররূপ দেখিয়ে। তারপর নানা চিত্র-প্রতিষ্ঠান শরংচন্দ্রের কথাসাহিত্যের সাহায্যে অনেকগুলি ছবি (সবাক বা নির্ব্বাক) তৈরি করেছেন, যথা—''চন্দ্রনাথ,'' 'দেবদাস'' (সবাক ও নির্ব্বাক), "শ্বামী," "শ্রীকান্ত," "পর্নীসমাজ," "দেনা পাওনা", "বিজয়া," "চরিত্রহীন," 'দেবদাস' ও 'পণ্ডিত মশাই"। এদের মধ্যে একেবারে ব্যর্থ হয়েছে "চরিত্রহীন'' ও ''প্রীকান্ত''। অন্যগুলি অল্পবিস্তর জনপ্রিয়তা অর্জন করতে পেরেছে। কিন্তু সকলকার উপরে টেকা দিয়েছে সবাক ''দেবদাস'',

কি চিত্রকথা হিসাবে আর কি চিত্রশিল্প হিসাবে সে অতুলনীয়!
চলচ্চিত্র-জগতে আনাড়ি পরিচালকের পাল্লায় প'ড়ে শরংচল্রের
প্রতিভার দান কলস্কিত হয়েছে বারংবার, সাধারণ রঙ্গালয়ে তা এতটা
ছর্দ্দশাগ্রস্ত হয় নি কখনো। তার প্রধান কারণ, সাহিত্যশিক্ষাহীন
বাঙালী পরিচালকদের দৃঢ় ধারণা, গল্পকেদের চেয়ে তাঁরা ভালো
ক'রে গল্প বলতে পারেন। এই মূর্যোচিত ধারণার কবলে প'ড়ে
বাংলা দেশে শ্রেষ্ঠ সাহিত্যিকদের নাম বছবার অপমানিত হয়েছে।
যারা বঙ্কিমচন্দ্র ও শরংচল্রেকে মানে না, সে-সব হতভাগ্যের কাছে
অক্যান্স লেখকরা তো নগণ্য! কিন্তু শরংচল্রের নাম বেখেছে
'দেবদাস'',—যদিও চলচ্চিত্র-জগতে মনস্তত্বপ্রধান কোন শ্রেষ্ঠ
উপন্যাসেরই মর্যাদা সম্পূর্ণ অক্ষুণ্ণ থাকতে পারে ব'লে বিশ্বাস করি
না। শরংচল্রের আরো কয়েকখানি উপন্যাস নাট্যরপলাভের জন্যে
অপেক্ষা করছে। তাঁর কোন কোন মানসসন্থান ইতিমধ্যেই ছবিতে
হিন্দী কথা কয়েছে, ভবিশ্বতে আরো অনেকেই কইতে পারে।

শরংচন্দ্রের বহু রচনা য়ুরোপের ও ভারতের নানা ভাষায় অন্দিত হয়ে প্রচুর সমাদর লাভ করেছে, এখানে তাদের নিয়ে বিশেষ ভাবে আলোচনা করবার চাঁই নেই। আরো কিছুকাল জীবিত থাকলে তিনি হয়তো "নোবেল-পুরস্কার" পেয়ে সমগ্র পৃথিবীর বিস্মিত চিত্ত আকর্ষণ করতে পারতেন।

এক দৃষ্টিতে যতটা দেখা যায়, আমরা শরংচল্রের জীবন ততটা দেখে নিয়েছি বোধহয়। যৌবনে যে-শরংচল্রের দেশে মাথা রাখবার ছোট্ট একটুখানি ঠাঁই জোটে নি, ট্যাকে ছটি টাকা সম্বল ক'রে যিনি মরিয়া হয়ে মগের মুল্লুকে গিয়ে পড়েছিলেন,

প্রোচ বয়সে তিনিই যে দেশে ফিরে এসে বালিগঞ্জে স্থন্দর বাড়ী, রূপনারায়ণের তটে চমংকার পল্লী-আবাস তৈরি করবেন, মোটরে চ'ড়ে কলাকাতার পথে বেড়াতে বেকবেন, একদিন যাঁরা তাঁর দিকে মুথ ফিরিয়ে তাকান নি, তাঁরাই এখন তাঁর কাছে ছুটে এসে বন্ধু বা আত্মীয় ব'লে পরিচয় দিতে ব্যস্ত হবেন, এটা কেহই কল্পনা করতে পারেন নি বটে, কিন্তু এ-সব খুব আশ্চর্য্য ব্যাপার নয়, কারণ এমন ব্যাপার আরো বহু প্রতিভাহীন ও বিভাহীন ব্যক্তির ভাগ্যেও ঘটতে দেখা গিয়েছে।

আশ্চর্য্য ব্যাপার হচ্ছে এইঃ শরংচন্দ্রের জীবনে আলাদীনের প্রদীপের মতন কাজ করেছে বাংলা-সাহিত্য। বাংলাসাহিত্য গরিবকে ছদিনে ধনী ক'রে ভুলেছে, এমন দৃষ্টাস্থ ছল'ভ। বড় বড় বাঙালী সাহিত্যিকদের দিকে তাকিয়ে কি দেখি ? দীনবন্ধু, বিদ্ধিনচন্দ্র ও দিজেল্রলাল উচ্চপদস্থ সরকারি কর্ম্মচারী ছিলেন এবং রবীল্রনাথ হচ্ছেন জমিদার। হেমচন্দ্র যতদিন ওকালতি করতেন, কবিতা লিখতেন নির্ভাবনায়; কিন্তু অন্ধণ্ডের জম্মে ওকালতি ছাড়বার পর তাঁকে পরের কাছে হাত পেতে বাকি জীবন কাটাতে হয়েছে। এবং সাহিত্য এত-বড় প্রতিভাবান মাইকেলকে কোন সাহায্যই করে নি—হাসপাতালে গিয়ে তিনি মারা পড়েছেন একান্ত অনাথের মত। বাংলাদেশের বড় সাহিত্যিকদের মধ্যে একমাত্র শরংচন্দ্রই কেবল সাহিত্যের জ্ঞােরে ছই পায়ে ভর দিয়ে বুক ফুলিয়ে দাড়াতে পেরেছেন,—ভারতীর পুরোহিত হয়েও লক্ষ্মীর বাঁপিকে করেছেন হস্তগত!

নিজের বাড়ী, নিজের গাড়ী ও নিজের টাকার কাঁড়ির গর্বে

শরৎচন্দ্র একদিনের জন্মেও একটুও পরিবর্তিত হন নি, তাঁর মুখে কেউ কোনদিন দেমাকের ছায়া পর্যাস্ত দেখে নি। সাদাসিধে পোষাকে, সরল হাসি-মাখা মুখে বিনা অভিমানে তিনি আগেকার মতই আলাপী-লোকদের বাড়ীতে গিয়ে হাজির হ'তেন, যাঁরা তাঁকে চিনত না তাঁর কথাবার্তা শুনেও তারা বুঝতে পারতনা যে, তিনি একজন পৃথিবীবিখ্যাত অমর সাহিত্যস্রস্থা! ভাণই যাদের সর্ব্বস্থ সেই পুঁচকে লেখকরা শরৎচন্দ্রকে দেখে কত শিক্ষাই পেতে পারে!

রেঙ্গুন থেকে চাকরিতে জবাব দিয়ে দেশে ফিরে এসে শরংচন্দ্র কয়েক বংসর শিবপুরে বাসা ভাড়া ক'রে বাস করেন। কিন্তু সহরের একটানা ভিড়ের ধাকা সইতে না পেরে শেষটা তিনি রূপনারায়ণের রূপের ধারায় ধোয়া পাণিত্রাসে (সাম্তাবেড়) নিরালা পল্লী-আবাস বানিয়ে সেইখানেই বাস করতে থাকেন। বাগানে ঘেরা দোতালা বাড়ী, লেখবার ঘরে ব'সে নটিনী নদীর নৃত্যুলীলা দেখা যায়; পল্লীকথার অপূর্ব্ব কথকের পক্ষে এর চেয়ে মনোরম স্থান আর কোথায় আছে? কথনো লেখেন, কখনো পড়েন, কখনো ভাবেন; কখনো বাগানে গিয়ে ফুলের চারা আর ফলের গাছের সেবা করেন; কখনো পুকুরের ধারে দাঁড়িয়ে যত্নে পালিত মাছদের আদরে ডেকে খাবার খেতে দেন; কখনো গাঁয়ের ঘরে ঘরে গিয়ে পল্লীবাসীদের কুশল-সংবাদ নেন এবং পীড়িতদের হোমিওপ্যাথি চিকিৎসা ক'রে আসেন। এই ছিল শরৎচন্দ্রের কাছে আদর্শ জীবন।

কিন্তু যাঁর স্থষ্টির মধ্যে বিচিত্র জনতার শ্রেণী, বহুজনধাত্রী কৈলিকাতা নগরীও মাঝে মাঝে বোধহয় তাঁকে প্রাণের ডাকে ভাকত! তাই শেষ জীবনে বালীগঞ্জেও তিনি একখানি বড় বাড়ী তৈরি করিয়েছিলেন। তারপর তাঁর স্নেহ সহর ও পল্লীর মধ্যে হুইভাগে বিভক্ত হয়ে যায়।

এবং সহরেও ছিল তাঁর আবাসে সকলের অবারিত দ্বার। আগন্তুকদের ভয় দেখাবার জয়্যে বডমান্তুষীর দিনেও তাঁর দেউডীতে লাঠি-হাতে চাপদাড়া দ্বারবান বদেনি কোনদিন। তাই শরংচন্দ্রের প্রশস্ত বৈঠকখানার ভিড়ের মধ্যে দেখা যেত দেশবিখ্যাত নেতা, সাহিত্যিক ও শিল্পীর পাশে নিতাম্ভ সাধারণ অখ্যাত লোকদের; হোম্রা-চোম্রা মোটরবিলাসী বাবুগণের পাশে কপদ্দকহীন মলিনবাস দরিদ্রদের; পরুকেশ গস্ভীরমুখ প্রাচীনবন্দের পাশে ইম্কুলের অঞ্চাতশক্র চপল ছোক্রাদের! শৈর্ণচন্দ্র ছিলেন সমগ্র মানবজীবনের চিত্রকর, তাই কোনরকম মামুষকেই তিনি ত্যাগ করতে পারতেন না— তিনি ছিলেন প্রত্যেকেরই বন্ধু, তাই সবাই এসে তাঁর সঙ্গে আলাপ ক'রে খুসি হয়ে বাড়ী ফিরে যেত।) সেই**জন্মেই** আব্দু তাঁর মৃত্যুর পরে অগুন্তি মাসিকে, সাপ্তাহিকে ও দৈনিকে স্মৃতি-কথার আর অস্ত নেই, যিনি তাঁকে একদিন ছদণ্ডের জক্তে দেখেছেন, তিনিও শরং-কাহিনী লিখতে ব'সে গেছেন প্রবলোৎসাহে এবং তিনিও এই ভাবটাই প্রকাশ করেছেন যে শরংচন্দ্র তাঁকে একান্ত স্বজনেরই মতন ভালোবাসতেন! হয়তো সেইটেই আসল সত্য, (বিরাট বিধের বৃহৎ আকাশ থেকে ছোট্ট ত্রণকণার প্রেমে যিনি হাসতে-কাঁদতে নারাজ সাহিত্যিক বঃ শিল্পী হওয়া তাঁর কাজ নয়!)

তাঁর গোপন দান ছিল অনেক। নিজের জীবনের শ্রেষ্ঠাংশ নষ্ট হয়ে গিয়েছিল অভাব ও দীনতার হাহাকারে, তাই পরের হুংখে তিনি অটল থাকতে পারতেন না। অনেক সময়ে ভিখারীর হাতে একমুঠো সিকি তুআনী আনী ঢেলে দিয়েছেন! দেশের ছাকে হাসিমুখে যারা শাস্তিকে মাথা পেতে নিয়েছে, তাদের পরিবারের অসহায়তার কথা ভেবে সমবেদনায় তাঁর প্রাণ ছট্ফট্ কঃত। তাই বহু রাজ্বন্দীর পশিবারে গিয়ে পৌছত তাঁর অ্যাচিত অর্থসাহায্য। শরংচক্র নিজেও ছিলেন দেশের কাব্দে অগ্রণী; দেশবন্ধ চিত্তরঞ্জন, যতীন্দ্রমোহন ও স্থভাষচন্দ্র প্রভৃতির সঙ্গে প্রায়ই কংগ্রেসের কাজে মেতে উঠতেন। শেষের দিকে শরীর ভেঙ্কে পড়াতে এদিকে হাতে-নাতে কাব্দ করা তাঁর পক্ষে অসম্ভব হয়ে উঠেছিল বটে, কিন্তু তাঁর মন প'ড়ে থাকত জাতীয় কর্মক্ষেত্রেই। এক সময়ে তিনি বঙ্গীয় প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতির সদস্ত এবং হাওড়া ক্লেলা রাষ্ট্রীয় সমিতির সভাপতি পর্যান্ত হয়েছিলেন।

শরংচন্দ্রের লেখবার ধারা ছিল একটু শ্বতন্ত্ব। বহু নবীন লেখককে জানি, যাঁরা বড় বড় লেখকের রচনাপ্রণালীর অনুসরণ করেন। এটা ভুল। কারণ প্রত্যেক লেখকেরই মনের গড়ন বিভিন্ন, তাই তাঁদের রচনাপ্রণালীও হয় ব্যক্তিগত। শরংচন্দ্র আগে 'প্লট' বা আখ্যানবস্তু স্থির করতেন না, আগে বিষয়বস্তু ও তার উপযোগী চরিত্রগুলিকে মনে মনে ভেবে রাখতেন, তারপর ঠিক করতেন তারা কি কি কাজ করবে। গতযুগের সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্রের পদ্ধতি ছিল সম্পূর্ণ অস্তরকম। বিশ্বম-সহোদর স্বর্গীয় পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায়ের মুথে শুনেছি, বিশ্বমচন্দ্র আগে মনে মনে ক্রতেন ঘটনা-সংস্থান। শরংচন্দ্রের আর এক নৃতনত্ব ছিল। প্রায়ই তাঁর মুখে শুনেছি যে, মনে-মনে নৃতন উপস্থাসের কল্পনা স্থির হয়ে গেলে তিনি নাকি গোড়ার দিক ছেড়ে শেষাংশের বা মধ্যাংশের ছ্-চারটে পরিচ্ছেদ আগে থাকতে কাগজে-কলমে লিখে রাখতে পারন্তেন। তাঁর "চরিত্রহীনে"র একাধিক বিখ্যাত অংশ এই ভাবে লেখা!

শরংচন্দ্রের ঝর-ঝরে লেখা দেখলে মনে হয়, ভাষা মনে আনায়াদে তাঁর মনের ভিতর থেকে বেরিয়ে এসেছে। কিন্তু আসলে তিনি ক্রত লেখকও ছিলেন না এবং খুব সহজে লিখতেও পারতেন না এবং লেখবার পারেও অনেক কাটাকৃটি করতেন। বেশ ভেবে-চিন্তে বাক্যরচনা করতেন। বর্ত্তমান জীবনী-লেখক "য়মুনা"র মুগে রচনায় নিযুক্ত শরৎচন্দ্রকে দেখবার স্থাগে পেয়েছিলেন একাধিকবার। তথন তাঁর মনে হয়েছিল, লিখতে লিখতে শরংচন্দ্র যেন বিশেষ মানসিক যন্ত্রণা ভোগ করছেন। এবং প্রত্যেক ভালো লেখকেরই পক্ষে এইটেই হয়তো স্বাভাবিক! রচনাও তো জননীর প্রস্ব-বেদনার মত;— য়ম্বণাময় অথচ আননদ্রময়!

যশসী হয়ে শরংচন্দ্র প্রায় প্রতিদিনই অসংখ্য সম্পাদকের লেখার জ্বন্যে তাগাদা সহ্য করেছেন, অটল ভাবে এবং অস্লানবদনে। কিন্তু অধিকাংশ লেখকের মত তাগাদার চোটে সহসা যা তা একটা কিছু লিখে দিয়ে কারুকে কখনো তিনি খুসি করতেন নাঃ সম্পাদকরা রাগ করবেন ব'লে তিনি সাহিত্যের অপমান করতে রাজি ছিলেন না—টাকার লোভেও নয়!
কথিত ভাষায় সাহিত্য রচনা করা ছিল শরংচন্দ্রের মতবিরুদ্ধ।
এ ভাষা জিনি ব্যবহার করতেন কদাচ। এ-বিষয়ে তিনি
পুরাতনপন্থী ছিলেন। কথ্য ভাষার স্থৃদৃঢ় হুর্গ ভারতী আস্বেও
গিয়ে তিনি বছবার নিজের অভিযোগ জানিয়েছিলেন।

সাহিত্য-সেবার জন্মে তাঁর ভাগ্যে প্রথম পুরস্কার লাভ হয় কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের পক্ষ থেকে "জগন্তারিণী পদক"। এ-সম্বন্ধে শরংচন্দ্রের পুরাতন বন্ধু, পুস্তকের প্রকাশক ও "মৌচাক"-সম্পাদক শ্রীযুক্ত স্থধীরচন্দ্র সরকার লিখছেন: "সভা-সমিতিকে তিনি বৰ্জন করিয়া চলিতেন। আমার বেশ মনে আছে যে-বারে বিশ্ববিদ্যালয় হইতে তাঁহাকে "জগতারিনী" মেডেল দেওয়া হয়, সেইবারের কন্ভোকেশনের দিনে মেডেল দিবার সময়ে তাঁহাকে খুঁজিয়া পাওয়া গেল না। হাজার হাজার লোকের সম্মুখে মেডেল পরিয়া আত্মপ্রসাদ লাভ করিবার প্রবৃত্তি তাঁহার ছিল না। তাই সেইদিন তিনি আমাদের দোকানের নিভৃত কোণে আত্মগোপন করিয়াছিলেন।" আমরা জানি, সর্ব্বপ্রথমে শরংচন্দ্রকে যেদিন একটি সাহিত্য-সভার সভাপতি করা হয়, সেদিনও তিনি স্থারিচন্দ্রের পুস্তকালয়ে গিয়ে লুকিয়ে ছিলেন। কিন্তু এমন লুকোচুরি ক'রে ছিনেজাঁক সভাওয়ালাদের কতদিন আর ফাঁকি দেওয়া যায় ? শেষের দিকে শরংচন্দ্রকে বাধ্য হয়ে সভার অত্যাচার সহ্য করতে 🗲 ত, কিন্তু তাঁর লাজুক ভাব কোন কালেই যায় নি। আর একজন বিখ্যাত সাহিত্যিকের এইরকম সভা-ভীতি দেখেছি।

তিনি হচ্ছেন স্বর্গীয় প্রভাতকুমার ম্থোপাধ্যায়। সভার ব্যাপারে তিনি ছিলেন শরংচন্দ্রেরও চেয়ে পশ্চাংপদ!

শরংচন্দ্র তাঁর সাহিত্যজীবনে সব-চেয়ে উল্লেখযোগ্য পুরন্ধার পেয়েছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে। মৃত্যুর অনতিকাল আগে এই "ডক্টর" উপাধি লাভ ক'রে হয়তো তিনি যথেষ্ট সাস্থনা লাভ করেছিলেন—যদিও তাঁর প্রতিভার মূল্য ঐ উপাধির চেয়ে ঢের বেশী। উপাধি মানুষকেই বড় করে, প্রতিভাকে নয়।

১০০১ সালে দেশবাসীর পক্ষ থেকে কলকাতার টাউন-হলে
"শরং-জয়ন্তী"র আয়োজন হয়েছিল। কিন্তু সেই অনুষ্ঠানে
একশ্রেণীর লোক এমন অশোভন কাণ্ড করেছিল, যা ভাবলে
আজও লজ্জা পেতে হয়! এর আগে ও পরে জীবনে আরো বহু
বৃহৎ অনুষ্ঠানে শরংচন্দ্র সম্মানলাভ করেছেন, কিন্তু এখানে তার
ফর্দ্দি দেওয়া অনাবশ্যক মনে করি, কারণ ও-সব শোভা পায়
স্মবিস্তৃত পূর্ণাঙ্গ জীবনচরিতে।

সাহিত্যিক শরংচক্র সম্বন্ধে আমাদের যা বলবার তা মোটামুটি বলা হ'য়ে গেছে। তবে সাধারণ পাঠক হয়তো তাঁর আরো কোন কোন পরিচয় পেতে চাইবেন। এখানে তাই আরো কিছু বলা হ'ল। যাঁরা এর চেয়েও বেশী-কিছু চাইবেন, পরিশিষ্ট আংশের দিকে দৃষ্টিপাত করবেন।

জীবজন্তুর প্রতি শরংচন্দ্রের প্রাণের টান ছিল চির্নিনই।
খুব ছেলে-বেলাতেও তিনি বাক্সে ক'রে নানারকম ফড়িং পুষতেন,
পরিচর্য্যা করতেন নিজের হাতে। কোন বাড়ীর উঁচু আলিসা
দিয়ে একটা মালিকহীন বিড়ালকে চলা-ফেরা করতে দেখলে

তিনি হুর্ভাবনায় পড়তেন,—যদি সে প'ড়ে যায়! পাখী, ছাগল ও বানর প্রভৃতি সব জীবকেই তিনি সমান যত্নাদর বিলিয়ে গেছেন। তাঁর পোষা দেশী কুকুর 'ভেল্'' তো প্রায়-অমর হয়ে উঠেছে! ''যুবরাজ,'' ''বংশীবদন'' প্রভৃতি আদরের ডাকে তিনি তাকে ডাকতেন! কেবল ভেলু নয়, যে-কোন পথচারী কুকুর ছিল তাঁর স্নেহের পাত্র। নিজের মোটর-চালককে বলা ছিল, পথে যদি কখনো সে কুকুর চাপা দেয়, তাহ'লেই তার চাকরি যাবে! তাঁর এই কুকুর-প্রীতি দেখলে কবি ঈশ্বর গুপ্তের লাইন মনে হয়ঃ

"কত রূপ স্নেহ করি দেশের কুকুর ধরি, বিদেশের ঠাকুর ফেলিয়া!"

ভেলুর কয়েকটি গল্প পরিশিষ্টে "শরতের ছবি"তে দেওয়া হ'ল। পাণিত্রাসের বাগানে পুকুরের মাছরাও তাঁকে চিন্ত। ছটি মাছ আবার তাঁকে সব-চেয়ে বেশী ভালোবাসত। একবার বর্ষায় রূপনারায়ণ ছাপিয়ে বাগানে জল ঢুকে সেই মাছছটিকে ভাসিয়ে নিয়ে গিয়েছিল ব'লে তাঁর ছঃখ কত! তাঁর বাগানের একটি গর্ভে ছটি বেজী তাদের বাচ্ছা নিয়ে বাস করত। গাঁয়ের এক ছেলে সেই বাচ্ছাটিকে চুরি ক'রে পালায়। শুনেই শরৎচন্দ্র তার বাড়ীতে গিয়ে হাজির। ছেলেটিকে বোঝাবার চেষ্টা করলেন যে, সন্থানের অভাবে মা বাপের মনে কত কন্ত হয়। কিন্তু ছেলেটি তবু বুঝল না দেখে শরংচন্দ্র ক্রেদ্ধ হয়ে তখন জোর ক'রে বাচ্ছাটিকে কেড়ে এনে আবার নেউল-দম্প তিকে ফিরিয়ে দিলেন।

শরৎচন্দ্র যা তা খেলো কাগজে লিখতে পারতেন না। আর কোন লেখককেই তাঁর মতন নিয়মিত ভাবে দামী কাগজে লিখতে দেখি নি। লেখার সরঞ্জাম সম্বন্ধে শরংচল্রের এই সৌর্থানতা রচনার প্রতি তাঁর পবিত্র নিষ্ঠাকেই প্রকাশ করে। তাঁর হাতে বরাবরই ফাউন্টেন পেন দেখেছি, যখন ও-'পেনে'র চলন হয় নি, তখনো। তিনি খুব বড় ও মোটা কলম ও স্কল্প নিব ব্যবহার করতেন। ঘনিষ্ঠ বন্ধুদের দামী ফাউন্টেন পেন উপহার দিতে তিনি ভালোবাসতেন। তাঁর হাতের লেখার ছাঁদ ছোট হ'লেও চমৎকার ছিল। যেন মুক্তার সারি!

তামাক ছাড়া তাঁর একদণ্ড চলত না। লেখবার সময়েও গড়গড়ায় তামাক খেতেন। কেউ তাঁকে গড়গড়া উপহার দিলে খুসি হ'তেন। বিশ্বমচন্দ্র ও অমৃতলাল বম্বও ছিলেন গড়গড়ার এমনি ভক্ত। তিনি চায়েরও একাস্ত অনুরাগী ছিলেন। অনেক দিনই তাঁকে আট-দশ পিয়ালা চা-পান করতেও দেখা গিয়েছে। তাঁর একটি বদ-অভ্যাস ছিল—আফিম খাওয়া।

তিনি স্থির হয়ে এক জায়গায় ব'সে থাকতে পারতেন না।
কখনো চেয়ারের উপরে ছ পা তুলে ফেলতেন, কথা কইতে
কইতে কখনো মাথার চুলের ভিতরে অঙ্গুলী সঞ্চালন করতেন,
কখনো হঠাৎ উঠে দাঁড়িয়ে ঘরের ভিতরে একবার পায়চারি ক'রে
আসতেন! সভাপতি রূপেও এ অস্থিরতা তিনি নিবারণ করতে
পারতেন না।

মাঝে মাঝে গরদের জামা-কাপড়-চাদর পরতেন বটে, কিস্তু কোনদিনই তিনিই ফিট্ফাট পোষাকী বাবু হ'তে পারেন নি। বেশীর ভাগ সময়েই আটপোরে জামা-কাপড়ে একছুটে বেরিয়ে পড়তেন। একসময়ে তালতলার চটি ছাড়া আর কোন জ্তো পরতেন না। বাড়ীতে তাঁকে হাত-কাটা জামা প'রে থাকতে দেখেছি।

যৌবন-সীমা পার হবার আগেই তিনি নিজেকে বুড়ো ব'লে প্রচার করতে ভালোবাসতেন। একবার হাওড়ার এক সভায় রবীন্দ্রনাথের পাশে দাঁড়িয়েই তিনি নিজের প্রাচীনতার গর্ব প্রকাশ করেন। তাঁর চেয়ে বয়সে অনেক বড় রবীন্দ্রনাথের বিশ্মিত মুথে সেদিন মৃছ কৌতুকহাস্ত লক্ষ্য ক'রেছিলুম! তাঁর আগেকার অধিকাংশ পত্রেই এই কল্পিত বুদ্ধতের দাবি দেখা যায়।

প্রকাশ্য সাহিত্য-জীবনের প্রথম কয় বংসর এই-সব জায়গায় গিয়ে তিনি প্রাণ থুলে মেলামেশা করতেনঃ ২২।১, কর্ণগুয়ালিস খ্রীটের "যমুনা"-কার্যালয়ে ও পরে "মর্শ্রবাণী"-কার্যালয়ে; স্থাকিয়া খ্রীটে "ভারতী-কার্য্যালয়ে; গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্সের দোকানে; রায় এম সি সরকার এণ্ড সন্সের দোকানে; ও৮নং কর্ণগুয়ালিস খ্রীটের শ্রীযুক্ত গজেল্রচন্দ্র ঘোষের বৈঠকখানায়, এবং শ্রীযুক্ত নির্শালচন্দ্র চল্দের আলয়ে। শেষ-জীবনে তাঁকে আর কোন সাহিত্য-বৈঠকে দেখা হৈতে না। মাঝে মাঝে তিনি একাধিক থিয়েটারি আসরে (প্রায়ই দর্শক রূপে নয়)। উপর-উপরি হাজিরা দিতেন।

পাণিত্রাসে যে-সব সাক্ষাৎপ্রার্থী গিয়ে উপস্থিত হ'তেন, তাঁরা ফিরে আসতেন শরৎচন্দ্রের অতিথি-সংকারে অভিভূত হয়ে। তিনি পরমাত্মীয়ের মত সকলকে ভালো ক'রে না!খাইয়ে-দাইয়ে ছেড়ে দিতেন না। বিংশ শতাব্দীর অতি-আধুনিক লেখক হ'লেও মানুষ-শরংচন্দ্রের ভিতরে সেকেলে হিন্দু-স্বভাবটাই বেশী ্বি'রে ফুটে উঠত। আঞ্চলকার অধিকাংশ সাহিত্যিকই নিজেদের কোন বিশেষ
দলভূক্ত ব'লে মনে করেন এবং এটা সগর্বেব প্রচারও করেন।
কিন্তু শরংচন্দ্র বরাবরই ছিলেন দলাদলির বাইরে। প্রাচীন ও
আধুনিক সব দলেই তিনি দীর্ঘকাল ধ'রে মিশেছেন একান্ত
অন্তরঙ্গের মত. কিন্তু কোথাও গিয়ে আপনাকে হারিয়ে ফেলেন
নি, বা কোন দলের বিশেষ মনোভাব ুঁতার মনকে চাপা দিতে পারে
নি। কেবল তাই নয়। তার চেয়ে বড় কথা হচ্ছে. আত্মাভিমানের
বশবর্তী হয়ে তিনি নিজেও কোন দলগঠন করেন নি। সাহিত্যক্ষেত্র
'শরংচন্দ্রের দল" ব'লে কোন দল নেই। অথচ এমন দলক্ষ্টি
করা তাঁর পক্ষে ছিল অত্যন্ত সহজ!

ভবিষ্যতের ইতিহাস সাহিত্যে শরংচক্রের আসন স্থাপন করবে কত উচ্চে, আজ তা কল্পনা করা কঠিন। তবে বর্ত্তমান যুগের কথাসাহিত্যে রবীন্দ্রনাথ ও তাঁর মাঝখানে যে অন্য কারুর ঠাঁই হবে না, এটা নিশ্চিত রূপেই বলা যায়। এবং শরংচন্দ্রের অতুলনীয় জনপ্রিয়তার কাহিনী যে স্থাদ্র ভবিষ্যুৎ যুগকেও বিস্মিত করবে সে-বিষয়েও সন্দেহ করবার কারণ নেই।

এখন বাকি রইল শরংচন্দ্রের শেষ রোগশয্যার কথা। সেটা নিজে না ব'লে এখানে "বাতায়নে"র বিবরণী উদ্ধার ক'রে দিলুমঃ

"মৃত্যুর বছর তৃই পুর্বের থেকে শরৎক্ষের শরীরে ব্যাধি প্রকট হয়।
চিরদিন তিনি বৈলতেন, শরীরে আমার কোন ব্যাধি নেই, শুধু অর্পটাই
মাঝে মাঝে যা একটু কষ্ট দের। অর্শ যে আর সারবে তা আমার মনে
হয় না, তা এতদিন ও আমাকে আশ্রয় ক'রে আছে যে ওকে আশ্রয়হীন
করাও কঠিন। কিন্তু কুম্দ (ডাঃ কুম্দশহর রায়) ওর পরন শক্র। কে

বলে, ওকে তাড়াতেই হবে। এ-কথা, ওকে আর জানতে দিইনে। তানলে ভয়ে ও এমনি সঙ্কৃতিত হ'য়ে উঠবে যে প্রাণ আমার ওষ্ঠাগত ক'রে তুলবে। একেই ভ ওকে খুশী রাথতে দিনে কয়েক ঘন্টা আমার কাটে, এর ওপর ও যদি অভিমান করে তাহলে বৃঞ্চেই পার্চ আমার অবস্থা কি হবে! অর্শ্ব কথা উঠলে এমনি পরিহাসই তিনি কর্তেন।

দিন যায়—অর্শ ব্যাধিটী পুরাতন ভৃত্যের মত তাঁর সঙ্গেই থাকে।
একদিন ডাঃ কুম্দশঙ্কর নিষ্ঠ্রভাবে তাকে তাঁর দেহ থেকে কেটে বার
ক'রে দিলেন। তিনি বললেন, বাঁচলুম! এতদিনে সত্যিই ও আমায় ছেডে
গেল। কিন্তু ভয় হয়, প্রতিশোধ নিতে ও কুম্দকে না ধরে।

হঠাং তাঁর শরীরে প্রতিদিন জ্বর হতে লাগল আর সঙ্গে কপাল থেকে মাণা পর্যাস্ত এক রকম যন্ত্রণার সূত্রপাত হ'ল। অরও ছাড়তে চায় না-যন্ত্রণাও যেতে চার না। একদিন জর গেল, কিন্তু যন্ত্রণা রয়ে গেল। চিকিৎসকেরা বললেন, 'নিউরলজিক পেন'।…নানা চিকিৎসা চলতে লাগল, —শেষে যম্নারও উপশম হ'ল। কিন্তু কিছুদিন যেতে না যেতে পেটে একরকম অম্বন্ধি অমুভব করতে লাগলেন। পরীক্ষায় বুঝা গেল পাকস্থলীতে 'ক্যানসার' হয়েছে। এ কথা তাঁর কাছে গোপন রাখা হ'ল-ইতিমধ্যে রঞ্জন রশাির পরীক্ষার সাহায্যে চিকিৎসকেরা রোগ সম্পর্কে নিঃসন্দেহ হলেন। এদিকে শরীর তাঁর অত্যম্ভ তুর্বল-অস্ত্রোপচার করা সম্পূর্ণ অসম্ভব। চিকিৎসকেরা বড় মুদ্ধিলে পড়লেন। শেষে স্থির হ'ল বাড়ী থেকে ( ২৪নং অধিনীকুমার দত্ত রোড) তাঁকে কোন নার্সিং হোমে রেথে, শরীরে যথন কিছু শক্তি সঞ্চয় হবে তথন অস্ত্রোপচার করা হবে। এই সিদ্ধান্তের পরই তাঁকে ২৮শে ডিসেম্বর ১৯৩৭ তারিথে পার্ক ষ্ট্রীটের একটী য়ুরোপিয়ান নার্দিং হোমে স্থানান্তরিত করা হয়। সেখানে তাঁর বিশেষ অসুবিধা হওয়ায় ১লা জাতুয়ারী ১৯৩৮ তারিখে তিনি চলে আসবার জন্মে এমনি জিদ ধরে বসেন যে তাঁকে অন্ত নার্সিং হোমে স্থানান্তরিত করা ব্যতীত আর উপায় রইল না। তিনি

বলেছিলেন আমাকে বদি এথান থেটক না নিয়ে য'ওয়া হয় তাহলৈ আমি
মাথা ঠুকে নিরব। এথানকার নাসভলো আমাকে বড় বিরক্ত করে। (মানে,
তাকে তামাক ও আফিম থেতে দেয় না!)

ষেথানে তাঁকে স্থানান্তরিত করা হ'ল তার নাম হচ্চে পার্ক নার্সিং হোম'। কাপেন সুশীল চট্টোপাধ্যাত্তর ভবানীপুবস্থ ৪নং ভিক্টোরিয়া টেরাসের ভবনের নীচের তলায় এটী অবস্থিত। এরই ১নং ঘরে তাঁকে রাথা হ'ল।

এখানে কিছুদিন রাথবার পর ব্ধবার ১২ই জান্ত্রারী তারিখে বেলা ২০টার সময় অত্যন্ত গোপনে তার পাকস্থলীতে অস্ত্রোপচার করা হয়। এটা ক্যানসারের উপর অস্ত্রোপচার নয়। মুখের মধ্যে দিয়ে কিছু থাবার শক্তি তাঁর আর ছিল না, অথচ দেহে রক্তের প্রয়োজন। এই উদ্দেশ্তে পাকস্থলীতে অস্ত্রোপচার ক'রে তাঁকে থাওয়াবার ব্যবস্থা করা হয়। এই অস্ত্রোপচার ব্যাপারে শরৎচন্দ্র যে নানসিক শক্তির পরিচিয় দিয়েছেন তা থেকে বেশ ব্না বায় মৃত্যু সম্বন্ধে তিনি এত্টুকুও শন্ধিত ছিলেন না। চিকিৎসকো। তাঁর জীবনের কোন আশাই রাখেন নি, তাই তাঁরা অস্ত্রোপচারের পক্ষপাতা ছিলেন না। শরৎচন্দ্র কিন্তু নাছোড্বান্দা—অস্ত্রোপচার করতেই হবে। জোর ক'রে বললেন, আমি বলচি তোমরা কর—তোমাদের কোন দায়িত্ব নেই ভার কিসের !—I am not a woman.

তার ইচ্ছাই পূর্ণ হ'ল। এর পর চার দিন মাত্র তিনি জীবিত ছিলেন।
১৮ই জাহুয়ারী, ২রা মাদ, রবিবাব, বেলা ১০টার সময় নার্সিং হোমেই
তার জীবনলীলার অবসান হয়। বৈলা ১১টার সময় তাঁর নিজের মোটরগাড়ীতে তাঁকে তাঁর বাড়ীতে আনা হয়। বৈকাল বেলায়, ৪টের সময়,
এক বিরাট শোভাযাত্রা সহ তাঁর শবদেহ কেওড়াতলার শাশান-তীর্থে
আনীত হয়। ৫-৪৫মিঃ সময়ে তাঁর চিতায় অগ্নি সংযোগ করা হয়।"

শরংচন্দ্র মহাপ্রস্থান করেন রবিবার, ২রা মাঘ, ১৩৪৬ ; ভার বয়স হয়েছিল একষটি বংসর হুই মাস মাত্র মৃত্যুর পূর্বের শরংচন্দ্রের শেষ কথা হচ্ছে, "আমারে দাঁও— আমাকে দাও—আমাকে দাও!" ·····েকে তাঁকে জ্বী দিতে এসেছিল, কিসের জন্মে তাঁর এই অন্তিম আগ্রহ ? · · · · · · শরংচন্দ্রের মুখ চিরমৌন, শরংচন্দ্রের লেখনী চির-অচল। তাঁব প্রাথিত সেই অজ্ঞাত নিধির কথা আর কেউ জানতে পারবে না।

# পরিশিষ্ট—ক

### শরতের ছবি

পঁচিশ বছর আগেকার কথা। সাহিত্যের পাঠশালার আমার হাতমক্স তথন শেষ হয়েছে বোধ হয়। "যম্না"র সম্পাদকীর বিভাগে অপ্রকাষ্টে সাহায্য করি এবং প্রতি মাসেই গল্প বা প্রবন্ধ বা কবিতা কিছু-না-কিছু লিখি। ..... একদিন বৈকাল-বেলায় যম্না-অপিসে একলা ব'সে ব'সে রচনা নির্ব্রাচন করছি। এমন সময় একটি লোকের আবিভাব। দেহ রোগা ও নাতিদীর্ঘ, শ্রামবর্ণ, উদ্ধর্মের চুল, একম্থ দাড়ী-গোঁফ, পরোণে আধ-ময়লা জামা-কাপ ছ, পারে চটি জুতো। সঙ্গে একটি বাজ্যে লেড়ী কুকুর।

লেখা থেকে মুখ তুলে সুধনুম, "কাকে দরকার ?"

- —"
  থমুনার সম্পাদক ফণীবাব্কে।"
- —"ফণীবাবু এখনো আসেন নি।"
- —"আচ্ছা, তাহ'লে আমি একটু বস্ব কি ?"

চেহারা দেখে মনে হ'ল লোকটি উল্লেখযোগ্য নয়। আগন্তককে দূরের বেঞ্চি দেখিয়ে দিয়ে আবার নিজের কাজে মনোনিবেশ করলুম।

প্রায় আধ-ঘণ্টা পরে শ্রীযুক্ত ফণীক্রনাথ পালের প্রবেশ। তিনি ঘরে চুকে আগস্কুককে দেখেই সমস্ত্রমে ও সচকিত কণ্ঠে বললেন, "এই যে শরৎবাবৃ! কলকাতায় এলেন কবে ? ঐ বেঞ্চিতে ব'সে আছেন কেন?"

আগন্ধক মৃথ টিপে হাসতে হাসতে উঠে দাঁড়িয়ে আঙুল দিয়ে আমাকে দেখিয়ে বললেন, "ওঁর হুকুমেই এথানে ব'সে আছি।"•

ফণীবাব্ আমার দিকে ফিরে বললেন, "সে কি! হেমেক্সবাব্, আপনি কি শরৎচক্র চট্টোপাধ্যায়কে চিনতে পারেন নি?" অত্যন্ত অপ্রতিভ ভাবে স্বীকার করনুম, ''স্বামি ভে,বিছিনুম উনি দপ্তরী !"

শরংচন্দ্র সকৌতুকে হেসে উঠলেন।

এই হ'ল কথা-সাহিত্যের ঐদ্রজালিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের সঙ্গে আমার প্রথম চাক্ষ্ব পরিচয়। কিন্তু তাঁর সঙ্গে অন্ত পরিচয় হয়েছিল এর আগেই। কারণ 'যয়ুনা''য় আমার "কেরাণী'' গল্প প'ড়ে তিনি রেঙ্গুন থেকে আমাকে উৎসাহ দিয়ে একথানি প্রশংসাপত্র লিখেছিলেন। তারপরেও আমাদের মধ্যে একাধিকবার পত্র-ব্যবহার হয়েছিল। তাঁর ত্-একথানি পত্র এখনো স্বত্বে রেথে দিয়েছি।

উপর-উক্ত ঘটনার সময়ে শরৎচন্দ্রের নাম জনসাধারণের মধ্যে বিখ্যাত না হ'লেও, "যমুনা"র 'রামের সুমতি', 'পথনির্দেশ' ও 'বিদ্যুর ছেলে' প্রভৃতি গল্প লিখে তিনি প্রত্যেক সাহিত্য-সেবকেরই সক্রদ্ধ দৃষ্টি আকর্ষণ করেছেন। এরও বছর-ছয়েক আগে "ভারতী"তে তাঁর "বড়দিদি" প্রকাশিত হয়ে সাহিত্য-সমাজে অল্পবিস্তর আগ্রহ জাগিয়েছিল বটে, কিন্তু প্রকৃত পক্ষে তাঁর যশের ভিত্তি পাকা ক'রে তুলেছিল, ঐ তিনটি সছা-প্রকাশিত গল্পই—বিশেষ ক'রে "বিদ্যুর ছেলে।" তাঁর অক্যতম বিখ্যাত উপক্রাস 'চরিত্রহীনে'র পাণ্ডুলিপি তথন অল্পীলতার অপরাধে বাংলাদেশের কোন বিখ্যাত মাসিকপত্রের আপিস থেকে বাতিল হয়ে ফিরে এসে "য়ম্না"য় দেখা দিতে স্কুরুকরেছে এবং তার প্রথমাংশ পাঠ ক'রে আমাদের মধ্যে জেগে উঠেছে বিপুল আগ্রহ। তাঁর 'চেন্দ্রনাথ' ও "নারীর মূল্য'ও তথন "য়মুনা"য় সবে সমাপ্ত হয়েছে। তবে তথনো শরৎচন্দ্রের পরিচয় দেবার মত আর বেশী-কিছু ছিল না। রেঙ্গুনে সরকারি আপিসে নক্ষই কি একশো টাকা মাহিনায় অস্থায়ী কাজ করতেন। আ্যাকাউন্টেট্সিপ্ এক্জামিনে পাস করতে পারেন নি ব'লে তাঁর চাকরি পাকা চহর নি। শুনেছি, বর্মায় গিয়ে তিনি উকিল হবারও চেষ্টা করেছিলেন,

কিন্তু বন্ধী ভাষায় অজ্ঞতার দরুণ ওকালতি পরীক্ষাতেও বিফল হয়েছিলেন। এক ফিসাবে জীবিকার ক্ষেত্রে এই অক্ষমতা তাঁর পক্ষে শাপে বর হয়েই দাঁডিয়েছিল। কারণ সরকারি কাজে পাকা বা উকিল হ'লে তিনি হয়তো আর প্রোপ্রি সাহিত্যিক জীবন গ্রহণ করতেন না।

শরংচন্দ্র প্রত্যহ 'যম্না'-আপিসে আসতে লাগলেন এবং অল্পনের মধ্যেই আমি তাঁর অকপট বন্ধৃত্ব লাভ ক'রে ধক্ত হলুম। আমার বয়দের পার্থক্য ছিল যথেষ্ট, কিন্তু সে পার্থক্য আমাদের বন্ধুত্বের অন্তরায় হয় নি। সে-সময়ে যমুনা-আপিসে প্রতিদিন বৈকালে বেশ একটি বড সাহিত্য-বৈঠক বসত এবং তাতে যোগ দিতেন স্বৰ্গীয় কবিবর সতোজনাথ দত্ত, স্বৰ্গীয় গল্প-লেথক মণিলাল গঙ্গোপাধ্যায়, স্বৰ্গীয় প্ৰত্নতাত্ত্বিক রাখালদাস বন্দ্যোপাধ্যায়, স্বর্গীয় কবি, গল্প-লেথক ও 'সাধনা'-সম্পাদক সুধীক্রনাথ ঠাকুর, স্বর্গীয় শরৎচক্র চট্টোপাধ্যায়, ঔপক্যাসিক শ্রীযুক্ত সৌরীক্রমোহন মুখোপাধ্যায়, কবি শ্রীযুক্ত মোহিতলাল মজুমনার, সাহিত্যিক শ্রীযুক্ত চারুচন্দ্র মিত্র, মিউনিসিপাল গেজেটের সম্পাদক শ্রীযুক্ত অমলচন্দ্র হোম, ঔপক্যাসিক শ্রীযুক্ত চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, সাহিত্যরসিক শ্রীযুক্ত হরিদাস গঙ্গোপাধ্যায়, 'মৌচাক'-সম্পাদক শ্রীযুক্ত সুধীরচন্দ্র সরকার, ঔপক্যাসিক ( অধুনা চলচ্চিত্র-পরিচালক) শ্রীযুক্ত প্রেমাঙ্কুর আতর্থী, 'আনন্দবাঞ্চারে'র সম্পাদক-মণ্ডলীর অক্সতম শ্রীযুক্ত প্রভাতচন্দ্র গঙ্গোপাধ্যায়, চিত্রকর ও চলচ্চিত্র-পরিচালক শ্রীযুক্ত চারুচন্দ্র রায়, ঐতিহাসিক শ্রীযুক্ত ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বহুভাষাবিদ পণ্ডিত ও ভারত-বর্ষে'র ভৃতপূর্ব্ব সম্পাদক শ্রীযুক্ত অমূল্যচরণ বিত্যাভূষণ প্রভৃতি আরো অনেকে, দকলের নাম মনে পড়ছে না। 'যমুনা'র কর্ণধার ফ্নীবাবুর কথা বলা বাছল্য। পরে এই আসরেরই অধিকাংশ লোককে নিয়ে সাহিত্য-সমাব্দে বিখ্যাত 'ভারতী'র দল গঠিত হয়। অবশ্য 'ভারতী'র দলের আভিজাত্য এ আসরে ছিল না—এখানে ছোট-বড় সকল দলেরই সাহিত্যিক অবাধে পরস্পরের সঙ্গে মেশবার স্বযোগ পেতেন। অসাহিত্যিকেরও অভাব ছিল না। এথানে প্রতিদিন আসরে আর্ট ও সাহিত্য নিয়ে যে আলোচনা আরম্ভ হ'ত, শরৎচক্রও মহা উৎসাহে তাতে যোগ দিতেন এবং আলোচনা যথন উত্তপ্ত তৰ্কাত্ৰকিতে পরিণত হ'ত তথনো গলার জোরে তিনিও কারুর কাছে থাটো হ'তে রাজি ছিলেন না—যদিও বৃক্তির চেয়ে কণ্ঠের শক্তিতে সেগানে বরাবরই প্রথম স্থান অধিকার করতেন শ্রীযুক্ত প্রভাতচন্দ্র গঙ্গোপাধ্যায় ! সাহিত্য ও আট সমন্ধে শ্রংচন্দ্রের ব্যক্তিগত মতামত দেখানে যেমন অসকোচে ও স্পষ্ট ভাষায় প্রকাশ পেত, তাঁব কোন ব্রুনার মধ্যেও তা পাওয়া যাবে না। সময়ে সময়ে আমরা সকলে মিলে শর্ৎচন্দ্রকে রীতিমত কোণঠাসা ক'রে ফেলেছি, কিন্তু তিনি চটা-মেজাজের লোক হ'লেও তর্কে হেরে গিয়ে কোনদিন তাঁকে মুখভার করতে দেখি নি; পর্দিন হাসিমুখে এসে আমাদেরই সম্বর্মী ও সম্কক্ষের মতন আবার তিনি নূতন তর্কে প্রবুত্ত হয়েছেন। উদীয়মান সাহিত্যিক রূপে অক্ষয় যশের প্রথম সোপানে দণ্ডায়্মান দেদিনকার সেই শরৎচন্দ্রকে যিনি দেখেন নি, আসল শ্রংচক্রকে চিনতে পারা তাঁর পক্ষে অসম্ভব বললেও চলে। কারণ গত বিশ বংসরের মধ্যে তাঁর প্রকৃতি অনেকটা বদলে গিয়েছিল। সাহিত্যে বা আর্টে একটা অতুলনীয় স্থান অধিকার করলে প্রত্যেক মাচুষ্কেই হয়তো প্রাণের দায়ে না হোক, মানের দায়ে ভাব-ভঙ্গি-ভাষায় সংযত হ'তে হয়।

শত শত দিন শরংচন্দ্রের সঙ্গলাভ ক'রে তাঁর প্রকৃতির কতকগুলি বিশেষত্ব আমার কাছে ধরা পড়ছে। শরংক্রের লেথায় যে-সব মতবাদ আছে, তাঁর মৌথিক মতের সঙ্গে প্রায়ই তা মিলত না। তিনি প্রায়ই আমাদের উপদেশ দিতেন, "সাহিত্যে তরাত্মার ছবি কথনো এঁকোনা। পৃথিবীতে হরাত্মার অভাব নেই, সাহিত্যে তাদের টেনে না আনলেও চলবে।" আবার—"পুণ্যের জন্ম পাপের পরাক্ষয় দেথাবার জন্মে বঙ্কিমচক্স গোবিন্দলালের হাতে রোহিনীর মৃত্যু দেথিয়েছেন, এটা বড় লেথকের কাজ হয় নি।" উত্তরে

আমরা বলতুম, "কেন. আপনিও তো গুরাম্মার ছবি আঁকতে ক্রটি করেন নি ! আখার আপনিও তে: কোন কোন উপত্যাসে নায়িকাকে পাপের জক্তে মুত্যুর দেয়ে ও বেশী শান্তি দিয়েছেন ?" কিন্তু এ প্রতিবাদ তিনি কাণে তুলতেন না। উপবীতকে তিনি ভুচ্ছ মনে করতেন না, কৌলীম্ম-গর্ব্ব তাঁর যথেষ্ট ছিল। 'ভারতী'র আসরে একদিন শ্রীযুক্ত চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের গলায় পৈতা নেই দেখে তিনি ক্ষাপ্ত। হয়ে বললেন, "ও কি হে চাক, তীমার পৈতে নেই।" চাক্তার হেসে বললেন, "শরৎ, পৈতের ওপরে ব্রাহ্মণ্ড নির্ভর করে না।" শরংচন্দ্র অতেত কর্পে বললেন, "না, না, বামুন হয়ে পৈতা ফেলা অক্যায়।" ত্রীক্রনাথের উপরে শ্রৎচক্রের গভীর শ্রনা ছিল, যথন-তথন বলতেন, "উর্ব লেখা নেখে কত শিখেছি " কিন্তু আত্মশক্তির উপরেও ছিল তাঁর নচ বিশ্বাস। "মুনা"র পরে ঐ বাড়ীতেই নাটোরের স্বর্গীয় মহারাজা জগদীন্ত্র নাথ রায় "মধ্যবাণী"র কার্য্যালয় স্থাপন করেন এবং আমি ছিলুম তথন "মর্ঘ্যবাণী"র মহকারী সম্পাদক। "বমুনা"র আসরে আমার থে-সব সাহিত্যিক বঞ্জ অস্তেন, এই নতন অসেরেও তাদের কারুরই অভাব হ'ল না, উপরম্ভ নতন গুণীর সংখ্যা বাড়ল। বেমন স্বর্গীয় নহারাজা জগদীন্দ্রনাথ। তিনি মাঝে মাঝে নিজের নতন রচনা শোনাতে আসতেন। এবং "মানসী"রও দলের এক ধিক সাহিত্যিক এথানে এদে দেখা দিতেন। এই "মর্মবাণী"র আসরে ব'দে শরংচন্দ্র একদিন বললেন, "সবুজপত্রে রবিবাবুর 'ঘরে-বাইরে' উপস্থাস লিখছেন, তোমরা দেখে নিও, আমি এইবারে যে উপন্তাস লিখব, 'ঘরে-বাইবে'র চেয়ে ওজনে তা একতিল্ও কম হবে ন।।" প্রভাত গঙ্গোপাধ্যায় প্রবল প্রতিবাদ ক'রে বললেন, "যে উপন্থাস এখনো লেখেন নি, তার সঙ্গে 'ঘরে-বাইরে'র তুলনা আপনি কী ক'রে করছেন!" কিন্তু শরৎচন্দ্র আবার দচস্বরে বললেন, "তোমরা দেখে নিও'" এই উক্তিতে কেবল শরৎচন্ত্রের আ মুশক্তিনির্ভরতাই প্রকাশ পাচ্ছে না, তাঁর সরলতারও পরিচর পাওরা যায়। প্রসঙ্গক্রমে ব'লে রাখি, খব-সম্ভব শরংচন্দ্রের পরের উপক্রাদের নাম ছিল "গৃহদাহ" — যার মধ্যে রবীক্সনাথের স্বষ্ট কোন একটি বিখ্যাত চরিত্রের স্প্র ছায়া আছে। তিনি যে রবীক্সনাথের স্বাষ্টির নকলে চরিত্র আন্ধন করেছেন, একথানি পত্রে সরল ভাষায় সে-কথা স্বীকার করতেও কুন্তিত হন নি। এই সরলতা ও অকপটভার জন্যে শরংচক্রের অনেক তুর্বলতাও মধুর হয়ে উঠত।

হয়তো এই সরলতার জন্মেই শরৎচন্দ্র যে-কোন লোকের যে-কোন কথায় বিশ্বাস করতেন। কারুর উপরে তাঁকে চটিয়ে দেওয়া ছিল থবই সহজ। যদি তাঁকে বলা হ'ত, "শরৎ-লা, অমুক লোক আপনার নিন্দা করেছে", তাহ'লে এ-কথার সত্যাসত্য বিচার না ক'রেট তিনি হয়তো কোন বন্ধুর উপরেও কিছুকালের জন্মে চ'টে থাকতেন এবং নিজেও কট পেতেন। তারপর হয়তো নিজের ভুল বুঝে ভ্রম সংশোধন করতেন। মাঝে মাঝে কোন কোন ঘৃষ্ট লোক এই ভাবেই তাঁকে রবীক্রনাথেরও বিরোধী ক'রে তোলবার চেষ্টা করেছে, কিন্তু শেষ-পর্যান্ত কোন বারেই এই-সব অসং চক্রান্থ সফল

আমি এখানে থালি ব্যক্তিগত ভাবেই শ্রংচন্দ্রকে দেখতে ও দেখাতে চাইছি, কারণ এই সন্থগত বৃহৎ বন্ধুর কথা ভাবতে গিয়ে এখন ব্যক্তিগত কথা ছাড়া অন্থ কথা মনে আসছে না, আসা স্বাভাবিকই নয়। তাই শরংচন্দ্রের সাহিত্য স্বাষ্টি বা সাহিত্য-প্রতিভা বিশ্লেষণ করবার কোন ইচ্ছাই এখন হচ্ছে না। তবে একটি বিষয়ে ইন্ধিত করলে মন্দ হবে না। আজকাল অনেক তথাকথিত সাহিত্যিক নিজেদের অভিজাত ব'লে প্রচার ক'রে স্বতম্র হয়ে থাকবার জন্তে হাস্থকর চেষ্টা করেন। তাবা লেখেন ও বলেন বড় বড় কথা। কিন্তু সাহিত্যের এক বিভাগে অসাধাবণ হ'রেও শরংচন্দ্র কোনদিন এই-সব মার্বপৃক্ষারীর ছায়া পর্যান্ত মাড়ান নি। নিজেকে অতুলনীয় ভেবে গর্ম্ব করবার অধিকার তাঁর যথেইই ছিল, কিন্তু মুথের কথায় ও অসংখ্য পত্রে তিনি

বাববার এই ভাব হৈ প্রকাশ ক'রে গেছেন যে—আমি লেখাপড়াও বেশী করি
নি, আমার জ্ঞানও বেশী নয়, তবে তামার লেখা লোকের ভালো লাগে তার
কারণ হচ্ছে, আমি স্বচক্ষে যা দেখি, নিজের প্রাণে যা অচ্ভব করি, লেখায়
সেইটেই প্রকাশ করতে চাই! ইন্টেলেক্ য়াল গল্ল-টল্ল কাকে বলে আমি
তা জানি না! এই নকার অভিজাত সাহিত্যিকর। লোককে ধালা মেরে ধালা
দিয়ে চম্কে দিয়ে বছ হবার জন্মে মিথাা চেপ্তা করেন, কিন্তু শরৎচন্দ্রের মত খারা
হথাগ ই শ্রেষ্ঠ ও জ্ঞানী, তাঁরা বছ হন বিনা চেপ্তায় হাওয়ার মত অগোচরে
বিশ্বনাচ্যবের প্রাণবস্তুতে পরিণত হয়ে। জোর ক'রে প্রেমিক বা সাহিত্যিক
হওয়া বয়ে না। পরের প্রাণে আশ্রয় খুঁজলে নিজের প্রাণকে আগে নিবেদন
করা চাই। তুনি অভিজাত সাহিত্যিক, তুমি হ'ছছ সোনার পাথর-বাটির
কপান্তর! যশের কাঙাল হয়ে সাগ্রহে লেখা ছাপাবে, অথ্চ জনতাকে ঘুণা
করবে! অসম্ভব।

যম্না-আপিসে শরৎচন্দ্র ও তাঁর ভেল্ কুকুরকে নিয়ে আমাদের বহু সুথের দিন কেটে গিয়েছিল। ঐ ভেল্ কুকুরকে অনাদর করলে কেউ শরৎচন্দ্রের অাদর পেত না,—কারণ শরৎচন্দ্রের চোথে ভেল্ মাল্লমের চেয়ে নিয়শ্রেণীর জীব ছিল না, বরং অনেক মাল্লমের চেয়ে ভেল্কে তিনি বড় ব'লেই মনেকরতেন। আর ভেল্ও বোধ হয় সেটা জানত। সে কতবার যে আমাকেকামডে রক্তাক্ত ক'রে দিয়ে আদর জানিয়েছে, তার আর সংখ্যা হয় না। এবং তার এই সাংঘাতিক আদর থেকে শরৎচন্দ্রও নিস্তার পেতেন না। আমাদের স্থবীরচন্দ্র সরকারের ছিল ভীষণ কুকুরাতক্ষ, ভেল্ বদি ঘরে চুকল স্থবীর অসনি এক লাফে উঠে বসল টেবিলের উপরে! ভেলুকে না বাঁধলে কারর সাধ্য ছিল না স্থবীরকে টেবিলের উপর থেকে নামায় এবং শরৎতক্ষেরও বিশেষ আপত্তি ছিল ভেলুকে বাঁধতে—আহা, অবোলা জীব, ওর যে তৃংথ হবে! হোটেল থেকে ভেলুর জন্তে আসত বড় বড় বড় বর কে, কাউজ

কাটলেট ! ভেলুর অকাল-মৃত্যুর কারণ বোধ হয় কুকুরের পক্ষে এই অস্থনীর আহার ! এবং ভেলুর মৃত্যুর পর শরৎচন্দ্রের যে শোকাকুল অক্ষরতে নৃষ্ঠি দেখেছিলুম, এ-জাবনে তা আর ভূলব ব'লে মনে হয় না।

यम्न = आंशिरम अंदर्शक अरनकिन (तना घटो। चिनएवेद समस्य ८१म হাজিরা দিতেন, তারপর বাদায় ফিরতেন দান্ধ্য আসর ভেঙে যাবারও অনেক পরে। কোন-কোনদিন রাত্রি চটো-তিনটেও বেজে যেত। সে-সময়ে ঠার সঙ্গে আমরা তিন-চারজন মাত্র লোক থাকতুম। বাইরের লোক চ'লে গেলে শরংচন্দ্র স্থুক করতেন নিজের জীবনের অভিজ্ঞতা থেকে নানা কাহিনী। বেশী লোকের সভায় আলোচনা (conversazione) ও তর্ক-বিতর্কের সময়ে শরৎচক্র বেশ গুছিয়ে নিজের মতামত বলতে পারতেন না বটে, কিন্তু গল্প ওজব করবার শক্তি ছিল তাঁর অদ্তুত ও বিচিত্র,— শ্রোতাদের তাঁর স্বমূথে ২'সে থাকতে হ'ত মন্ত্রমধ্বের মত। একদিন এমন কৌশলে একটি ভতের গল ব'লেছিলেন যে, আমানের মধ্যে কেউ কেউ রাত্রে একলা বাড়ী ফিরতে হয় পেরেছিলেন। সেই গল্পটি পরে আমি আমার "যকের ধন" উপকাসে নিজের ভাষায় প্রকাশ করেছিলুম বটে, কিন্তু তাঁর মুখের ভাষার অভাবে তার অর্দ্ধেক সৌন্দর্য্য নষ্ট হয়ে গেছে। প্রতি রাত্রেই আসর ভাঙবার পরে শরৎচলের সঙ্গে বাড়ী ফিরতুম আমি, কারণ তিনি তথন বাসা নিয়েছিলেন আমার বাড়ীর অনতিদরেই। সেই সময়ে পথ চলতে চলতে শরৎচক্র নিচেব হৃদয় একেবারে উন্মুক্ত ক'রে দিতেন এবং তাঁর জীবনের কোন গুপ্তকথাই বলতে বোধ হয় বাকি রাখেন নি। এই ভাবে খাঁটি শরৎচন্দ্রকে চেনবাৰ স্থবোগ খুব কম সাহিত্যিকই পেয়েছেন এবং আরো বছর-কয়েক পরে ঠার সঙ্গে আলাপ হ'লে আমার ভাগ্যেও হয়তো এ সুযোগলাভ ঘটত না। এও ব'লে রাথি, শরংচন্দ্রের সম্পূর্ণ পরিচয় পেয়ে তাঁর প্রতি আমার শ্রদ্ধা অ'রো বেডে উঠেছিল,—Too much familiarity brings contempt, এ প্রবাদ সুব সময়ে সূত্য হয় না।

একদিন সকাল-বেলায় মা এসে বললেন, "ধরে, তোর পদ্রবার হরে কে এক ভদ্রলোক এসে গান গাইছেন—কী মিষ্টি গলা!" কৌত্তলী হ'য়ে নীচে নেমে গিয়ে সবিস্থায়ে দেখি, শরৎচন্দ্র কথন্ এসে আমার পদ্রবার যরে চুকে গালিচার উপরে ঠেলান্ দিয়ে শুয়ে নিজের মনে গান ধরেছেন এবং সে গান শুনতে সত্যই চমৎকার! আমাকে দেখেই তিনি মৌন হ'লেন, কিছুতেই আর গাইতে চাইলেন না! তারপর আরো কয়েকবার আমার নীচের ঘরে তার গানের সাভা পেয়ে তাড়াতাড়ি নেমে গিয়েছি, আছালে পেকেও শুনেছি, কিন্তু যেই আমাকে দেখা অমনি তাঁর ভীকু কণ্ঠ হ'য়েছে বোবা! অথচ তাঁর সক্ষোচের কোনই কারণ ছিল না, তাঁর গানে ওল্ডাদি না থাকলেও মাধুর্য্য ছিল যথেষ্ট এবং সঙ্গীত-সাধনা করলে তিনি নাম করতেও পারতেন রীতিমত।

শরংচন্দ্র যথন শিবপুরে (এথানকার কথা "পরিশিষ্ট থাঁরে দুইবা)
বাস করতেন, তথন প্রতিদিন আর তাঁর দেখা পেতুম না বটে, কিস্কু
আমাদের অন্তান্ত আসরে তাঁর আবির্ভাব হ'ত প্রায়ই। কিন্তু তাঁর
সম্বন্ধে সমস্ত গল্প বলতে গেলে এথানে কিছুতেই ধরবে না,
ভীতএব সে চেষ্টা আর করলুম না। তিনি পাণিত্রাসে যাবার পর থেকে তাঁর
স্কু আমার দেখা হ'ত ন-মাসে ছ-মাসে, কিন্তু যথনই দেখা হ'ত বৃক্তে
পারতুম যে, আমার কাছে তিনি সেই ছত্রিশ-সাঁইত্রিশ বছর বরসের যুবক ও
পুরাতন শরংচন্দ্রই আছেন! অতঃপর তাঁর সম্বন্ধে ছ-চারটে গল্প ব'লে
এবারের কথা শেষ করব।

এক দিন আমাদের এক আস্রে ব'সে শরংচন্দ্র গড়গডায় তামাক টানছেন, এমন সময়ে অধুনালুপ্ত "বিদ্বক" পত্রিকার সম্পাদক হাস্তরসিক শ্রীকৃত্র শরৎচন্দ্র পণ্ডিতের আবির্ভাব। "বিদ্বক"-সম্পাদক এই শরৎচন্দ্রকে কথার হারাতে কারুকে দেখি নি এবং খোঁচা খেলে তিনি নিক্তর থাকুবার ছেলেও ছিলেন না। "বিদ্বক"-সম্পাদককে অপ্রস্তুত করবার কৌতুকের লোভে শরৎচন্দ্র বললেন, "এস বিদ্বক শরৎচন্দ্র!" শরৎ পণ্ডিত সঙ্গে হাসিম্থে জবাব দিলেন, "কি বলছ ভাই 'চরিত্রহীন' শরৎচন্দ্র!" এই কৌতুকময় ঘাত-প্রতিঘাতে নিরুত্তর হ'তে হ'ল "চরিত্রহীন" প্রণেতাকেই!

একদিন বিডন দ্বীটের মোড়ে এক মণিহারীর দোকানে শরৎচন্দ্রের সঙ্গে কি কিনৃতে গিয়েছি। হঠাৎ তিনি বললেন, "হেমেন্দ্র, তুমি কিছু খাও!" আমি বলল্ম, "এই মণিহারীর দোকানে আপনি জাবার আমার জঙ্গে কি থাবার আবিষ্কার করলেন?"—"কেন, অনেক ভালো ভালো লঙ্গুদ্ রয়েছে তো!"—"বলেন কি দাদা, আপনার চেয়ে বয়সে আমি অনেক ছোট বটে, কিন্তু আমাকে লজ্গুদ্-লোভী শিশু ব'লে ভ্রম করছেন কেন?" শরৎচন্দ্র মাথা নেড়ে বললেন, "না হে না, তুমি বড বেশী সিগারেট থাও! ও বদ-অভ্যাস ছাড়ো। হয় তামাক ধর, নয় লঙ্গুদ্ থাও!" ত্থের বিষয়, অভাবধি শরৎচন্দ্রের এ আদেশ পালন করতে ইচ্ছা হয় নি।

শরংচন্দ্র ভেলুকে কি-রকম ভালোবাসতেন তারও একটা গল্প বি<sup>টি</sup>। একদিন কোন ভক্ত এক চাঙাড়ি প্রথম শ্রেণীর সন্দেশ নিয়ে গিঠাই উাকে উপহার দিলেন। ভদ্রলোক শরৎচন্দ্রের সামনে সন্দেশগুলি রাখলেন, ভেলু ছিত্র তথন তাঁর পাশে ব'সে। সন্দেশ দেখে ভেলু রীতিমত উংসাহিত হরে উঠল। এবং শরৎচন্দ্রও ভদ্রলোকের সঙ্গে গল্প করতে করতে ভেলুর উৎসাহিত মুধে এক-একটি সন্দেশ তুলে দিছে লাগলেন।
থানিকক্ষণ পরে দেখা গেল, চাঙাড়ি একেবারে থালি! যে ভদ্রলোক
এত সাধে ভেট নিয়ে গিয়েছিলেন, সন্দেশের এই অপুর্ব পরিণাম দেখে
ভার মনের অবস্থা কি-রকম হ'ল, সে-কথা আমরা ভানিন।

এক দিন শরৎচন্দ্র এসে বিরক্তম্থে বললেন, "নাং, শিবপুরের বাস ওঠাতে হ'ল দেখিচি!"—"কেন শরংদা, কি হ'ল ?"—"আরে ভাই, বল কেন, ভেলুর জন্মে আমার নামে আদালতে নালিস হয়েচে, পাডার লোকগুলো পাজীর পা-ঝাড়া!"—"সেকি, ভেলু কি করেছে ?"—"কিছুই করে নি ভাই, কিছুই করে নি! একটা গয়লা যাচ্ছিল পাড়া দিয়ে, তাকে দেখে ভেলুর পছন্দ হয় নি! তাই সে ছুটে গিয়ে তার পায়ের ডিম থেকে স্বধু ইঞ্চি-চারেক মাংস খ্বলে তৃলে নিয়েছে!"—"আাঃ, বলেন কি, ইঞ্চি-চারেক মাংস ?"— "হাা, মোটে এক থাবল মাংস আর কি! এই সামান্ত অপরাধেই আমার ওপরে তকুম হয়েচে, ভেলুর মৃথে 'মাজ্ল্' পরিয়ে রাথতে হবে! ভেলুর কি যে কট্ট হবে, ভেবে দেখ দেখি!"

সারমেয়-অবতার ভেলুর এই গল্পটিও শরৎচন্দ্রের নিজের মুথে শুনেছি।
শরৎচন্দ্র যথন শিবপুরের বাড়ীতে, সেই সময়ে এক সকালে টেল্লো বাবু এলেন
টেল্লোর টাকা আদায় করতে। বাইরের ঘরে টেল্লো-বাবু তাঁর তল্পীতল্পা
িয়ে বসলেন। ভেলু এক কোণে আরাম ক'রে শুরে আছে,— যদিও তার
ভাসম্বন্ধ দৃষ্টি রয়েছে টেল্লোবাবুর দিকেই। শরৎচন্দ্র টেল্লোর টাকা দিয়ে
ব.ডীর ভিতরে চ'লে গেলেন। টেল্লো-বাবুর কাজ শেষ হ'ল—ভিনিও
নিজের টাকার তল্পার দিকে হাত বাড়ালেন এবং সঙ্গে সঙ্গে ভেলু ভীবণ
গর্জন ক'রে তাঁর দিকে মুর্নাপিয়ে পড়ল, কারণ ভেলুর একটা স্বভাব ছিল
এই, তার মনিবের বাড়ীট্টে বাহির থেকে কেউ কোন জিনিষ এনে রাখলে

সে কোন আপত্তি করত না, কিন্তু বাড়ীর জিনিষে হাত দিলেই তার 'কুকুরম্ব' জেগে উঠত বিষম বিক্রমে! স্থতরাং টেক্সোবাবুর অবস্থা যা হ'ল তা আর বলবার নয়! তিনি মহা-আতক্ষে পিছিয়ে প'ড়ে দেওয়ালে পিঠ দিরে দাড়ালেন। একেবারে চিত্রাপিতের মত,—কারণ একটু নড়লেই ভেলু করে গো-গো! ছই-তিন ঘন্টা পরে স্থান-আহারাদি সেরে শরৎচক্র স্থাবার যথন সেখানে এলেন, টেক্সো-বাবু তথনো দেওয়ালের ছবির মত দাঁডিয়ে আছেন! বলা বাছল্যা, শরৎচক্রের পুনরাবিভাবে টেক্যো-বাবুর মৃক্তিলাতের সৌভাগ্য হ'ল!

মনোমোহন থিয়েটারে চলচ্চিত্রে শরংচন্দ্রের প্রথম বই "আঁধারে আলো" দেখানো হচ্ছে। শরংচন্দ্রের সঙ্গে আমিও গিগ্রেছি। একথানা ঢালা বিছানা পাতা 'বিল্লে' শরংচন্দ্র ও শিশিরকুমার ভাতৃড়ীর সঙ্গে আমিও আশ্রম্ব পেরুম। ছবি দেখানো শেষ হ'লে দেখা গেল, শরংচন্দ্রের একপাটি তালতলার চটি অল্ম্ম হয়েছে! অনেক থোঁজাখুঁ জির পরেও চটির পাটি পাওয়া গেল না। তথন শরংচন্দ্র হতাশ হয়ে চটির অন্ম পাটি বগলদারা ক'রে উঠে দাঁড়িলেন। আমি বললুম, "আর একপাটি চটি নিয়ে কি করবেন, ওটাও এখানে রেথে যান।" শরংচন্দ্র বললেন, "কেপেচ ? চোর বেটা এইখানেই কোধার লুকিয়ে ব'সে সব দেখচে! আমি এ-পাটি রেখে গেলেই সে এসে তুলে নেবে। তার সে সাধে আমি বাদ সাধব,—শিবপুরে যাবার পথে হাওড়ার পুল থেকে চটির এই পাটি গঙ্গাজলে বিসর্জন দেব!" তিনি থালি পায়েই গাড়ীতে গিয়ে উঠলেন। পরদিনই 'বল্লে'র তলা থেকে তালতলার হাবানো চটির পাটি আবিষ্কৃত হ'ল। কিন্তু শরংচন্দ্রের হন্তগত অন্ত পাটি তথন গঙ্গালাভ করেছে এবং সম্ভবত এখনে। স্বিল্ল-স্মাধির মধ্যেই নিজেই অন্তির বজার রেথেছে।

রবীন্দ্রনাথের জোড়াসাঁকোর বাঁডীতে তথন আর্ট ও সাহিত্যের।
আদর "বিচিত্রা"র অধিবেশন হচ্ছে প্রতি সপ্তাহেই এবং প্রতি অধিবেশনের
পাই থবর পাওয়া বাচ্ছে, অমৃক অমৃক লোকের জুতা চুরি গিয়েছে।
আমরা সকলেই চিন্তিত, কারণ "বিচিত্রা"র ঢালা আসরে জুতা খুলে
বস হ হ'ত। কবি সত্যেন্দ্রনাথ ছেড়া, পুরাণো জুতার আশ্রেম নিলেন,
বেউ কেউ জুতা না খুলে ও হলে না চুকে পাশের বারান্দার পায়চারি
অবস্তু করলেন এবং আমরা অনেকেই জুতার দিকেই নন রেথে গানব'লনা ও আলাপ আলোচনা শুনতে লাগলুম। শরংচন্দ্র এই তুঃসংবাদ
শুনই থবরের কাগজে নিজের জুতোজোড়া মৃচ্ছে বগলে নিমে রবীন্দ্রনাথর সামনে গিয়ে বসলেন—সেদিন আসরে লোক আরু ধরে না !
ই'তমধ্যে কে গিয়ে চুপিচুপি বিশ্বকবির কাছে শরৎচন্দ্রের শুপুকথা ফাস্ ক'রে
লিরছে! রবীন্দ্রনাথ মৃথ টিপে হেসে স্বধোলেন, "নরৎ, তোমার কোলে ওটা
ক' দ' শরৎচন্দ্র মাথা চুল্কোতে চুল্কোতে বললেন, "আছে, বই!"
রফ্রেনাথ সকৌতুকে জিজ্ঞাসা করলেন, "কি বই শরৎ, পাছ্কা-পুরাণ দ"

বছর-আডাই আগেকার কথা। প্রায় বৎসরাবধি শরৎচন্দ্রের সঙ্গে দেখাসংলাং নেই। তথন আমি আমার নতুন বাড়ীতে এসেছিন শরৎচন্দ্র এ-বাড়ীর

কিলা প্র্যান্ত জানেন না। একদিন ছপুবে তিনতালার বারান্দার কোণে
'সে রচনাকার্য্যে ব্যক্ত আছি, এমন সময়ে একতালায় পরিচিত কঠে আমার
াম ব'রে ডাক শুনল্ম। আমার চই মেয়ে গিরে আগন্তকের নাম জিজ্ঞাসা
বাতে উত্তর এল, "ওগো বাছারা, তোমরা আমাকে চেননা, তোমরা বখন
করা ও নি তখন আফি তোমাদের পুরাণো বাডীতে আসতুন, তোমাদের বাবা
মানাকে দেখলে হয়তে, চনতে পারবেন।" এ যে শরৎচন্দ্রের কঠন্বর—আজ
কুডি-বাইশ বছর পরে শরৎচন্দ্র অযাচিত ভাবে আবার আমার বাডীতে!

বিষাস হ'ল না,—তিনি আমার এ-বাড়ী চিন্বেন কেমন ক'রে? ছিন্তু ভাজাতাড়ি উঠে গিয়ে মৃথ বাড়িয়েট দেখল্ম, সিঁড়ি দিয়ে উপরে উঠক্তন সভাসতাই শরৎচক্স—তাঁর পিছনে কবি-বন্ধু গিরিজাকুমার বস্থ! সবিশয়ে বললুম, "শরৎদা, এতকাল পরে আমার বাড়ীতে আবার আপনি।" শরৎচক্স সহাস্তো বললেন, "হাা হেমেক্স! গিরিজার সঙ্গে যাঞ্জিদুম বরানগরে রবীক্রনাথের সঙ্গে দেখা করতে। কিন্তু হঠাৎ তোমার কথা মান পড়ল, তাই তোমার কাছেই এসে হাজির হয়েছি!"—আমি কানে তাঁকে তিনতালার ঘরের ভিতরে নিয়ে গিয়ে বসিয়ে বলল্ম, "এ যে সাল পর্যা সৌলাগ্য দাদা, এ যে বিনা মেঘে জল! কোথায় রবীক্রনাথ, আর কোথায় আমি! এ যে হাসির কথা!" তারপর অবিকল সেই পুরাতন কালের আবিখ্যাত শরৎচক্রের মতই নানা আলাপ-আলোচনায় কয়েক ঘণ্টা কাটিয়ে

তিনি আবার বিদায়গ্রহণ করলেন।

শরৎচন্দ্র শেষ যেদিন' আমার বাড়ীতে এসেছিলেন, আমার তুই মের শেকালিকা ও মুকুলিকার কাছে ব'লে গিরেছিলেন, "শোনো বাছা, এ-সব দিগারেট ফিগারেট আমার সহু হয় না। আমার জন্মে যদি গড়গড়া আনিয়ে রাথতে পারো, তাহ'লে আবার তোমাদের বাড়ীতে আমি আসব !" তার কিছুদিন পরে রঙ্গালয়ে "চরিত্রহীনে"র প্রথম অভিনয়-রাত্রে আমার মেরের। তাঁর কাছে গিয়ে অভিযোগ জানিয়েছিল, "কৈ, আপনি তো আর এলেন না!" শরৎচন্দ্র বললেন, "আমার জন্মে গড়গড়া আছে ?"—"হাা!" শুনে তিনি সহাস্থে অঙ্গীকার করলেন, "আছে৷, এইবারে তবে যাব!" কিন্তু এখন আর তাঁর সে-অঙ্গীকারের মূল্য নেই। তবু শোকাতুর মনে ভাবছি, তাঁর গড়গড়া তাঁর জন্মে অপেকা করছে, কিন্তু শরৎচন্দ্র তো আর এলেন না? হায়, স্বর্গ থেকে মন্ত্র্য কতদ্বর?

শ্রীত হৈমক্রক্সার রায়



# वहेबात भर्त्यसम्ब मुद्धा हर

र्णक नामिर इस्य

### পরিশিষ্ঠ--খ

### শিবপুরে শরৎ-সাহচর্যে।

এক যুগেরও ওপর শিবপুরে শরৎদার সক্ষে বাস কবেছি — প্রায় তাঁর পাশের বাডীতে।

দব চেয়ে তাঁর যে বিশেষভাট আমার মনে মৃদ্রিত হ'য়ে আছে. সেটি শ'চ্ছে রবীন্দ্রনাথের প্রতি তাঁর অসীম শ্রনা, রবীন্দ্রনাথের কাব্যের প্রতি তাঁর থাকর্ষণ। দিনের পর দিন কেবল রবীন্দ্রনাথের কবিত। আমরা প'ডেছি-ানদিন তিনি প'ডতেন আমি শুন্তুম, কোনোদিন বা আমি প'ডতুম তিনি শুন্তেন। বেশীর ভাগ, আমিই প'ড্তুম। তাঁর ওধানে রোটে নানা রকমের লোক যেত। তিনি আমাকে দোরে খিল দিয়ে এনৈ প'ড়ভে ব'ল্তেন তাই। লোক হাড়াবার উপায়ও ছিল ঐ কাব্যপাঠ। **লোকজন** সাস্ছে দূর থেকে দেখলেই, আমাকে ব'লতেন, "শীগগির রবিবাবুর ক্বিডা পড়ো।" ব'লেই তিনি শুয়ে প'ডে, তন্ময় হ'য়ে পাঠ শুনতেন। দর্শক এসে তাঁর তন্মর ভাব, আর অন্ত সব-কিছুর প্রতি তাঁর উদাসীত দেখে, ছ-একটা কথা ব'লেই চ'লে যেত। কোনো কোনো শিক্ষাভিমানী লোক. অধিকাংশই ছাত্র তাদের মধ্যে, শরৎদাকে যথন ব'লতো যে রবীন্দ্রনাথের লেখার চেম্নে জাঁত্র লেখা প্রাণে লাগে আরো গভীরতর ভাবে, তাঁর লেখা দার। বেশ ব্**মতে পারে** —রবীম্রনাথের লেখা তর্কোধ্য, তথন তিনি হাসতেন। এই রকম একজন মর্মাচীনকে আমার উপস্থিতিতেই তিনি ব'লেছিলেন—"কারণ রবীজ্ঞনাথ লেখেন আমাদের জন্তে, আর আমি লিখি তোমাদের জন্তে; অতএব তোমরা আমার লেখা প'ড়তে থাকো, আমরা রণীক্রনাথের লেখা পড়তে থাকি।" কতদিন আমাকে বলেছেন, "রবীন্দ্রনাথকে থাটো ক'রে, আমাকে খুসী ক'বৃতে চাম্ব যাঝা, তাদের আক্ষেল দেওয়া যায় কি ক'রে বলতো ?"

শিবপুর থেকে শ্রীযুক্ত প্রমথ চৌধুরীর বাড়ীতে আর রবীন্দ্রনাথ ক'ল্কতায় পাকৃণে তাঁর ওথানে, আমরা তুজনে প্রায়ই যেতুম। প্রন্থবাবুর কাছে গিয়ে পতিই অ'নন্দ পেতুম –পণ্ডিত লোক, তাঁর সাহিত্য-বিতর্ক ছিল বিচিত্র ও জ্ঞানগর্ভ। রবীন্দনাথের ওথানে গিয়ে সাধারণভাবে কথা হোতো—সেথানে গিয়ে সাহিত্য-আলোচনা করবার স্পদ্ধা আমাদের ছিলনা। একবার শরৎদা ববীক্রনাথের কাচ থেকে বেশ একটু স্নেহ-তিরস্কার লাভ ক'রেছিলেন। দক্ষ্যের সময় জোডাস<sup>\*</sup>াকোয় গিয়ে 'বিচিত্রা'র নীচের কলার বডো ঘরটায় আমরা বদবার কিছুক্ষণ পবেই রবীক্তনাথ নেবে এলেন। ছ-একটা কথার পব তিনি ব'ললেন "শরণ, তোমার একখানা বই প'ডলুম – পণ্ডিতমশাই" এবং বইটি যে তাঁব ভালো লেগেছিল মোটের ওপর তাও বল্লেন। শরৎদা বিনয় ক'রে ব'ললেন "আপুনি আবার ও-সব বই পড়েন কেন? ও কিছুই হয় নি। তা ছাড়া অংশনার নিয়েই ত সব। বরীক্রনাথ ব'ললেন "তোমাদের এ অষথা বিনয় কেন, বল'লো। আত্মবিশ্বাস না থাকলে মাতুষ বড়ো হয়না, বলো, এতদিন লিথছি ভালো না হওয়াটাই আশ্চর্য্য তা নয়, আমি ব'ললুম ভালো লেগেছে তবু তুমি ব'ললে ও কিছুই হয়নি।" তার পর তাঁর এক অহজ-প্রতিম স্নেহাম্পদ বন্ধুর কথা উল্লেখ ক'রে বললেন "ওর ও ঐ-রকম বলা অভাস ওকে বলি তোমার কবিতা আমার ভালো লাগে, ও বলে আপনি ও-সব পড়বেন না, আপনার পড়বার ষোগা নয়।"

শরৎদ। সেই বন্ধুকে ব'লেছিলেন "কেমন, রবীন্দ্রনাথের কাছ থেকে বকুদি থেয়েছ ত ?" সে ব'ল্লে "আপনি বড়ো সাহিত্যিক তাই ও জিনিস্টার আপনিই থুব বড়ো অংশ পেয়েছেন।"

অন্থ বিশেষত তাঁর যা লক্ষ্য ক'রেছি, তা হোলো তাঁর দরদী হৃদয়।
পরিচিত হোক্, অপরিচিত হোক্, শুন্লেন কারুর অস্থ্রহুতার কথা, শরৎদা
চল্লেন দেখতে। তার দারিদ্রের জন্মে সে হ'চ্ছেনা স্থ-চিকিৎসিত, পাচ্ছেনা
উপযুক্ত পথ্য তার ব্যবস্থা কর্বার জন্মে শরৎদা হ'য়ে উঠলেন ব্যাকুল। তাঁর

অন্তরের এই ভালোবাস। কত ছঃস্থকে শান্ধি দিয়েছে, তা বল্বার নয়। তাঁর সমন্ত লেখাতেই তাঁর এই দরদ ফুটে উঠেছে। দরদের গুণেই তাঁর প্রতি নরনারী আক্তাই হোতো—তাঁর কাছে গেলে কেউ শীগগির চ'লে আসতে পারতোনা, এমন চমৎকার কথাবার্ত্তা করতে পারতেন তিনি।

এত বড়ো যিনি কথা-সাহিত্যিক ছিলেন, লেখার বিষয়ে তিনি কি-রকম অলস ছিলেন তা যে না দেখেছে, সে বৃত্তে পার্বেনা। জলগরদা 'ভারতবর্ষে' চ'ল্তি তাঁর উপন্তাসের পরবর্তী অংশের পাঞ্লিপি আন্তে যেতেন শিবপুরে। অনেক উপরোধ অন্তরোধ ক'রে, লেখা না দিলে তিনি জলগ্রহণ ক'ব্বেন্ না ব'লে, অনেক ভাগাদা দিয়ে যথকিঞ্চিং পেতেন অনেকক্ষণেব পর। এর কারপ হ'ছে দকল প্রতিভাশীল ব্যক্তির মতোই বাঁধাধরার গণ্ডীর মধ্যে থেকে কাজ ক'ব্তে তিনি ছিলেন নারাজ। গ্রাসাচ্ছাদনের জন্তে লিখতে তাঁকে হোতোইন কিন্তু নিজের ঝোঁকে খুদী-মতো লেখা আর বিশেষ দিনে বিশেষ ভারগার লেখা দিতেই হবে—এ তরের পাথক্য অনেক।

হোমিথপ্যাথিক ও বারোকেমিক-চিকিৎসায় তিনি পারদশী ছিলেন – সে সব সম্বন্ধে অনেক বইও তিনি প'ড়তেন। "পারদশী ছিলেন" ব'ল্ল্ম এই জন্তে, অনেক জটিল রোগ তাঁকে তালো ক'র্তে দেখেছি — এগলোপাথিক ডাক্তারের হাল-ছেডে দেওয়া রোগীকেও। প্রদা নিয়ে চিকিৎসা-করা আর ভালোবেদে চিকিৎসা করা এক নয় নিশ্চয়য়য় ভালোবেদে চিকিৎসা করা এক নয় নিশ্চয়য়য় ভালের জানের সম্বন্ধে করিতার বই উপহার দিয়ে, তাঁর কাছ থেকে মতামত চায়ার করি বেই লেওয়ার সময় আমি শরৎদার বাড়ীতে উপস্থিত ছিল্ম না, মতামত চায়তে আসার দিন মথাসময়ে হাতির ছিল্ম। শরৎদা তাকে ব'ল্লেন "কবিতার বই সময়ে আমার মতামত চাও কি রকম ? মতামত নিও এঁদের কাছ থেকে" ব'লে চারজন কবিব নামার্শী উল্লেখ করেছিলেন। কোন পক্ষপাতিত্যের জল্পে এই নাম ক-টি তিনি করেন নি, হঠাৎ স্কেজি মুখে এলো সেজালেই বলেছিলেন। কবিতা সম্বন্ধ ভার

্মতামত দেওয়া উচিত নয় তিনি বড়ো ছিলেন ব'লেই একথা বল্তে পেরেছিলেন।

তথন তিনি চা থেতেন খুব—অন্থ থাওয়া-দাওয়া তাঁর বরাবরই কম ছিল, থাওয়া-দাওয়ার অনিয়মও ছিল তাঁর থব। ইদানীং তিনি চা থেতেন না বলুলেই হয়। অনেক রান্তির পর্যান্ত তিনি জেগে থাক্তেন, ভোরবেলা পর্যান্ত এক একদিন। কারণ তবেলা নাওয়া-থাওয়ার সময় ছাডা আমি অষ্ট-প্রহরই তো তাঁর কাছে থাক্তৃম, সব জানি। রান্তিরে আমি থেয়ে দেয়ে তাঁর ওথানে যেতুম এগারটা নাগাদ। তার পর আরম্ভ হোতেঃ রবীন্দ্রনাথের কাব্যাপাঠ, রাত তিনটে চারটে পর্যান্ত পড়া চ'ল্তো। অনেকদিন দেথেছি তিনি রবীন্দ্রনাথেব কবিতা প'ড়তে প'ড তে, থোলা বই বুকে রেথেই যুমিয়ে প'ডেছেন।

স্কালে উঠেই তাঁর কাজ ছিল ভেলিকে নিয়ে থানিকটা ঘুরে আসা-বেরোবার পথে আমাকে ডেকে নিতেন, ফিরে গিয়ে তাঁর বাড়ীতেই তিনি চা থাওয়াতেন। তিনি সকলের কি-রকম প্রিয় ও শ্রনার আধার ছিলেন, তা তাঁর সঙ্গে পথে বেরোলেই ব্যতে পারা যেত। ভারি মজার কথা ব'ল্ভে পারতেন তিনি—আর তা বেশ গন্তীর ভাবেই ব'ল্ভেন। একদিন সন্ধ্যাবেলা শরৎদা বাডীতে ছিলেন না, বৌদির সঙ্গে কথা কইছি, হঠাৎ ফিরে এসে একজনদের নাম ক'রে শরৎদা ব'ল্লেন "ওদের বাড়ীতে যে বড়ো বিপদ!" আম্মানিশ্রিত হ'যে কি বিপন জিজ্জেস ক'রতে শরৎদা ব'ল্লেন "ওদের মেয়ের বর এসেছে কিন্তু সে এত মোটা যে দরজা দিয়ে চুকছে না, পোট-কমিশনারদের অফিস থেকে 'ক্রেন্' আনতে লোক গেছে।" আমরা ভ

হাওড়া টাউন্হলে অনুষ্ঠিত শিবপুর ইন্স্টিটিউটের বার্ষিক উৎসবোপলক্ষ্যে আমর। রবীন্দ্রনাথকে নেতৃত্ব কর্বার জন্সে নিয়ে যাই। সকলে ব'লেছিলেন রবীন্দ্রনাথ কক্ষনো যাবেন না। কিন্তু—যাক্ সে কথা,

রবীন্দ্রনাথ গেছলেন এবং নেতৃত্ব- ও ক'রেছিলেন। সহস্রাধিক লোক পরিবেষ্টিত সেই সভায়ও শরৎদা রবীন্দ্রনাথের দারা স্নেহ-তিরস্কৃত হয়েছিলেন। শবৎদা যে প্রবন্ধ সভায় প'ডেছিলেন তার এক জায়গায় ছিল "আমি প্রাচীন হইয়াছি"। রবীন্দ্রনাথ বলেন "শরৎ এখানে জলধরবাব্ উপস্থিত আছেন, আমি আছি, তুমি কিনা বলো যে তুমি প্রাচীন হ'য়েছ।"

শরৎদার এই কথা বলা একটা অভ্যাসের মধ্যে ছিল বরাবরই—এটাও তাঁর স্বভাবসিদ্ধ কোতৃক-প্রবণতার ফল ছাড়া আর কিছু নয়। এই কৌতৃক করবার ঝোঁক থেকে তিনি কোনো সাপ্তাহিক পত্রিকায় "শ্রীমান জ্বলধর" ব'লে জলধরদার উল্লেখ ক'রেছিলেন। জেরায় তিনি বলেছিলেন ওটা তাঁর ব্রাহ্মণত্বের অধিকারে ব'লেছেন।

কবি-বন্ধু হেমেন্দ্রকুমার রায়ের বাড়ীতে শরৎদার সঙ্গে গেছি। উদের জ্জনের খুব সৌহার্দ্য ছিল। বেতার-প্রতিষ্ঠানে শরৎদার শেষ জন্মদিনোৎসবে হেমেন্দ্রকুমার জাঁর সাহিত্যিক দীর্ঘজীবন কামনা ক'রেছিলেন। শরৎদার আর হেমেন্দ্রকুমারের যথন পরস্পারের সঙ্গে পরিচয় হয়, তথন আমার সঙ্গে ওঁদের কারুরই পরিচয় হয় নি।

খ্ব অধ্যয়নশীল ছিলেন শরৎদা—বই কিন্তেনও তিনি অনেক। হার্কাট স্পেলারের গ্রন্থরাজী তাঁর খ্ব প্রিয় ছিল। বিজ্ঞানের প্রতি তাঁর প্রগাঢ় অহবাগ ছিল আর কাব্যের প্রতি, যদিও নিজে ছিলেন তিনি কথা-শিল্পী-তিলক। রোজ তাঁকে হার্কাট স্পেলারের বই প'ড়তে দিথৈছি শিবপুরে, — এক সময়ে। তাঁর দিদি অনিলা দেবী—হাঁর নাম তিনি প্রথমে নিজের রচনায়- ব্যবহার ক'রেছিলেন— আমাদের খ্ব স্নেহ্ন ক'রতেন, শরৎদার অপার শ্রনা ছিল তাঁর উপর, আমার ছিল ও আছে। শরৎদার লোকান্তরের পর কাদতে কাদতে যথন তিনি আমাকে ব'ল্লেন "গিরিজা, দাদাকে ধ'রে রাখ্তে পার্লেনা ভাই ?" তথন আমিও চোথের জল সাম্লাতে পার্নিন মুধুজ্জে-মশায়কেও শরৎদা থ্ব ভক্তি ক'র্তেন, তিনি হ'লেন দিদির পরলোক

গত স্বামী। তাঁরই জন্বাবধানে এবং ওঁদের প্রতি আকর্গণের ফলেই শরৎদার শাম্ভাবেন্ডের বাড়ী নিশ্বিত হ'য়েছিল।

শরংদার কোনো কোনো রচনার পাণ্ডুলিপি শিবপুর থেকে আমার বারা 'ভারতবর্ধ'-কার্য্যালয়ে প্রেরিত হ'রেছে, এর জন্তে গর্মর অন্তভব ক'রছি। আমাকে তিনি সধার মতো দেখ তেন, প্রায় সব জায়গায় আমাকে তিনি সঙ্গা ক'রে নিয়ে যেতেন, এ গৌরবও আমার মনে চিরদিন সঞ্চিত থাক্বে। প্রীযুক্ত স্থরেন্দ্রনাথ মৈত্র তথন শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজের অধ্যাপক—তাঁর বাড়ীতে শরংদা প্রায়ই যেতেন, আমাকেও নিয়ে যেতেন। সন্ত্রীক কাঁর সঞ্চে সাহিত্য, স্ত্রীশিক্ষা এই সব নিয়ে আলোচনা হ'য়েছে, স্তরেনবাব ববীন্দ্রনাথের গান গেয়ে আমাদের একদিন আনন্দ দিয়েছেন। তাঁর অন্তরোধে শরংদা কলেজের ছাত্রোৎসবে নেতৃত্ব ক'রেছেন, আমাকেও বক্তৃতা করিয়েছেন।

চিঠিপত্র লেখা তাঁর অভ্যাস ছিল ন!—তাঁর কাছ থেকে পত্রোভর না পেরে বহু লোক ক্ষুণ্ণ হ'য়েছেন, তাঁকে অহঙ্কারী ব'লে নির্দেশ ক'য়েছেন। কিন্তু আমাকে একবার যা লিখেছিলেন তা থেকেই তাঁর অন্তরটা বোনা যাবে:—"অবশু এ অভিমান ক'বৃতে পারে, যে আপ্নি তাে কই চিঠির ক্ষবাব দেন না। এ যে আমার জীবনের কত বড অপরাধ ও লজ্জা সে আমিই জানি। কিন্তু এ মন্দ স্বভাব যাবার দিনে বদ্লেই বা কি হবে? যা অক্সায় হবার সে তে৷ হ'য়েই গেছে"।

মাত্র্যকে তিনি কতো ভালোবাস্তেন – যাদের দুর্গতি হ'য়েছে তাদের
মহৎ কর্বার মতো কা দরদী প্রাণ ছিল তাঁব। নিজের শক্তিতে, নিজের
শুলে, নিজের অধ্যবসায়ে তিনি বডো হ'য়েছিলন। সাহায়া তিনি কারুর
কাছ থেকে পান নি, বরং বাধাই পেয়েছেন। কিন্তু বাণীর স্বেহাশিসে
সন্ধীবিত তাঁর শক্তিময়া লেখনী সব বাধাকে অতিক্রম ক'রে জয়ী হ'য়েছিল।
হেমেদ্রকুমারের কথা অনুসারেই বলি, সাহিত্যিক জীবনের মাঝেই যে তিনি
চ'লে গেলেন, তাঁর পক্ষে ভালোই ধোলো – যদিও আমাদের দিক থিকে তাঁর

### निविष्क - व

মৃত্যু মর্শাস্ক্রদ ছর্ঘটনা। তাঁকে যারা কান্তেন না, চিন্তেন না, ভারা বৃষ্তে পার্বেন না আমাদের ব্যথার তীব্রতা।

শ্রীগিরিজাকুমার বস্ত্র

### क्यनम् वाक्ष्यं वव रोख्या লিমিটেড

माशिकः १३१७

(श्रीनः कार्नि 8650

১, রটিশ ইণ্ডিয়ান প্লীট, কলিকাতা

প্রতিপত্তিশালী ও পুরাতন ব্যাঙ্ক সমূহের মধ্যে অন্যতম।

টাকা আমানত করিয়া দিগুণ অর্থলাভ করুন। এই টাক। কথনও লোকসান যায় न।। আমাদের 'সিলভার জুবিলী সাটিফিকেটে'

লীগ্ৰেণ ককুমার সেন রায়

ম্যানেজিং ডিরে**ক্টর** 

のなっ

ない ひとばに 医院の例

त्राय्या १ ड्रा ४४ त्या १

"ইহার ইঙ্কিভগুলি বিচিত্র রসে পুৰ্ণ"

-রবীজনাথ ২য় সংস্করণ বাহির "পল্লগুলি হুদ্যুকে স্পৰ্শ করে, আন**ন্দিভ** করে, গ্রিয়মান করে, মু**ণ্ধ করে।** বইটি কাব্য-রসিকের পাঠ্য।"—**প্রবাসী** इड्याट्ड

বাংলা ভাষার একমাক্ত ইয়ারবুক—

मूला (मछ डाका

मूना तिष् हेका

2000

পুর্বাপেকা অধিক ভার তথ্যসম্ভা**রে সমুদ্ধ ছট্যা** वाहित हरेबाट्ड। मशिक्य मिनभुक्षी-मुष्रमिन्छ।

याश्ति हहेग्राट्ड—मुना त्म् **हेक्ा** ভক্তর হয়বচন্দ্র মিত্রের ভূমিকা স্থলিত-क्रिश्च क मन्डममीक्षन भारता, त्वात् श्रह्याचि नक्ड ७ मवम् श्रम् इ



১৭, সভিতিয়া প্লেস, বালিগঞ্জ, **কলিকাজা** 



ब्ला श्रीड जिलि-।।

প্রাণাচার্য্য কবিরাজ জীহুশীলকুমার দেন, এম, এম, সি

পাৰ্টত বোজন-গা॰

কল্পতক আয়ুর্কেদ ভবন —পরিচালিড—

২২৩, চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা।



# 45-1-ASM

যদ্রণাদায়ক পায়ের ও পায়ের আঙ্গুলের কড়ার স্থপরীক্ষিত ঔষধ। (CORN-KIL)

रारहार-व्यनानी श्र महक । এক নিশিতেই জারোগ্য হইবে। | ধীরে ধীরে প্রকুতই রোগ জারোগ্য

্যুল্য প্রতি শিশি ১৯ টাকা। স্থা ১০ দেড় টাকা। সমস্ত ঔষধের দোকালে পাওয়া যায়। ভাকে লইলে॥৵৹ ভাক খরচ লাগিবে। MODERN PHARMACEUTICAL LABORATORY, CALCUTTA. Stookist:—BIMER & CO.

114 Ashutosh Mukherjee Road, Calcutta and all branches

चिटला <u>डा</u> (HILORA)

করে। 🔹 বটিকার প্রতি শিশির অম, অমশ্ল, অজীৰ্ ও ডিস্পেপসিয়ার गरोय। ইহা রোগ চাপা ना निश

व्हिश्व

>>.	শ্ৰীতাবানাথ বায			V . V	জীরবি নর্তক	(গ) বিষ্ণুগুপ্ত	(¥)	7
	রাজনীতিক)	১০০ ৪২ ৷ আন্তর্জ্জাতিক পরিস্থিতি (রাজনীতিক)	80 ~	0	জ্ঞামণীক দত্ত			*** (
4	<b>ીય, હિ, દિ,</b>	s) : থেলা-ধূলা	90		( पृषा नाह्य )	(থ) তবু শুশা শুশা নয়৷ (দুশা নাট্য)	<b>&amp;</b>	The second
٠ ٩	রেবতীভূষণ <b>ঘো</b> ষ	৯৭ ৪০। গ্রম দিনের ছড়া-ছবি	00	2	জগরাখ বিখাদ	(क) জা। ক্রিন্তফ		٠.
8		৩৯। সোনার জানারস (উপকাস) জ্রী:হ্মেক্র্যার রায়	و م			<u> </u>	विवि	
→ v.6	) ज्ञीमिनी । प कोंब्री	১৮ ৬৮। বোশেথ-ছপুর (কবিতা) গ্রীদিলীপ দে চৌধুয়ী	6	6	অবিলেশ্বর ভট্টাচাধ্য	নতুন বছর (কবিতা)	न्व वहर	6
3	লেখক	বিষ <b>য়</b>		3	(লাপক		বিষয়	7



### मृष्टिश्ख

(माथक লাময়িক প্ৰসঙ্গ— वियम 28

一個

(श) ब्याग्रष्टे-विश्वरवत्र वीत्रवुम्म (ক) বুটিশ স্বৰ্গগোলক

বাংলার পাকচক্র

কিরোজ থান কি চেজিস থান ?

লড়কে লেঙ্গের নম্না

(চ) ুজ্লাভাই দেশাই (ছ) **জা**নিবাস শাস্ত্ৰী

রিক্সার ভবিয়াৎ **(B)** 

	TO THE	Second Second	ર્ટીક
5	12		55 5
F	00		13/2h
			તું <sup>હ</sup>
			(IX)

>>> ンンヤ

### अ विराय े देखा खीं ज